শুভ অক্ষয় তৃতীয়া
১লা মে থেকে ৮ই মে ২০১৯
শ্যাম সুন্দর কোং জুয়েলার্স
সবার সাদর আমন্ত্রণ

ত্রিপুরার প্রথম দৈনিক
# জাগরণ
THE FIRST DAILY OF TRIPURA
গৌরবের ৬৫ তম বছর
অনলাইন সংস্করণ : www.jagarandaily.com




JAGARAN ■ 30 April 2019 ■ আগরতলা, ৩০ এপ্রিল, ২০১৯ ইং ■ ১৬ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ, মঙ্গলবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




Wholesalers may contact CITIZEN UMBRELLA MANUFACTURER LTD. Head Office : 147, Mahatma Gandhi Road, Kolkata-700 007, Ph. No. +91 033-2268-1396, +91 033-2271-2152, Fax : +91 033-2271-2151, Website : www.citizenumbrella.com, E-mail : citizenkolkata@gmail.com

# পাঁচ নির্বাচন আধিকারীক বরখাস্ত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ এপ্রিল।।** ত্রিপুরা পশ্চিম আসনে নির্বাচনী প্রক্রিয়ায় গড়মিলের প্রমাণ মিলেছে। তাতে তিন প্রিসাইডিং অফিসার এবং দুই মাইক্রো অবজারভারের ওপর নির্বাচন কমিশনের কোপ পড়েছে। তাঁদের বরখাস্ত করার পাশাপাশি এফআইআর দায়ের করার নির্দেশ দিয়েছে কমিশন।

ভোট প্রক্রিয়া নিয়ে ত্রিপুরায় বিরোধীরা পশ্চিম আসনে পুনর্ভোটের দাবি জানিয়েছেন। বিরোধীদের অভিযোগের ভিত্তিতে ভোট প্রক্রিয়ার সমস্ত ভিডিও ফুটেজ খতিয়ে দেখেছে নির্বাচন কমিশন। তাতেই প্রমাণিত হয়েছে, ভোটে রিগিং হয়েছে এবং দায়িত্বপ্রাপ্ত নির্বাচনী আধিকারিকরা ওই অনিয়মে মদত দিয়েছেন। প্রাপ্ত রিপোর্টে দেখা গিয়েছে, বিশালগড়ের মহকুমাশাসক তথা সহকারী রিটার্নিং অফিসার আজ তিন প্রিসাইডিং অফিসার এবং দুই মাইক্রো অবজারভারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য পশ্চিম আসনে রিটার্নিং অফিসারের কাছে সুপারিশ করেছেন। সহকারী রিটার্নিং অফিসারের সুপারিশের ভিত্তিতে প্রিসাইডিং অফিসার প্রমোদচন্দ্র দেব, গৌতম দেবনাথ ও গিরিধারী দাস এবং মাইক্রো অবজারভার অধ্যাপক সংগ্রাম সিনহা ও ভাষণচন্দ্র দাসকে ভোট প্রক্রিয়ায় গরমিলের সাথে যুক্ত থাকার দায়ে বরখাস্ত করেছেন রিটার্নিং অফিসার। সাথে ওই নির্বাচনী আধিকারিকদের বিরুদ্ধে এফআইআর দায়ের করারও নির্দেশ দিয়েছেন তিনি।

জানা গিয়েছে, মাইক্রো অবজারভার পদে নিযুক্ত অধ্যাপক সংগ্রাম সিনহা ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের বোটানি বিভাগে অধ্যাপক হিসেবে কর্মরত রয়েছেন। অপর মাইক্রো অবজারভার ভাষণ চন্দ্র দাস ওএনজিসি আগরতলায় এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার পদে কর্মরত রয়েছেন। এদিকে, প্রিসাইডিং অফিসার পদে নিযুক্ত প্রমোদ চন্দ্র দেব বিশ্রামগঞ্জ দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের স্নাতকোত্তর শিক্ষক, গৌতম দেবনাথ মধুপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের স্নাতকোত্তর শিক্ষক এবং গিরিধারী দাস পূর্ব গকোলনদর স্নাতক শিক্ষক পদে কর্মরত রয়েছেন।

নির্বাচন কমিশনের নিয়ম অনুযায়ী, কোনও বুথে গণ্ডগোল হলে কিংবা বুথ দখলের ঘটনা ঘটলে ওই বুথের প্রিসাইডিং অফিসার সঙ্গে সঙ্গে ইভিএমের কন্টোল ইউনিট বন্ধ করে দিয়ে বিষয়টি রিটার্নিং অফিসারকে জানাতে হয়। ১১ এপ্রিল পশ্চিম আসনে ভোটের দিন দেবীপুর গ্রাম পঞ্চায়েত অফিসে ৩ নম্বর বুথ, ব্রজপুর হাইস্কুলের ১৫ নম্বর বুথ এবং হিম্মতপুর এসবি স্কুলে ৫২ নম্বর বুথে গণ্ডগোল এবং বুথ দখলের মতো ঘটনা ঘটলেও ওই তিনটি বুথের প্রিসাইডিং অফিসাররা কোনও ব্যবস্থা নেননি। বরং তাঁরা বুথ দখলে মদত দিয়েছেন, তা প্রমাণিত হয়েছে। একইভাবে, দেবীপুর গ্রাম পঞ্চায়েত অফিসে স্থাপিত ৩ নম্বর বুথ এবং ব্রজপুর হাইস্কুলে স্থাপিত ১৪ নম্বর বুথে গণ্ডগোল ও বুথ দখলের ঘটনায় ওই দুই বুথের দায়িত্বপ্রাপ্ত মাইক্রো অবজারভাররা জেনারেল অবজারভারকে জানাননি। বরং তাঁরাও বুথ দখলের ঘটনাকে প্রশ্রয় দিয়েছেন, তা প্রমাণিত হয়েছে। তাই ভোট প্রক্রিয়ায় অনিয়ম এবং কর্তব্যে অবহেলার জন্য তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে কমিশন, এমনটাই জানা গিয়েছে।

এ-বিষয়ে ত্রিপুরার মুখ্য নির্বাচন আধিকারিক শ্রীরাম তরণিকান্তির বক্তব্য, নির্বাচনের কাজে নিযুক্ত আধিকারিকদের বিরুদ্ধে সহকারী রিটার্নিং অফিসার এবং রিটার্নিং অফিসারদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে। তিনি স্পষ্টভাবে এ-বিষয়ে বিস্তারিত না জানালেও ত্রিপুরা পশ্চিম আসনে ভোট প্রক্রিয়ায় অনিয়মের জন্য আরও বেশ কয়েকজন নির্বাচন আধিকারিকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে বলেই মনে হয়েছে।

প্রসঙ্গত, ভোট প্রক্রিয়ায় কারচুপির জেরে কমিশনের কঠোর পদক্ষেপে নির্বাচনের সাথে যুক্ত আধিকারীকরা ভীষণ চিন্তায় পড়েছেন। কারণ, বিরোধীদের দাবী অনুযায়ী বুথগুলিতে কারচুপির অভিযোগ প্রমাণিত হলে প্রচুর সরকারী কর্মচারীর চাকুরীতে টান পড়তে পারে বলে আশঙ্কা।

## আমবাসায় থানা থেকে পালিয়ে গেল আসামী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ এপ্রিল।।** থানার লকআপ থেকে এক দাগি চোর পালিয়ে গেছে। ঘটনাকে কেন্দ্র করে আমবাসা থানা এবং জেলার পুলিশ মহলে কালঘাম ছুটেছে। ফেরার চোরকে খোঁজে বের করতে শুরু হয়েছে দৌড়ঝাঁপ। সোমবার ভোর রাতে এই ঘটনা ঘটেছে বলে জানা গিয়েছে।

ঘটনার বিবরণে জানা গেছে, অলিন্দ্র দেববর্মা নামের এক দাগি চোরকে রবিবার পাকড়াও করেছিল আমবাসা থানার পুলিশ। তাকে গোটা রাত থানার লকআপে রাখা হয়েছিল। ভোর রাতে প্রাকৃতিক কাজ করার কথা বলে থানার সেন্টিকে ধাক্কা মেরে পালিয়ে যায়। পলাতক চোরের পিছু ধাওয়া করে তার টিঁকির নাগাল পাননি পুলিশকর্মীরা। ইত্যবসরে খবর যায় পুলিশ সুপারের কানে। তাঁর কড়া নির্দেশ, শীঘ্র পলাতক অলিন্দ্রকে পাকড়াও করতে না পারলে কর্তব্যরত পুলিশকর্মীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

জানা গেছে, আমবাসার থানার পুলিশ পলাতক চোরের খোঁজে চিরুনি তল্লাশি শুরু করেছেন। গড়ে তোলা হয়েছে নাকাবন্দি। এই খবরে লেখা পর্যন্ত তার সন্ধান পাওয়া যায়নি। এদিকে ঘটনার খবরে ওয়াকিবহাল মহলে ব্যাপক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। অনেকে পুলিশের বিরুদ্ধে শিথিলতার অভিযোগও তুলেছেন।

## কৈলাসহরে চার বাংলাদেশি মহিলা আটক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ এপ্রিল।।** কৈলাসহরে চার বাংলাদেশি মহিলাকে আটক করেছে পুলিশ। সোমবার দুপুরে গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে কৈলাসহর মহকুমার ইরানি থানার পুলিশ তাদের আটক করেছে। থানার ওসি জানিয়েছেন, প্রথমে খবর পাওয়া গিয়েছিল চারজন রোহিঙ্গা কৈলাসহরে রয়েছেন। ওই খবরের ভিত্তিতে অভিযানে নেমে আজ দুপুরে ইয়াদেওয়াড়া গ্রাম থেকে চার মহিলাকে আটক করেছে পুলিশ। তিনি জানান, প্রথমে ওই চার মহিলা নিজেদের পরিচয় গোপন করার চেষ্টা করছিলেন। কিন্তু পুলিশি জেরায় তারা পরিচয় জানাতে বাধ্য হন। ওসি বলেন, তাঁদের কাছ থেকে বৈধ পরিচয়পত্র পাওয়া যায়নি। তবে তারা বাংলাদেশি বলে স্বীকার করেছেন। ভারতের ত্রিপুরা ভূখণ্ডে কীভাবে তারা এসেছেন এবং কী উদ্দেশ্যে এখানে অবস্থান করছে, সমস্ত কিছুর খোঁজ নেওয়া শুরু হয়েছে বলে জানিয়েছেন ইরানি থানার ওসি।

এদিকে, অন্য একটি সূত্রে জানা গিয়েছে ওই চার মহিলা রোহিঙ্গা। তাদেরকে বহিঃরাজ্যে পাচার করার চেষ্টা হয়েছিল। বহিঃরাজ্যের নিষিদ্ধ পল্লিতে দেহব্যবসার চক্রের কাছে তাদের পাচার করার পরিকল্পনা ছিল। কিছুদিন আগেও উত্তর জেলায় আরও কয়েকজন মহিলাকে আটক করা হয়েছিল। তখনও তাদের সাথে এক পাচারকারীকে সনাক্ত করা হয়েছিল।

## পশ্চিম আসনে পুনঃভোটের দাবীতে রাজ্যজুড়ে মিছিল ও সভা বামফ্রন্টের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ এপ্রিল।।** ত্রিপুরা পশ্চিম আসনে পুনর্ভোটের পরিস্থিতি সৃষ্টির জন্য শাসকদল বিজেপিকে দায়ী করল বামফ্রন্ট। শুধু তাই নয়, নির্বাচন কমিশনকেও কাঠগড়ায় তুলেছেন বাম নেতৃত্ব। আজ আগরতলায় পুনর্ভোটের দাবিতে মিছিল শেষে প্যারাডাইস চৌমুহনিতে আয়োজিত পথসভায় ত্রিপুরা বামফ্রন্টের আহ্বায়ক বিজন ধর শাসকদল বিজেপি এবং নির্বাচন কমিশনকে বিঁধে শক্তি সঞ্চয়ে লড়াই জারি রাখার আহ্বান করেছেন।




সোমবার আগরতলা-সহ রাজ্যের বিভিন্ন মহকুমায় পশ্চিম আসনে পুনর্ভোটের দাবিতে বামফ্রন্টের পক্ষ থেকে মিছিল ও সভা সংগঠিত হয়েছে। আগরতলায় বামফ্রন্টের মিছিলে পা মিলিয়েছেন বিরোধী দলনেতা তথা সিপিএম পলিটব্যুরো সদস্য মানিক সরকার-সহ সিপিএমের একাধিক শীর্ষ নেতৃত্ব। আজ মেলারমাঠে অবস্থিত সিপিএম পার্টি অফিসের সামনে থেকে মিছিল শুরু হয়ে বিভিন্ন পথ পরিক্রমা করে প্যারাডাইস চৌমুহনি গিয়ে সমাপ্ত হয়। সেখানেই একটি পথসভার আয়োজন করা হয়েছিল। পথসভায় বক্তব্য পেশ করেন ত্রিপুরা পশ্চিম আসনে বামফ্রন্ট প্রার্থী শঙ্করপ্রসাদ দত্ত এবং বামফ্রন্টের আহ্বায়ক বিজন ধর।

এদিন শঙ্করপ্রসাদ দত্ত তাঁর ভাষণে দাবি করেন, ত্রিপুরা পশ্চিম আসনে কয়েকটি বুথ বাদ দিলে সমস্ত বুথেই রিগিং হয়েছে। তাঁর কথায়, প্রাথমিক তথ্যের ভিত্তিতে ৪৬৪টি বুথে ভোট জালিয়াতির অভিযোগ নির্বাচন কমিশনে জানানো হয়েছিল। কিন্তু পরবর্তীতে তা বেড়ে দাঁড়ায় ৮৪৬-এ। তাঁর অভিযোগ, ত্রিপুরায় গণতন্ত্র নিধনের প্রক্রিয়া শুরু হয়েছে। ☞ ৬ এর পাতায় দেখুন

## জিরানীয়ায় স্কুলছাত্রী ধর্ষিতা, গ্রেপ্তার এক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ এপ্রিল।।** আবারও এক নাবালিকা ধর্ষিতা হল। ঘটনা জিরানীয়া থানার অধীন অফিসটিলা এলাকায় ওই নাবালিককে এলাকারই রানা দাস নামে এক যুবক রাস্তা থেকে তুলে নিয়ে যায় নির্জন স্থানে। সেখানে ওই মেয়েটির সাথে কুকর্ম করে রানা। ঘটনাটি ঘটেছে গত ২১ এপ্রিল। প্রথমে বিষয়টি ওই মেয়ে তার পরিবারের লোকজনকে জানায়নি। পরে গোটা ঘটনা তার অভিভাবকদের জানায়।

অভিভাকরা বিষয়টি জানার পর জিরানীয়া থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন। পুলিশ সেই অভিযোগ মূলে একটি মামলা রুজু করে। মামলা নথিভুক্ত করার পর পুলিশ অভিযুক্ত রানা দাসকে গ্রেপ্তার করেছে। অন্যদিকে, উপজাতি ও মেয়েটিকে ডাক্তারী পরীক্ষা করানো হয়েছে। জানা গিয়েছে ওই মেয়েটি স্থানীয় স্কুলের ছাত্রী। এলাকার লোকজন অভিযুক্ত রানা দাসের কঠোর শাস্তির দাবী করেছেন। প্রসঙ্গত, রাজ্যে প্রতিনিয়ত এই ধরনের ঘটনা ঘটে চলেছে। এই ব্যাপারে সামাজিক সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্ব দিয়েছেন তথ্যাভিজ্ঞ মহল।

## স্ত্রীকে পুড়িয়ে হত্যার দায়ে স্বামীর যাবজ্জীবন কারাবাস

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ২৯ এপ্রিল।।** পনের জন্য স্ত্রীকে হত্যার দায়ে এক ব্যক্তির যাবজ্জীবন কারাবাসের সাজা দিলেন খোয়াই জেলা ও দায়রা আদালতের বিচারক গৌতম সরকার। ঘটনার বিবরণে জানা গিয়েছে, ২০১৬ সালের ১লা ফেব্রুয়ারী সন্ধ্যায় আমবাসার বাসিন্দা কাজল নাথ ভৌমিক নিজ বাড়িতে স্ত্রী রাখী দেবনাথের শরীরে আগুন ধরিয়ে দেয়। রাখীর চিৎকারে প্রতিবেশীরা এসে অগ্নিদগ্ধ অবস্থায় রাখীকে আমবাসা হাসপাতালে নিয়ে গেল আশঙ্কাজনক অবস্থায় তাকে জিবি হাসপাতালে পাঠানো হয়। ওই বছর ১০ ফেব্রুয়ারী জি বি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রাখীর মৃত্যু হয়।

ওইদিনই গ্রামবাসীরা কাজলকে পুলিশের হাতে তুলে দেয়। পরে রাখীর বড় বোন মঞ্জু দেবনাথ তেলিয়ামুড়া থানায় অভিযোগ দায়ের করলে পুলিশ ভারতীয় দন্ডবিধির ৩২৬/৩০২ ধারায় মামলা রুজু করে। মামলার নম্বর ১৭/২০১৬। ১১ জন স্বাক্ষীর বয়ান শোনার পর সোমবার খোয়াই জেলা ও দায়রা আদালতের বিচারক গৌতম সরকার অভিযুক্তকে দোষী সাব্যস্ত করে ও যাবজ্জীবন কারাবাসের সাজা দেন। উল্লেখ্য, ২০০৬ সালে কাজল ☞ ৬ এর পাতায় দেখুন

## পশ্চিম আসনে পুনঃভোটের দাবীতে ফের কমিশনে গেল কংগ্রেস

**নিজস্ব প্রতিনিধি, নয়াদিল্লী, ২৯ এপ্রিল।।** ত্রিপুরা পশ্চিম আসনে পুনঃ ভোটের দাবীতে কংগ্রেস ফের নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে। সোমবার কংগ্রেসের বরিষ্ঠ নেতা অভিষেক মনু সিংভির নেতৃত্বে এক প্রতিনিধি দল নির্বাচন কমিশনে এই দাবী পেশ করেছে। এই প্রতিনিধি দলে সিংভি ছাড়াও উপস্থিত ছিলেন এআইসিসির মুখপাত্র রন্দিপ সিং সুরজেওয়ালা, প্রদেশ কংগ্রেস সভাপতি প্রদ্যুৎ কিশোর দেববর্মন এবং ত্রিপুরা পশ্চিম আসনে কংগ্রেস প্রার্থী সুবল ভৌমিক।

নির্বাচন কমিসনে পুনঃভোটের দাবী পেশ করে বেড়িয়ে এসে সাংবাদিকদের প্রদেশ কংগ্রেস সভাপতি জানিয়েছেন, ত্রিপুরা পশ্চিম আসনে ভোটে পাঁচ শথাধিক ক্যামেরা নষ্ট ☞ ৬ এর পাতায় দেখুন

## জয়েন্টের মডেল উত্তরপত্র ভুলে ভরা, ক্ষোভ এসএফআইর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ এপ্রিল।।** ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের মডেল উত্তরপত্রে অধিকাংশ উত্তরগুলি নির্দিষ্ট তালিকা অনুযায়ী ভূল দাবি করেছে এসএফআই। ছাত্র ছাত্রীদের অভিযোগের ভিত্তিতেই এই দাবি বলে বিবৃতিতে জানিয়েছে বামপন্থী ছাত্র যুব সংগঠন।

এসএফআই'র বিবৃতিতে বলেছে, ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স বোর্ড পরিচালিত সদ্য সমাপ্ত এন্ট্রান্স পরীক্ষায় উত্তর পত্র ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। ছাত্র ছাত্রীদের নির্দিষ্ট অভিযোগে নজরে এসেছে, বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত মডেল উত্তরপত্রে দেখানো অধিকাংশ উত্তরগুলি নির্দিষ্ট তালিকা অনুযায়ী ভুল রয়েছে। এসএফআই'র বক্তব্য, সংশ্লিষ্ট পরীক্ষায় বসা ছাত্র ছাত্রীদের কাছে ভবিষ্যৎ জীবনের জন্য ☞ ৬ এর পাতায় দেখুন

## মুখ্যমন্ত্রী ও তাঁর স্ত্রীকে জড়িয়ে কুৎসা ধৃত সৈকত তিনদিনের পুলিশ রিমান্ডে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ এপ্রিল।।** মুখ্যমন্ত্রী বিপ্লবকুমার দেব ও তাঁর স্ত্রী নীতি দেবকে জড়িয়ে কুৎসা রটানোর দায়ে ধৃত সৈকত তলাপাত্রকে আদালত তিনদিনের পুলিশ রিমান্ডে পাঠিয়েছে। এদিকে, দুপুরে তাকে আদালতে নিয়ে আসা হলে প্রমিলা বাহিনী সৈকত তলাপাত্রকে লক্ষ্য করে ডিম ছুঁড়েন।

প্রসঙ্গত, ত্রিপুরার মুখ্যমন্ত্রী ও তাঁর স্ত্রীকে জড়িয়ে সোশাল মিডিয়া এবং কয়েকটি ডিজিটাল সংবাদ মাধ্যমে কুৎসা রটানো হয়েছিল। এই ঘটনায় আগরতলা পশ্চিম থানায় জনৈক অনুপম পাল ও অন্যান্য এবং সৈকত তালাপাত্রের বিরুদ্ধে মামলা হয়। পুলিশ সৈকত তলাপাত্রের বিরুদ্ধে ভারতীয় ফৌজদারি দণ্ডবিধির ৩৮৪/ ৫০১/ ৫০৬/ ৫০৯/ ১২০(খ) এবং


সৈকত তলাপাত্রকে সোমবার আদালতে তোলা হয়। ছবি নিজস্ব।

ভারতীয় আইটি অ্যাক্ট ৬৭ ধারায় মামলা রুজু করে তদন্ত শুরু করেছে। রবিবার সন্ধ্যায় কলকাতা পালিয়ে যাওয়ার সময় মহারাজা বীরবিক্রম মানিক্য বিমানবন্দর থেকে পুলিশ তাকে গ্রেফতার করেছে। এনসিসি থানার পুলিশ ও সদর এসডিপিওর যৌথ অভিযানে তাকে গ্রেফতার করা হয়েছিল।

আজ তাকে আদালতে সোপর্দ করে পুলিশ। কোর্ট লকআপে নিয়ে যাওয়ার সময় আদালতে উপস্থিত প্রমিলা বাহিনী সৈকত তলাপাত্রকে লক্ষ্য করে ডিম ছুঁড়তে থাকেন। মুখ্যমন্ত্রী এবং তাঁর স্ত্রীকে জড়িয়ে কুৎসা রটানোর জন্যই তাঁদের গণরোষের মুখে পড়ে সৈকত তলাপাত্র। তবে আদালতে উপস্থিত পুলিশ সৈকতকে কড়া নিরাপত্তার মধ্য দিয়ে কোর্ট লকআপে নিয়ে যান। প্রমিলা বাহিনীর বক্তব্য, সোশ্যাল মিডিয়ায় যেমন খুশি পোস্ট দেওয়া উচিত নয়। ☞ ৬ এর পাতায় দেখুন

## যুবতীর ফাঁসিতে ঝুলন্ত মৃতদেহ উদ্ধার বাঘনে

**নিজস্ব প্রতিনিধি, চুড়াইবাড়ি, ২৯ এপ্রিল।।** গলায় ওড়না দিয়ে ফাঁসি লেগে আত্নহত্যা এক যুবতীর। ঘটনাটি ঘটেছে উত্তর জেলার চুড়াইবাড়ি থানা দিন পূর্ব বাঘন এলাকায়। চুড়াইবাড়ি থানা দিন পূর্ব বাগান এলাকার ৫ নং ওয়ার্ডের লাভলী মালাকার (২০) পিতা-মৃত পবিত্র মালাকার নিজ ঘরের ভিমে নিজের উন্না দিয়ে ফাঁসি আত্মহত্যা করে। ফাঁসিতে ঝুলন্ত মেয়ের দেহটি দেখতে পায় তার মা। ঘটনাটি ঘটে আজ বিকেল ৪ টা নাগাদ। লাভলী মালাকার ও তার মা পূর্ব বাগানের ৫ নং ওয়ার্ডের নিজ বাড়িতে থাকতো। একমাত্র ভাই কর্মসূত্রে ব্যাঙ্গালুর থাকে। বড় দুই ☞ ৬ এর পাতায় দেখুন

## পৃথক স্থানে যান দুর্ঘটনায় গুরুতর চালক সহ নয়জন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ এপ্রিল।।** অতিরিক্ত যাত্রী পরিবহণ করে দুর্ঘটনার কবলে পড়েছে একটি যাত্রীবাহী অটো। ঘটনাটি ঘটেছে শান্তিরবাজার মহকুমার অন্তর্গত রাধাকিশোরগঞ্জ এলাকায়। দুর্ঘটনায় সাত যাত্রী আহত হয়েছেন বলে খবর পাওয়া গেছে। ঘটনার বিবরণে জানা গেছে, সোমবার সকাল আনুমানিক ১১টা ৩০মিনিটে টিআর ০৩ এ ৩৬০৭ নম্বরের একটি যাত্রীবাহী অটো ছয় জন মহিলা যাত্রী নিয়ে রাধাকিশোরগঞ্জ এলাকা থেকে শান্তিরবাজারের উদ্দেশ্যে রওয়ানা হয়। কিছু দূর যাওয়ার পর অটো রিকশার চালক আচমকা নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে। যার ফলে অটোটি রাস্তা থেকে পাশে গভীর জঙ্গলে গিয়ে পড়ে। দুর্ঘটনার ফলে অটোর যাত্রীরা আহত হন। জানা গেছে, যাত্রীদের আঘাত তেমন গুরুতর নয়। এদিকে দুর্ঘটনার খবর পাওয়া মাত্রই এলাকার লোকজন ছুটে এসে চালক ও যাত্রীদের উদ্ধার করে শান্তিরবাজার জেলা হাসপাতালে নিয়ে যান। জানা গেছে, বর্তমানে অটো চালক-সহ ছয় মহিলা যাত্রীর শান্তিরবাজার জেলা হাসপাতালে চিকিৎসা চলছে। এলাকার সাধারণ মানুষ জানিয়েছেন, প্রতিনিয়ত শান্তিরবাজারে যান দুর্ঘটনা ঘটেই চলেছে। এই সব দুর্ঘটনার জন্য দায়ী অতিরিক্ত যাত্রী পরিবহণ। দিনের পর দিন এভাবে যান দুর্ঘটনা সংঘটিত হলেও নীরব দর্শকের ভূমিকা পালন করছে প্রশাসন, অভিযোগ করেছেন শান্তিরবাজারের জনগণ। এদিকে, ধলাই জেলার গন্ডাছড়ায় টিআর-০৭-এ-১৮২৮ নম্বরের একটি বুলরো মিনি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তা থেকে প্রায় দুইশ ফুট খাদে পড়ে যায়। তাতে গাড়ির চালক মামুন হোসেন এবং সহচালক নুর আমীন গুরুতর আহত হন। খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে যায় এবং তাদের উদ্ধার করে প্রথমে গন্ডাছড়া হাসপাতালে নিয়ে যায়। পরে তাদের গোমতী জেলা হাসপাতালে রেফার করা হয়। জানা গিয়েছে ওই গাড়িটিতে ১৪০ বস্তা চাল বোঝাই করা ছিল। পুলিশ দুর্ঘটনার একটি মামলা নিয়েছে।

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৫ ▫ সংখ্যা ১৯৯ ▫ ৩০ এপ্রিল ২০১৯ ইং ▫ ১৬ বৈশাখ ▫ মঙ্গলবার ▫ ১৪২৬ বঙ্গাব্দ

## বাংলাদেশে হিন্দু নির্যাতন

বাংলাদেশের রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক যেকোনও ক্ষেত্রে সংঘটিত ঘটনার রেশ প্রতিবেশী রাষ্ট্র ভারতেও আছড়াইয়া পড়ে। সংবাদে প্রকাশ পাইয়াছে যে, বাংলাদেশে হিন্দুদের উপর নির্যাতন বাড়িয়াছে। হিন্দুদের উপর নির্যাতনের প্রতিবাদে রবিবার ত্রিপুরার বক্সনগরে ধিক্কার মিছিল সংগঠিত করিয়াছে হিন্দু সমাজ। এই মিছিল ও পথসভায় প্রশ্ন উঠিয়াছে কেন হিন্দুদের উপর নির্যাতন বন্ধে বাংলাদেশের শেখ হাসিনা সরকার ব্যবস্থা নিতেছেন না। বাংলাদেশের রাজনীতিতে ভারত বিরোধীতা রাজনৈতিক দলগুলির পুঁজি। বিএনপির রাজনীতির মূল কথাই ভারত বিরোধীতা। বাংলাদেশকে করতলগত করিয়া রাখিয়াছে ভারত। বাংলাদেশের স্বাধীনতা বা মুক্তিযুদ্ধে ভারতের অবদান কত বেশী তাহা নতুন করিয়া উল্লেখ করিবার প্রয়োজন নাই। কারণ, তাহা ইতিহাস সত্যি। সেই ইতিহাসকে বিস্মৃত হইয়া বাংলাদেশের একশ্রেণীর নাগরিক যদি হিন্দু নির্যাতন, মন্দিরে হামলা চালাইয়া প্রতিমা ভাঙচুর, জায়গা জমি দখল, ধর্ষণ ও ধর্ষণের পর হত্যা, দেশ ছাড়ার হুমকি, অপহরণ, ধর্মান্তরীত করার ঘটনা তো বাড়িয়াই চলিতেছে। প্রাপ্ত পরিসংখ্যানে দেখা গিয়াছে বাংলাদেশে গত তিন মাসে ধর্ষণের ঘটনা উদ্বেগজনক পর্য্যায়ে পৌঁছাইয়াছে।

একথা ইতিহাস সত্যি যে, দ্বিজাতি তত্বের ভিত্তিতেই ভারত দ্বিখন্ডিত স্বাধীনতা পাইয়াছে। মুসলীম সংখ্যাধিক্য এলাকা পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তান হিসাবে পরিচিতি লাভ করে। পূর্ব ও পশ্চিম পাকিস্তান নিয়াই পাকিস্তান রাষ্ট্রেরপত্তন হয়। স্বাধীনতা ঘোষণা হয় ১৪ই আগষ্ট ১৯৪৭ সালে। আর ভারতের স্বাধীনতা ঘোষিত হয় ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট। ইংরেজ বিদায় নিলেও পাকিস্তানের জনগণ গণতন্ত্রের বা স্বাধীনতার স্বাদই বুঝিতে পারে নাই। পাকিস্তান শাসন করে সেনা বাহিনী। পূর্ব পাকিস্তানের মানুষের উপর চলিতে থাকে একের পর এক শোষণ। মাতৃভাষা বাংলাকে কাড়িয়া নেওয়া হয়। চাপাইয়া দেওয়া হয় উর্দু ভাষাকে। তখনই পাকিস্তানের সামরিক শাসনের বিরুদ্ধে ক্ষোভ তুষের আগুনের মতো জ্বলিতে থাকে। ধূর্ত ইংরেজরা ধর্মের ভিত্তিতে ভারত বিভক্ত করিয়া স্বাধীনতা দেয়। সেই স্বাধীনতার পর পাকিস্তানের জনগণের ভাগ্যে তো গণতন্ত্রের স্বাদ মিলে নাই। এই দেশটি সেনা বাহিনীর বুটের নীচেই রহিয়া গেল। পূর্ব পাকিস্তানের উপর পশ্চিম পাকিস্তানের সীমাহীন জুলুম, অত্যাচার মাতৃভাষা কাড়িয়া নেওয়ার বিরুদ্ধে মুক্তির আন্দোলনে ভারতের জনগণ তো সাহায্য করিয়াছে। ভারতের জনগণ আশা করিয়াছিল যে, স্বাধীন বাংলাদেশে গণতন্ত্রের জয়যাত্রা সূচিত হইবে। অন্যায় জুলুম বন্ধ হইবে। প্রতিবেশী ভারতের সঙ্গে সৌহার্য্যের বাতাবরণ সৃষ্টির মধ্য দিয়া নতুন ইতিহাস গড়িয়া উঠিবে।

দুর্ভাগ্যের ইহাই যে, দুই দেশের গণতন্ত্র প্রিয় উদার মানুষ হতাশায় নিমজ্জিত। পূর্ব পাকিস্তানে অত্যাচার জুলুমের হাত হইতে বাঁচিতে লক্ষ লক্ষ হিন্দু পরিবার ভারতে পালাইয়া আসে। জায়গা সম্পত্তি, ঘরবাড়ী সবকিছু ফেলিয়া রাখিয়া ভারতে ছিন্নমূল উদ্বাস্তুর ঢল নামে। অবর্ণনীয় দুঃখ দারিদ্র্যের মাঝে বহু উদ্বাস্তু ভারতের বিভিন্ন রাজ্যে পুণর্বাসিত হন। কিন্তু, তবু বাংলাদেশ হিন্দু শূণ্য হয় নাই। বহু হিন্দু পরিবার সে দেশকে ছাড়িতে পারে নাই। 'ও আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি'। ভালবাসার টানে পূর্ব পুরুষের ভিটে মাটি না ছাড়ার খেসারত কি এখন এই বাংলাদেশে নির্মমভাবে দিতে হইবে হিন্দুদের? হাসিনা সরকারকে বাংলাদেশের হিন্দুদের সুরক্ষার ব্যাপারে উদ্যোগী হইতে দেখা গিয়াছিল। কিন্তু, এখন সেই উদ্যোগে জল ঢালিবার পিছনে নিশ্চয় কোনও কারণ থাকিবে।

ভারত ধর্মনিরপেক্ষ রাষ্ট্র। কিন্তু, একথা তো ঠিক ধর্মের ভিত্তিতে ভারত দ্বিখন্ডিত হইয়াছিল। বাংলাদেশ হইতে প্রতিনিয়ত অনুপ্রবেশকারী ঢুকিতেছে ভারতে। আর এজন্যই জাতীয় নাগরিক পঞ্জিকরণ (এনআরসি) নিয়া দেশজুড়িয়া জোর তৎপরতা চলিতেছে। ভারতে সব ধর্মের মানুষ মাথা উঁচু করিয়া বাঁচিতে পারিবে। সংবিধানে সেই প্রতিশ্রুতি আছে। কিন্তু, বাংলাদেশে যুগ যুগ ধরিয়া যেসব হিন্দুরা রহিয়াছেন তাহারা আজ এতকাল পর শেখ হাসিনার শাসনে বিপন্ন অত্যাচারিত হইবেন? ভারতবাসী অনেক বেশী সহনশীল। ইহাকে বাংলাদেশের হিন্দু বিদ্বেষীরা দুর্বলতা ভাবিলে ভুল করিবে। ভারতে মুসলীম অংশের মানুষ তো অনেক প্রভাব ক্ষমতা নিয়াই বসবাস করিতেছে। কিন্তু, বাংলাদেশে যদি হিন্দুরা অত্যাচারিত হইতে থাকেন। তাহার ইতি টানা না হয় তাহা হইলে আন্দোলনের পথে তো যাইতেই হইবে। এক্ষেত্রে ভারত সরকারকে কূটনৈতিক স্তরে এই বিষয়ে ব্যবস্থা নিতেই হইবে। যদি হাসিনা সরকার বাংলাদেশে হিন্দু নির্যাতন বন্ধে কঠোর ব্যবস্থা নিতে না পারেন তাহা হইলে অত্যাচারিত মানুষ কিন্তু বসিয়া থাকিবে না।

## বিজেপি মাকড়সার জাল আর প্রধানমন্ত্রী সব থেকে বড় ভয়ঙ্কর, স্বরূপনগরে বললেন মমতা বন্দ্যোপাধ্যায়

বসিরহাট, ২৯ এপ্রিল(হি.স.): নোট বন্দি থেকে জিএসটি একাধিক ইস্যুতে নরেন্দ্র মোদীকে আক্রমণ করতে গিয়ে দেশের সবথেকে ভয়ঙ্কর মানুষ হিসেবে নরেন্দ্র মোদীকে আখ্যা দিলেন তৃণমূল সুপ্রিমো মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই সঙ্গে বিজেপিকে মাকড়সার জাল হিসেবেও মন্তব্য করেন তিনি। সোমবার বসিরহাট মহকুমার স্বরূপনগর ব্লকের চারঘাট প্রাইমারি স্কুল মাঠে বনগাঁ লোকসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী মমতা বালা ঠাকুরের সমর্থনে সভা করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সভায় বক্তব্য রাখতে গিয়ে এনআরসি, নোট বন্দি, জিএসটির মত একাধিক ইস্যুতে নরেন্দ্র মোদীকে আক্রমণ করে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, ঊ্র' বিজেপি মাকড়সার জাল। এই জাল কেটে বের হতেই হবে। বিজেপিকে একটি ভোট দেবেন নাঊ্র'। এনআরসি ইস্যু নিয়ে নরেন্দ্র মোদীকে আক্রমণ করতে গিয়ে দেশের সবথেকে ভয়ঙ্কর মানুষ হিসেবে নরেন্দ্র মোদীকে আখ্যা দিয়ে তিনি বলেন, ঊ্র' বিজেপি একটি আসনও পাবে না পশ্চিমবাংলায়। পশ্চিমবাংলা থেকে গোহারা হারতে হবে। আমরা মাটির নাড়ু করে রাখছি। ভোটের পরে আসলে নরেন্দ্র মোদীকে দেব খেয়ে দাঁত গুড়িয়ে যাবেঊ্র'। সোমবার চারঘাটের জনসভায় বক্তব্য রাখতে গিয়ে চতুর্থ দফায় দুবরাজপুরের একটি বুথে সিআরপিএফের গুলি চালানোর বিষয় উল্লেখ করে সীমান্ত রক্ষী বাহিনী বিজেপির হয়ে কাজ করছে বলে অভিযোগ তুলে তিনি বলেন, ঊ্র' সীমান্তের সিকিউরিটি ফোর্সকে অনুরোধ করবো সীমান্ত রক্ষার নামে বিজেপিকে ভোট দিতে বলবেন নাঊ্র'।

নরেন্দ্র মোদীকে কুর্তা, মিষ্টি পাঠানোর বিষয়েও এদিনের সভা থেকে বলতে গিয়ে নরেন্দ্র মোদী ছাড়াও আরো অনেক নেতাকেই তিনি উপহার পাঠান বলে স্বীকার করেন মুখ্যমন্ত্রী। উপহার পাঠানোর তালিকায় মনমোহন সিংয়ের নাম ও আছে বলে জানান তিনি। সোমবার বনগাঁ লোকসভা কেন্দ্রের তৃণমূল প্রার্থী মমতা বালা ঠাকুরের সমর্থনে চারঘাটে মিটিংয়ের আয়োজন করা হলে সবাই উপস্থিত ছিলেন না মমতা বালা ঠাকুর। তবে সভায় উপস্থিত থেকে বিজেপিকে আক্রমণ করতে গিয়ে বিজেপি ক্ষমতায় আসলে সবাইকে দেশ থেকে তাড়িয়ে দেবে বলে মন্তব্য করেন বসিরহাটের তৃণমূল প্রার্থী নুসরত জাহান।

## গুরুদাসপুর লোকসভা কেন্দ্র : সোমবার মনোনয়ন পত্র জমা দেবেন সানি দেওল

অমৃতসর, ২৯ এপ্রিল (হি.স.): চলতি মাসেই সক্রিয় রাজনীতিতে প্রবেশ করেছেন প্রখ্যাত বলিউড অভিনেতা সানি দেওল। "গদর" ছবির অভিনেতা বিজেপি-তে যোগদান করার পরই ভারতীয় জনতা পার্টি-র পক্ষ থেকে জানানো হয়, উনিশের লোকসভা নির্বাচনে পঞ্জাবের গুরুদাসপুর সংসদীয় কেন্দ্র থেকে ভোটে লড়বেন অভিনেতা সানি দেওল। অবশেষে সোমবার গুরুদাসপুর লোকসভা কেন্দ্র এরপর ছয়ের পাতায়

# গ্লোবাল ওয়ার্মিং কত প্রকট দক্ষিণের শুখা জমি বলে দিচ্ছে

**শান্তনু বসু**

দক্ষিণ ভারতের চার-চারটি রাজ্যে ভয়ানক জলের হাহাকার চলছে। কোনও কোনও রাজ্যে সৃষ্টি অমিল ৩-৫ বছর ধরে। অন্ধ্রপ্রদেশের কুর্নুল জেলাতে শ্রীসাইলাম বাঁধ জল বিপজ্জনকভাবে নেমে গিয়েছে। মৌসুমি বৃষ্টিপাতের আরও অন্ত তিন মাস বাকি, সমস্ত জলাধার এরই মধ্যে শুকিয়ে গেছে। শ্রীসাইলামের জল বর্তমানে বিপজ্জনকভাবে কম---মাত্র ৩৬.৪৫টি এমসি ফিট। তেলেঙ্গানা সরকার নাগার্জুন সাগর বাঁধের জল ছাড়া নির্ধারণ করে আবার অন্ধ্রের নিয়ন্ত্রণে থাকা আসাইলাম থেকে জল ছাড়া না হলে নাগার্জুন সাগর বাঁধে জল আসে না। গুন্টুর প্রকাশম এবং নেল্লোর জেলাগুলি জলের জন্য নির্ভর করে থাকে নাগার্জুন সাগরের দক্ষিণ ক্যানেলের উপর। মৌসুমি বায়ুর উপর নির্ভরশীল রায়লসীমা ক্রমশ খরায় আক্রান্ত হতে চলেছে। ২০১৮'র ১ জুন থেকে বৃষ্টিপাত হয়েছে মাত্র ৩২ শতাংশ, ভুগর্ভস্থ জল গড়ে ৬৩.৮০ মিটার নীচে নেমে গিয়েছে, যে কারণে অত্যন্ত শক্তশালী সাবমার্সিবল পাম্পও কাজ করছে না। রাজ্য সরকার ভূপৃষ্ঠ থেকে সর্বোচ্চ ৮ মিটার নীচু পর্যন্ত জলতলা নির্দিষ্ট করেছে মাত্রাতিরিক্ত জল তোলা বন্ধ করতেই এই নির্দেশ। কিন্তু বিকল্প জলের কোনও উৎস না থাকায় ভুগর্ভস্থ জলই তোলা হচ্ছে নির্বিচারে।

শুধু রায়লাসীমাতেই গড়ে ৬৩.৬০ মিটার জল নেমে গিয়েছে তাই নয়, অনন্তপুরে ৯১ মিটার কাডাপাতে ৮৯ মিটার, চিত্তুরে ৮২.৮০ মিটার জল নেমে গিয়েছে। আরও যেটা উদ্বেগের সেটা হল গোটা রাজ্যের অন্তত ১০৮টি বড় বাঁধের তিন-চতুর্থাংশ জল শুকিয়ে গিয়েছে। ভূপৃষ্ঠের প্রায় সমস্ত জলই চিত্তুরের বাসিন্দারা ব্যবহার করে ফেলেছে বাঁধগুলোও শুকিয়ে গেছে। ভূপৃষ্ঠের টিএমসি ফিট জল এরই মধ্যে ব্যবহৃত হয়ে গিয়েছে---কাডাপাতে ৮০.৭ টিএমসি ফিট, অনন্তপুরে ৭০.৪৬ টিএমসি ফিট,ব্যবহৃত হয়েছে। ব্যাঙ্গালুরুঃ নগর কর্পোরেশন জলের ব্যবহার নিয়ন্ত্রণ বা র‍্যাশর্নিং করা শুরু করেছে। বিগত আড়াই তিন মাস বৃষ্টি না হওয়ায় জলের জোগান অত্যন্ত দ্রুত কমে যাচ্ছে---সুন্নিয়া, পুত্তুর, রেলথাঙ্গারি তালুকে কিছুটা বৃষ্টিপাত হয়েছিল, যাছিল প্রয়োজনের তুলনায় কিঞ্জিৎ উপরের জলাদার থেকে পর্যাপ্ত জল না পাওয়া প্রচণ্ড রোদের টানে অন্তত মিটার জল কমে গিয়েছে। সাম্বুরের এএমআর জলাধার থেকে কিছুটা জল ছাড়াহয়েছিল কর্পোরেশনের হিসেবে ছিল এতে অন্ত ছ মিটার জল উঠবে। কিন্তু সাম্বুর আর বান্তোয়ালে নদী যেহেতু শুকিয়ে গিয়েছে তাই পর্যাপ্ত জল পৌঁছতে পারেনি। ব্যাঙ্গালুরুর ভূপ্রকৃতি এত বেশি উত্তপ্ত হয়ে আছে যে এখানে জল পড়া মাত্রই মাটি সেগুলি টেনে নিচ্ছে এবং নদীরবুকেও জল থাকছে না। ব্যাঙ্গলুরুঃ বিসেষ অর্থনৈতিক অঞ্চল নেত্রাবর্তী নদীর জল দৈনিক মিলিয়ন গ্যালন করে ব্যবহার করে এমএসইজেড় তার কাজকর্ম বন্ধকরে দেওয়ার কথা ঘোষণা করেছে। জলের অভাবে ২০১৬-তে এমএসইজেড় তাদের কাজ বন্ধ করে দিয়েছিল।

কর্ণাটকের টুংকুর জেলায় প্রায় সবটাই জলের অভাবে শুকিয়ে যেতে বসেছে। এখানে না আছে কোনও জলধারা না আছে কোনও পুকুর বা জলাশয়। পানীয় জল জোগাড়করাই একটা অনেক বড় সংগ্রাম, যে কারণে কৃষিকাজ প্রায় থমকে গেছে। কৃষকেরা গো-খাদ্যের অভাবে গবাদি পশুগুলিকে যে কোনও উপায়ই বিক্রি করতে চেষ্টা করছে। বিগত ৮ বছরের মধ্যে ৭ বার খরার প্রকোপ গিয়েপনে তিন দিকের অন্ধ্রপ্রদেশ দিয়ে ঘেরা টুংকুর জেলা। কর্ণাটকের ১৭৬টি তালুকের মধ্যে ১১৫৬টিতেই খরার মারাত্মক আক্রমণে কৃষির দুর্দশা ক্রমেই প্রকট হয়ে উঠেছে। ৬-৭ বছর ধরে এখানে ভূগর্ভস্থ জল কার্যত পাওয়াই যাচ্ছে না। যে কারণে নলকূপ খুঁড়বার ট্রকের মালিকদের চাহিদা অত্যন্ত বেশি, কিন্তু গবীর নলকূপ খনন করা অত্যন্ত ঝুঁকিপূর্ণ একটা কাজ। মঞ্জুনাথ রেড্ডি তেমনই একজন নলকূপ ট্রাকের মালিক---অন্ধ্রপ্রদেশও কর্ণাটকের সীমান্তে ২৫টি গ্রামে অন্তত সে ৪০০ নলকূপ খনন করেছে কিন্তু তার মধ্যে মাত্র ৩০টি নলকূপ থেকেই জল উঠছে। এক একটি নলকূপকে অন্তত গভীর ফিট গভীর করে খুঁড়তে হয় ফলে কৃষকরা হন্যো হয়ে জলের জন্য ছোটাছুটি করেন। অনন্তপুর জেলায় ট্যাস্কারের যাতায়াত দেখা যায়। বেসরকারি নলকূপের মালিকরা মোটাটাকার বিনিময়ে ট্যাস্কার ভাড়া দেয়, প্রতিটি ট্যাঙ্কারের খরচ পড়ে ১০০০ টাকা। থিমাম্মানাহাল্লির কৃষক এইচ গোপালাপ্পা বলেছেন চাষের দুই জোড়া বলত আর দুটো গরুর খাদ্য ও জল কিনতেই টাকা শেষ হয়ে যাচ্ছে। পানীয় জল ছাড়া আর সব ধরনের জলের উপর নিষেধাজ্ঞা আছেই জেলাতে,কিন্তু পরিহাসের বিষয় হল শৌচাগারের জল না থাকায় প্রকাশ্যেই শৌচকার্য চলছে। রামাপ্পা গোপাল এবং হনু মান্থারায়া এই দুই জনমজুর আরও বড় দুর্দসার কথা শুনিয়েছে। জনমজুরি বাবদ মাসে তারা ৩ হাজার টাকা পেলেও বেসরকারি নলকূপ থেকে প্রতি সপ্তাহে তার ৩০০ টাকা করে জলের জন্য খরচ করতে বাধ্য হন, ফলে তাঁরা খাদ্যইকিনতে পারে না। পোঠা গানাহাল্লির এক গৃহস্থ্য বলেছেন, অকেনগুলো প্লাস্টিকের পাত্র নিয়ে প্রায় সারারাত ধরে সরকারি কলের সামনে তাঁরা লাইন দেন। কখনও কখনও রাত ২ বা ২০.৩০ মিনিটে সামান্য কিছু জলের দেখা পাওয়া যায়। বিকেহাল্লি জল শোধনাগারে মেশিন জলের অভাবে প্রায় বন্ধ হয়ে গিয়েছে। কখনও কখনও জল আসলে পরিশোধন ছাড়াই জল সরবরাহ করা হয়, বাসিন্দারা ক্লোরাইড মিশ্রিত জলই বাড়িতে নিয়ে যায়। থিমাম্মানাহাল্লির অপর কৃষক হনু মান্থাপ্পার কথায় ফিরে যাওয়া য়াক— যে দুটো গরু তাঁর ছিল, জল ও খাদ্যের অভাবে তাদের বিক্রি করে দেওয়া হয়। কিন্তু চিত্তুর যেখানে আবালবৃদ্ধবনিতা জলের জন্য সকাল থেকে মাথা কুটছে সেখানকার চিত্রটা ট্র্যাজি-কমেডির মতো। এতদিন পর্যন্ত রাজানীতি বিদরাই ট্যাঙ্কারের জল ঘরে ঘরে পৌঁছে দিত, র্নিাচন ঘোষণা হওয়ার পর মাস দেড়েক ধরে সেটাই চলছিল। রাজনীতিবিদদের একটি মাত্র ফোন কলেই ট্যাঙ্কার এসে হাজির হয়ে যেত—নির্বাচনী প্রচার যত বেড়েছে ট্যাঙ্কারের আগাগোনাও তত বেড়েছে।

৩ বছর ধরে এখানে খরা চলছে, বৃষ্টিপাত নেই বললেই চলে, কিন্তু অন্ততঃ ট্যাঙ্কার চিত্তুর এবং মদনাপাল্লের গ্রামগুলোতে জল দিয়ে যাচ্ছে। কুপ্পাম বিধানসভা কেন্দ্র যেখানে জলের অভাব সুতীব্র সেখানকার সব মানুষেরা কত সহজেই না জল পাচ্ছেন। কিন্তু ওই যে এটা না ভারতীয় গণতন্ত্র, নির্বাচন শেষ ট্যাঙ্কারের যাতায়াতও শেষ পুত্তরের এক রাজনৈতিক নেতা আশায় ছিলেন যে তিনি লোকসভা আসনের টিকিট পাবেন কিছু তিনি আর টিকিট পেলেন না। আগে তার একটা ফোনেই ট্যাঙ্কার চলে আসত এখন তিনি ট্যাঙ্কার আনা বন্ধ করে দিয়েছেন। তিরুপতি এবং শ্রী কলসহস্তীর কথা বাদ দিলে চিত্তুর কর্পোরেশনের পুঙ্গানুর, পালামানের মদনপাল্লে,নাগরীএত জলের জোগান কার্যত বন্ধ। কারণ গভীর নলকূলগুলো সব শুকিয়ে গেছে। রায়লসীমা কখনওই তার বরাদ্দা জল পায়নি কারণ যেসব প্রকল্পগুলো সম্পূর্ণ হলে সেচ ও পানীয় জল আসতে পারত সেগুলির কোনওটিই আসছে না। কুর্নুল কাডাপ্পা, চিত্তুর অনন্তপুর জেলাগুলো কৃষ্ণা ও গোদাবরীর জলের পুনর্বন্টন হলে ৪৫০টি টিএমসি ফিট জল এখানে আসত।

অন্ধ্র প্রদেশ এবং তেলেঙ্গানা সীমান্তবর্তী খাম্মাম জেলার মধিরামন্ডলের চিলুকুরুঃ গ্রামের প্রায় ১,২০০ বাসিন্দা পানীয় জলের জন্য ওয়াইরা নদীর বালির বুক খুঁড়ে ফেলেছে। ভরা গ্রীষ্মের আগেই স্থানীয় নলকূপগুলো সব শুকিয়ে গিয়েছে, মিশন ভাগীরথ থেকে জল আসবার যে প্রতিশ্রুতি ছিল সেটাও শূন্যে মিলিয়ে গিয়েছে। তাপমাত্রাও বাড়ছে আর জলের জন্য গ্রামবাসীরা মাথা কুটছে প্রতরতাপে সব নদীর বালির চড় খুঁড়ে জল আনা এক দুঃসাধ্য কাজ। কৃষ্ণা অববাহিকার অসংখ্য কৃষক জলের জন্য তেলেঙ্গানার উপর নির্ভর করে আছে। পালায়ার জলাধার থেকে তেলেঙ্গানা সেচ দফতর ২.৬৯টি এমসি ফিট জল ছেড়েছে অন্ধ্রপ্রদেশের নাগার্জুন সাগর প্রকল্পের জোন-২ এবং জোন-৩ এর জন্য। মৌসুমি বৃষ্টিপাতের আরও ২-৩ মাস বাকি,তিরুভুরু, নসভিদ, গান্নাভরম, মায়লাভরম, নান্দিগামা, জাগিয়া অপফেটার ২১টি মন্ডলের বাসিন্দারা কৃষ্ণার জলের উপর নির্ভর করে আছে। ভূগর্ভস্থ জল কবেই শুকিয়ে গিয়েছে। কৃষ্ণা রিভার ম্যানেজমেন্ট বোর্ড ১৪মার্চ ২টি মন্ডলের ২১৮টি পালনীয় জলের ট্যাঙ্কের জন্য জল ছাড়ার নির্দেশ দিলেও প্রায় ৩ সপ্তাহ তেলেঙ্গানা সরকার নীরব ছিল। নাগার্জুন সাগরের বা দিকের খালের জন্য তেলেঙ্গানা সরকার নির্দেশ দিলেও ৩ সপ্তাহ পর সেখানে জল আসেনি। —যে পরিমাণ জল দেওয়ার কথা থাকে মাঝ রাস্তাতেই সেই জল শুকিয়ে যায়।

অন্ধ্রপ্রদেশে, তেলেঙ্গানা,তামিলনাড়ু, কেরালা, কর্ণাটকের কৃষকরা জলের অভাবে গবীর অনিশ্চয়তায় দিন কাটাচ্ছে। কৃষকের দুর্দশা নিরসনে কিচু কিছু কৃষক বন্ধু পরিকল্পনা নেওয়া হচ্ছে—যেমন তেলেঙ্গানায় রায়তবন্ধু স্কিম, সারা ভারতের কৃষকদের জন্য প্রধানমন্ত্রী কৃষক সম্মান নিধি ইত্যাদি। মহারাষ্ট্রে মারাধাওয়ারার খরা পীড়িত কৃষকের কথা ধরলে দক্ষিণের রাজ্যগুলিতে অন্তত ৪০ কোটি জনতা খরায় আক্রান্ত ৪-৬ হাজার টাকার অনুদানে খরার সমস্যা মিটবে।

(সৌজন্যে দৈঃ স্টেটসম্যান)



# মহাবিশ্বের কাণ্ডকারখানা আজব হলেও আজগবি নয়

**বিমান নাথ**

কৃষ্ণগহ্বরের প্রথম ছবি বলে কথা! এই ইনস্টাগ্রামের যুগে কোনও সেলিব্রিটির প্রথম একঝলক ছবির মতো এর ছবিও সবার মুখের কথা হয়ে উঠেছে। সোশ্যাল মিডিয়ায় মন্তব্যের ফুলঝুরির অন্ত নেই, আর 'মিম্'-এর মেলা বসে গিয়েছে। কেউ বলছে, 'ইস, ভাল ক্যামেরা থাকলে আরেকটু ফোকাস করতে পারত!' অন্য এক মুনিরর মত, 'না হে, এটা জাল ছবি, কৃষ্ণগহ্বর তো সবকিছু গ্রাস করে নেয় শুনেছি, তাহলে ক্যামেরাটাকে গিয়ে উদ্ধার করল?' শেষমেশ এক তান্ত্রিক সাধুও এই ছবি লাগিয়ে বিজ্ঞাপন দিয়েছেন, কারও ওপর কৃষ্ণগহ্বরের কুনজরের সুরাহা করতে সত্ত্বও তাঁর সঙ্গে যোগাযোগ করা হোক!

বিজ্ঞানী মহলেও জল্পনাকল্পনার অন্ত নেই। এই ছবি তুলতে গিয়ে এত ভিন্ন ভিন্ন বিষয়ের বিশেষজ্ঞরা মিলে কাজ করেছেন যে, তার বিভিন্ন দিকগুলো ব্যাখ্যা করা কোনও একজনের সাধ্য নয়! তাই সাধারণ বিজ্ঞানীদের মধ্যেও প্রশ্নের শেষ নেই। আর এর জন্য ঠিক কাকে প্রশংশা করা উচিত—সেটাও পকিষ্কার নয়। অনেক তাত্ত্বিকদের আবার বক্তব্য, এ তো সব জানা কথা, কেউ না কেই একদিন করতই।

এই ডামাডোলে একদল নাছোড়বান্দা বিজ্ঞানী এক দুর্ধর্ষ অ্যাডভেঞ্চারের কাহিনী যেন কোথাও হারিয়ে গিয়েছে! কৃষ্ণগহ্বরের তাত্ত্বিক অঙ্ক তো পদার্থবিদ্যার স্নাতকোত্তার স্তরের মোটামুটি সব ছাত্রছাত্রীই কষে দেখাতে পারে, কিন্তু এর চাক্ষুষ প্রমাণ করে দেখানো যে কী অসাধ্য সাধনের কাজ---সেটা জানলে সেলাম ঠুকতে হয় এই দলের বিজ্ঞানীদের!

প্রথমে দেকা যাক, 'কৃষ্ণগহ্বরের ছবি' বলতে কী বোঝায়? ছবি তুলতে আলোর দরকার,সেটা আমরা সবাই জানি। অন্ধকারে ফোটো তুলতে গেলে আমরা ফ্লাশ ব্যবহার করি, সেই ফ্ল্যাশের আলো আমাদের মুখের ওপর পড়ে এবং সেখান থেকে প্রতিফলিত হয়ে ক্যামেরায় বন্দি হয়। তবে কৃষ্ণগহ্বরের ব্যাপার আলাদা। সেটি তো সবকিছু গ্রাস করে, আলোর ও নিস্তার নেই। তাই সেখান থেকে কোনও আলোই প্রতিফলিত হয়ে আসার কথা নয়। ১৯৭৯ সালে জঁ-পিয়ের লুমিনে নামের এক বিজ্ঞানী এই বিষয়ে ভাবতে ভাবতে একটা উপায় খুঁজে পান। তখন আধুনিক কম্পিউটারের কোডের একলাইন লেখা হত। তিনি সেই মান্ধাতা আমলের কম্পিউটার ব্যবহার করেই কৃষ্ণগহ্বরের ছবি তুললে কেমন দেখাবে, তার একটা আভাস দিয়েছিলেন। তবে তখন তাঁর কথায় অনেকে গুরুত্ব দেননি, কারণ এরকম ছবি তোলারকথা কল্পবিজ্ঞানের মতো মনে হয়েছিল। (হয়তো আরেকটা কারণ ছিল---তাঁর ফরাসি নামের মধ্যে 'আলো' শব্দটা লুকিয়ে আছে, তাই অনেকে মনে করেছিল যে, 'লুমিনে' একটি ছদ্মনাম, আসল নাম নয়!) কিন্তু তাঁর বক্তব্য ছিল খুব সহজ। আইনস্টাইনের 'আপিক্ষিক তত্ত্ব' অনুযায়ী যে কোনও বস্তু তার চারিদিকের দেশ বা 'স্পেস' বাঁকিয়ে দেয়। যত বেশি ভারী, তত বেশি তার দুমড়ে-মুচড়ে দেওয়ার ক্ষমতা। আমাদের পৃথিবীর চারিদিকেও স্পেস বাঁকা। সেই বাঁধা উঠোনে চলতে গিয়ে চাঁদ সোজা যেতে পারে না—আমাদের চারিদিকে আবর্তন করে। কৃষ্ণগহ্বরের বৈশিষ্ট্য হল তার চারিদিকের স্পেস এত বেশি মোচড়ানো যে, একটা দূরত্বে চলে এলে আলোও বেরনোর পথ পায় না। ছবিতে এই সর্বগ্রাসী অংশটুকু কালো রং দিয়ে দেখানো হয়েছে। কৃষ্ণগহ্বরের সেই মারাত্মক অংশের বাইরের অঞ্চল এত সাংঘাতিকভাবে না হলেও বেশ বাঁকা। আলো সেখানে এলে বন্দি হবে না, একটু নাকানিচোবানি খাবে, এই আর কী! বিশেষ করে একটি দূরত্ব আছে যেখানে আলো পড়লে একবার তার পিছন থেকে ঘুরে এসে ফিরে আসবে। তার চোরাবালি মার্কা দেশের মধ্যে ডুব দিয়ে উঠে আসার মতো।

এর ফলে ছবি তোলার একটি উপায় পাওয়া গেল। কারণ এটাও তো এক ধরনের প্রতিফলন ,ছবি তোলার জন্য যা দরকার। অর্থাৎ, কৃষ্ণগহ্বরের ওপর আলো ফেললে তার একটা বিশেষ দূরত্বে আলোর বিন্দুসমূহ দেখা যাবে। এই আলোকিত বিন্দুগুলোর সমাহার দিয়ে তৈরি হবে একটি আলোকিত বলয়। ঠিক বৃত্ত নয়, তবে প্রায় গোলাকার এক বলয়। আর তাতেই নিহিত থাকবে কৃষ্ণগহ্বরের বৃত্তান্ত। একদিক দিয়ে বলা যায়---এটা কৃষ্ণগহ্বরের ছায়ার ছবি। কারণ আমরা যদি ছবি তোলার সময় ফ্ল্যাশের আলো ব্যবহার করি এবং সেই আলো কোনও নিকষ কালো বস্তুর ওপর পড়ে, তখন তার পিছনে যে ছায়া পড়বে সেই অংশটি আমরা কালো দেখব। এখানেও আলোর বলয়ের ভিতরের অংশটি কালো, কারণ, ওখানে কৃষ্ণগহ্বরের ছায়া পড়েছে।

এর জন্যই কৃষ্ণগহ্বরের ছবিটি একটি আংটির মতো দেখতে। কিন্তু তার একদিকে, অন্যদিকের তুলনায় খানিকাট বেশি উজ্জ্বল কেন? তার কারণ যে ফ্ল্যাশের আলো ব্যবহার করে এই ছবি তোলা হয়েছে, সেটার উৎসটাই এমন যে তার একদিক কানিকটা বেশি উজ্জ্বল।

কৃষ্ণগহ্বরের সামনে আলোর উৎস হল তার কালো গ্রাসে পড়া পদার্থ। কৃষ্ণগহ্বরের মহাকর্ষের টানে তার ওপর এসে পড়ার আগে পদার্থ চরকির মতো পাক খায়। যতই আকষণীয় বস্তু হোক না কেন, একেবারে সরাসরি এসে হুমড়ি খেয়ে পড়ার সম্ভাবনা কম— কারণ সব পদার্থই ছোটাছুটি করছে, দূর থেকেই তার লক্ষ্য যে এই কৃষ্ণগহ্বর হবে, এমন কথা নেই। তাই প্রথম সাক্ষাতে কাছে এসে তার পথ কিছুটা বেঁকে যাবে, তারপর চরকির মতো ঘুরবে। ঘুরতে ঘুরতে ভিতরেরদিকে পড়বে। মহাকর্ষের টানে যত পড়বে, তত তার তাপমাত্রা বাড়বে। একটি বড় পাথরকে দড়ি দিয়ে ঝোলানোর পর আঙ্গুলের ফাঁক দিয়ে গলিয়ে দীরে দীরে নীচে নামতে দিলে দেখা যায়, আমাদের হাত দড়ির ঘষা গেলে গরম হয়ে উঠছে।

খানিকটা সেরকম ঘটনা কৃষ্ণগহ্বরের কাছেও ঘটছে। ফলে পদার্থ খুব তপ্ত হয়, এবং আলো বিকিরণ করতে শুরু হয়, এবং আলো বিকিরণ করতে শুরু করে। এই হল আলোরে এক উৎস। সাধারণত পদার্থ যখন আলো বিকিরণ করে, সে তার চতুর্দিকে সমানভাবে ছড়িয়ে দেয়। কিন্তু যখন পদার্থ পড়িমরি করে প্রায় আলোর গতিবেগে ছোটে তখন তার থেকে নির্গত আলোর বেশিরভাগ সামনের দিকে বেরয়। কৃষ্ণগহ্বরের চারিদিকে তুরকি নাচনে শামিল পদার্থ থেকে যে আলো বেরয়, তার বেশিরভাগ গিয় পড়ছে তার সম্মুখপানে। যেহেতু এই পদার্থসমূহ কৃষ্ণগহ্বরের চারিদিকে ঘুরছে, ফলে তার এক অংশ আমাদের দিকে আলো ফেলছে, অন্য অংশ গিয়ে পড়ছে কৃষ্ণগহ্বরের দিকে। অর্থাৎ যেখানে থেকেই দেখা যাক না কেন, এই চাকতির একদিকের প্রবা অন্যদিক থেকে বেশি। এর নজ্য যে ফ্ল্যাশের আলো বিজ্ঞানীরা ব্যবহার করেছেন, সেটার এক অংশ একটু বেশি উজ্জ্বল। এছাড়াও আরও কিছু জটিল পদ্ধতিতে আলো বেরয়। কৃষ্ণগহ্বরের গিয়ে পড়ার সময় কিছু পদার্থ দু'দিকে পিনকির মতো বেরিয়ে আসে, যার সঠিক কারণ নিয়ে এখনও গবেষণা চলছে। এই দুই পিচকারির মতো বেরনো 'জেট'-র অন্তর্গত পদার্থকণা সেখানকার চৌম্বকক্ষেত্রের মধ্যে ঘূর্ণির মতো ঘোরে, আর এক ধরনের আলো বিকিরণ করে। মাইক্রোওয়েভ তরঙ্গ ব্যবহার করেই বিজ্ঞানীরা ছবি তুলেছেন। মাইক্রোওয়েভ কেন? অন্য ধরনের আলো নয় কেন? কারণ দৃশ্যমান আলো (নীল থেকে লাল রঙের) ব্যবহার করে কৃষ্ণগহ্বরের ছবি তোলা প্রায় অসম্ভব। প্রথমত, মহাকাশের ছড়িয়ে-ছিটিয়ে থাকা গ্যাসপুঞ্জে ঠোক্কর খেতে খেতে পৃথিবীতে আসার পথে সেই আলোর অনেকটাই নানাদিকে বিচ্ছুরিত হয়ে হারিয়ে যাওয়ার সম্ভাবনা থাকে। মাইক্রোওয়েভ তরঙ্গের দৈর্ঘ্য অনেক বেশি। তারা এসব বাধা সহজে পাশ কাটিয়ে যেতে পারে। দ্বিতীয়ত, দৃশ্য আলোর পরিষ্কার করে দেখতে গেলে যত বন ক্যামেরা দরকার,সেটা বানানো অসম্ভব। স্পষ্ট অসম্ভব। স্পষ্ট করে দেখতে গেলে বড় সাইজের চোক চাই—

তরঙ্গৈদের্ঘ্যের তুলনায় যত বড় চোখ, তত প্রখর তার দৃষ্টি। বাজপাখির চোখ পায়রার চেয়ে প্রায় সাত -আটগুণ বড়, তাই সে অত উঁচু থেকেও স্পষ্ট দেখতে পায়।

তাহলে হিসেবে করা দরকার কত বড় চোখ বা লেন্সের প্রয়োজন। আমাদের সবচেয়ে কাচের বিশাল কৃষ্ণগহ্বর বলতে যা আছে, সেটা প্রায় ৫ কোটি আলোকবর্ষ দূরের এক গ্যালাক্সিতে---যার পোশাকি নাম —পৃথিবীর আকাশে কন্যারাশির দিকে এর অবস্থান। এর কেন্দ্রে যে একটি রাক্ষুসে কৃষ্ণগহ্বর আছে— সেটা অনেক দিনের জানা। কারণ এর থেকে বেরনো পিচকারির মতো পদার্থ বহুদূরে গিয় পড়ে— একেবারে গ্যালাক্সির বাইরে। অদ্ভূত সব কাণ্ডকারাখানা ঘটে সেকানে, তাই জ্যোতির্বিদরা এই গ্যালাক্সির রাক্ষসপুরীর ওপর কড়া নজরে রাখেন। বিজ্ঞানীরা অন্যান্য পর্যবেক্ষণ থেকে অনুমান করেছেন যে, এই কৃষ্ণগহ্বরের ভর সূর্যের চেয়ে প্রায় ৬৫০ কোটি গুণ বেশি। ভরের হিসেবে অনুযায়ী এই কৃষ্ণগহ্বরের ছায়া-ছবির যে আলোকিত বলয় হবে, সেটা পৃথিবী থেকে দেখা আর কলকাতায় বসে লন্ডনে রাখা খবরের কাগজ পড়া একই কথা। এজন্যই লুমিনে-র কথা এক সময় কল্পবিজ্ঞানের বিষয় মনে হয়েছিল। এবং সেই প্রায় অসাধাদ্যসাধন করে দেখিয়েছেন এই দামাল বিজ্ঞানী দল। তাঁরা এমন একটি বড় দূরবিন ব্যবহার করেছেন, যার সাইজ হল পুরো পৃথিবী। এখানেই জ্যোতির্বিজ্ঞানীদের কেরামতি। বিশ শতকের চারের দশকে যখন তাঁরা জ্যোতির্বিজ্ঞানের গবেষমায় রেডিও তরঙ্গ ব্যবহার করতে শুরু করেন, তাঁরা বুজতে পারেন যে, একটি দূরবিনকে খুব বেশি বড় করে বানানোর প্রযুক্তিগত বাধা আছে।

(সৌজন্যে প্রতিদিন)



রাজনগরে তৈরি হয়েছে পানীয় জল পরিশোধনাগাড়। সোমবার তোলা ছবি নিজস্ব।

# লোকসভা নির্বাচনের চতুর্থ দফা : আমির খান থেকে কঙ্গণা রানাউত, ভোট দিলেন টিনসেল টাউনের তারকারা

মুম্বই, ২৯ এপ্রিল (হি.স.): ইতিমধ্যেই শান্তিতেই মিটেছে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় দফার ভোটগ্রহণঊ এবার লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় দেশের ন'টি রাজ্যের ৭২টি আসনে চলছে ভোটগ্রহণঊ চতুর্থ দফার নির্বাচনের অন্যতম বড় আকর্ষণ মুম্বইয়ের বলিউড তারকাদের ভোটাধিকার প্রয়োগ। সকাল থেকেই জুহু, বান্দ্রা সহ একাধিক পোলিং বুথে ভিভিআইপিদের দেখা গেল দায়িত্বশীল নাগরিক হিসাবে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করতে। ইতিমধ্যেই ভোট দিয়েছেন অনিল আম্বানি থেকে অভিনেতা পরেশ রাওয়াল, সস্ত্রীক আমির খান, কঙ্গণা রানাউত সহ আরও অনেকে। সপ্তদশ লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় যে সমস্ত রাজ্যগুলিতে ভোটগ্রহণ শুরু হয়েছে, সেই রাজ্যগুলি হল-বিহার, জম্মু ও কাশ্মীর, ঝাড়খণ্ড, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, ওড়িশা, রাজস্থান, উত্তর প্রদেশ ও পশ্চিমবঙ্গঊ সোমবার সকাল সাতটা থেকে শুরু হয়েছে ভোটগ্রহণঊ চতুর্থ দফায় বিহারের পাঁচটি আসনে ভোটগ্রহণ হচ্ছে, জম্মু ও কাশ্মীরের একটি আসন, ঝাড়খণ্ডের তিনটি আসন, মধ্যপ্রদেশের ছ'টি আসন, মহারাষ্ট্রের ১৭টি আসন, ওড়িশার ছ'টি আসন, রাজস্থানের ১৩টি আসন, উত্তর প্রদেশের ১৩টি আসন এবং পশ্চিমবঙ্গের আটটি আসনে ভোটগ্রহণ শুরু হয়েছেঊ মহারাষ্ট্রের নন্দুরবার, ধুলে, ডিন্ডোরি, নাসিক, পালঘর, ভিওয়াণ্ডি, কল্যাণ, থাণে, মুম্বই উত্তর, মুম্বই উত্তর-পশ্চিম, মুম্বই উত্তর-পূর্ব, মুম্বই উত্তর-সেন্ট্রাল, মুম্বই দক্ষিণ-সেন্ট্রাল, মুম্বই দক্ষিণ, মাভল, শিরুর এবং শিরডি লোকসভা আসনে চলছে ভোটগ্রহণ প্রক্রিয়া।

এদিন সকাল থেকেই দেখা গেল হেভিওয়েট ভোটারদের ভোট দিতে। মুম্বইয়ের ক্যাফে প্যারেডের জিডি সোমানিয়া স্কুলের ২১৬ নম্বর পোলিং বুথে ভোট দিয়েছেন অনিল আম্বানি, মুম্বইয়ের ওর্লির ৪৮ নম্বর পোলিং বুথে ভোট দিয়েছেন মুম্বই উত্তর-সেন্ট্রাল সংসদীয় কেন্দ্রের বিজেপি প্রার্থী পুনম মহাজন, একই কেন্দ্রে তাঁর প্রতিদ্বন্দ্বী কংগ্রেস প্রার্থী প্রিয়া দত্ত বান্দ্রার সেন্ট অ্যান''স হাই স্কুলে ভোট দিয়েছেন, বান্দ্রার ২৮৩ নম্বর পোলিং বুথে ভোট দিয়েছেন অভিনেত্রী রেখা, মুম্বইয়ের পোদ্দার রোডের ৪০ এবং ৪১ নম্বর পোলিং বুথে ভোট দিয়েছেন রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার গভর্নর শক্তিকান্ত দাস, গোরেগাঁও-এর একটি পোলিং বুথে ভোট দিয়েছেন উত্তর প্রদেশের গোরক্ষপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রবি কিশান, ভিলে পারলের জামনা বাই স্কুলের ২৫০-২৫৬ পোলিং বুথে ভোট দিয়েছেন বিজেপির বর্তমান সাংসদ পরেশ রাওয়াল এবং তাঁর স্ত্রী স্বরূপ সম্পত, জুহুর একটি পোলিং বুথে ভোটাধিকার প্রয়োগ করেছেন প্রবীণ অভিনেত্রী শুভা খোটে, মুম্বই উত্তর লোকসভা কেন্দ্রের কংগ্রেস প্রার্থী উর্মিলা মাতোন্ডকার ভোট দিয়েছেন বান্দ্রার ১৯০ পোলিং বুথে। মুম্বইয়ের তারদেওতে পোলিং বুথ ৩১-এ ভোট দিলেন এনসিপি (ন্যাশনালিস্ট কংগ্রেস পার্টি) প্রধান শরদ পাওয়ার, জুহুতে একটি ভোটগ্রহণ কেন্দ্রে ভোট দিয়েছেন বলিউড হার্টথ্রব মাধুরী দীক্ষিত, বান্দ্রার সেন্ট অ্যান''স হাই স্কুলে ভোট দিয়েছেন কিরণ রাও এবং আমির খান, ভিলে পার্লের একটি পোলিং বুথে ভোট দেন অভিনেত্রী ভাগ্যশ্রী এবং অভিনেত্রী-মডেল সোনালি বেন্দ্রে, জুহুতে ২৩৫-২৪০ পোলিং বুথে ভোট দিয়েছেন অনুপম খের। মুম্বইয়ের খারে অভিনেত্রী কঙ্গণা রানাউত এদিন ভোট দিলেন, বান্দ্রায় এম.এম.কে কলেজে ১৬৭ নং পোলিং বুথে ভোটাধিকার প্রয়োগ করেছেন চিত্রপরিচালক মধুর ভান্ডারকর ও তাঁর স্ত্রী রেণু নাম্বুদ্রি।

অন্যদিকে, এদিন মালাবার হিলে ভোট দিয়েছেন মাহিন্দ্রা গ্রুপের চেয়ারম্যান আনন্দ মাহিন্দ্রা। ভোট দিয়ে বেরিয়ে তিনি জানান, ঙ্র'আমরা সকলেই প্রগতি এবং উন্নতির দ্বারা প্রভাবিত হয়েছি। এমনকি যদি জোটবদ্ধ সরকারও গঠন হয়, তাদের দেশের প্রগতি এবং উন্নয়নের লক্ষ্যেই কাজ করা উচিত।ঙ্র' মালাবার হিলে ওয়ালসিংহাম স্কুলে ভোটাধিকার প্রয়োগের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে পীযুষ গোয়েল জানান, ঙ্র'এই মুহূর্তে দেশের সর্বোচ্চ নেতা হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীঊ উত্তর, দক্ষিণ, পূর্ব এবং পশ্চিম দেশের সর্বত্রই এখন মোদী ঢেউঊ এবারের নির্বাচন হল সুনামি নির্বাচনঊ উত্তর, দক্ষিণ, পূর্ব এবং পশ্চিম দেশের সর্বত্রই এখন মোদী ঢেউঊ এই মুহূর্তে দেশের সর্বোচ্চ নেতা হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

# মোবাইল নিয়ে বুথে প্রবেশ দুধকুমার মণ্ডলকে শো-কজ নির্বাচন কমিশনের

বীরভূম, ২৯ এপ্রিল (হি.স.): বীরভূম জেলার বিভিন্ন বুথে ইভিএম খারাপের অভিযোগ তুললেন জেলার বিজেপি নেতা তথা বীরভূম লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দুধকুমার মণ্ডলঊ এমনকি তিনি নিজেও ভোট দিতে গিয়ে দেখেন ইভিএম খারাপঊ এছাড়াও মোবাইল ফোন নিয়ে বুথের ভিতরে প্রবেশ করার অভিযোগ উঠেছে দুধকুমার মণ্ডলের বিরুদ্ধেঊ এই অভিযোগের প্রক্ষিতে নির্বাচন কমিশন জানিয়েছে, মোবাইল নিয়ে বুথে ঢোকার অভিযোগে দুধকুমার মণ্ডলকে শো-কজ করা হয়েছেঊভোটগ্রহণ শুরু হওয়ার পর থেকেই বীরভূমের মুরারই ৬৮ নম্বর বুথে গণ্ডগোলের খবর আসতে থাকেঊ মহম্মব বাজারে একাধিক বুথে ইভিএম খারাপের খবর আসতে থাকেঊ ইভিএম বিকল হওয়ার খবর আসতে থাকে বোলপুর নীচুপট্টী উচ্চ বিদ্যালয়েক ২০৫ ও ২০৭ নম্বর বুথে, ফলে ক্ষোভ প্রকাশ করেন ভোটাররা, ১৭৭ ও ১৭৮ দুবরাজপুর গার্লস হাইস্কুলে ইভিএম খারাপঊ এছাড়াও ময়ূরেশ্বরের ব্রাহ্মণবহরা প্রাথমিক বিদ্যালয়ে ইভিএম খারাপ হওয়ার কারণে ভোট দিতে গিয়ে লাইনে দাঁড়িয়ে থাকে খোদ বীরভূম লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দুধকুমার মণ্ডলঊ অভিযোগ, ইভিএম খারাপের বিষয়টি খতিয়ে দেখার জন্য মোবাইল ফোন নিয়েই বুথের ভিতরে ঢুকে পড়েন দুধকুমার মণ্ডলঊ এরপর নির্বাচন কমিশন তাঁকে শো-কজ করেছেঊ দুধকুমার মণ্ডল জানিয়েছেন, বীরভূমের বিভিন্ন জায়গা থেকে সন্ত্রাসের খবর আসছেঊ বিজেপি এজেন্টদের ৰুথে ঢুকতে দেওয়া হচ্ছে নাঊঅন্যদিকে, অনুব্রত মণ্ডলকে গৃহবন্দী করে রেখেছে নির্বাচন কমিশনঊ তা সত্ত্বেও বীরভূম জেলার নানুরে ভোটগ্রহণকে ঘিরে অশান্তি ছড়ালঊ বিজেপি সমর্থকদের ভোট দিতে বাধা দেওয়ার অভিযোগ উঠেছে তৃণমূলের বিরুদ্ধেঊ পাশাপাশি তৃণমূলের ক্যাম্প অফিসে হামলার অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে।

# বোলপুরে ইভিএমে আতর লাগানোর অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে

বোলপুর ২৯ এপ্রিল (হি. স.) : বীরভূমের বোলপুর লোকসভা কেন্দ্রের ইলামবাজার ব্লকের জয়দেব কেন্দুলী অঞ্চলের সুগড় বুথে (৬২) ও রঘুনাপুর বুথে (৬৩) ভোটারদের বুথের ২০০ মিটারের মধ্যে জিলিপি, ঘুগনি মুড়ি প্যাকেট দিয়ে ভোট না দিতে দিয়ে বাড়ি পাঠানো হচ্ছে। দুটি বুথের ইভিএমের তৃণমূলের প্রতিকে আতর লাগিয়ে রাখা হয়েছেন। যদি কেও কোনো ক্রমে ভোট দিয়ে আসছে তাঁর আঙুলের গন্ধ শুকছে। কেন্দ্রীয় বাহিনী ও ভোট কর্মীরা রবিবার রাতে থেকে তৃণমূলের দেওয়া সিগারেট ও রকমারি খাবারে বিভোর।

এদিকে বীরভূমের একাধিক বুথে রাজ্য সরকারি কর্মচারীরা শাসক দল ও তৃণমূল কংগ্রেসের হয়ে কাজ করছে — অভিযোগ জানিয়েছেন বিজেপি প্রার্থী দুধকুমার মণ্ডল। দুধকুমারের মতে, বীরভূম লোকসভা কেন্দ্রের বিভিন্ন বুথে ভোটারদের লম্বা লাইন। কিন্তু দেখা যাচ্ছে, সেখানে বেলা পর্যন্ত ভোট শুরু হচ্ছে না। কড়া রোদ, প্রচণ্ড গরমেও ভোটাররা ধৈর্য ধরে লাইনে দাড়িয়ে রয়েছেন। কিন্তু ভোট শুরু করা যাচ্ছে না। কারণ ভোটকর্মীদের সদিচ্ছার অভাব। দুধকুমার এই অভিযোগ বীরভূম জেলায় কর্মরত নির্বাচন কমিশনের অফিসারদের জানিয়েছেন। বীরভূমের বিজেপি প্রার্থীর মতে, জানিয়ে কোন লাভ হয়নি। দেখবো দেখছি বলে অভিযোগ পাত্তা দেয়নি কমিশন।

# ইঞ্জিনিয়ারিং কলেজগুলিকে এনবিএ-র তকমা, সাহায্য করবেন মেন্টররা

কলকাতা, ২৯ এপ্রিল (হি. স.) : ইঞ্জিনিয়ারিং কলেজের বিভিন্ন পাঠ্যক্রমের স্বীকৃতির জন্য ন্যাশনাল বোর্ড অফ অ্যাক্রিডিটিশনের (এনবিএ) ছাড়পত্র দরকার বলে অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন (এআইসিটিই) বারবার নির্দেশিকা জারি করছে। তারজন্য এবার কলেজগুলিকে সাহায্য করতে এগিয়ে এল খোদ কাউন্সিলই।পাঠ্যক্রমের স্বীকৃতি পেতে কী করতে হবে, কী করে কলেজগুলি প্রস্তুতি নেবে, তার জন্য অবসরপ্রাপ্ত শিক্ষক, বিশেষজ্ঞদের কাজে লাগাতে চায় এআইসিটিই। এক বিজ্ঞপ্তি দিয়ে কাউন্সিল জানিয়েছে, এই কাজের জন্য অবসরপ্রাপ্তরা আবেদন করতে পারবেন। এই কাজে অভিজ্ঞতা রয়েছে, সেরকমই শিক্ষকদেরই অগ্রাধিকার দেওয়া হবে। বর্তমানে মাত্র ১৬ শতাংশ ইঞ্জিনিয়ারিং পাঠ্যক্রমের 'এনএবি'-এর স্বীকৃতি আছে। এই স্বীকৃতি ২০২২ সালের মধ্যে দেশের ৫০ শতাংশ ক্ষেত্রে আদায়ের লক্ষ্যমাত্রা স্থির করেছে কাউন্সিল। তাই মেন্টর নিয়োগ করে এই প্রক্রিয়াকে তরান্বিত করতে চাইছে কাউন্সিল।এনআইটি, আইআইটি'র অবসরপ্রাপ্ত শিক্ষকরা এই কাজের জন্য আবেদন করতে পারবেন। বাছাই করা শিক্ষকরা প্রতিষ্ঠানগুলির মেন্টর হিসেবে কাজ করবেন। ন্যাশনাল বোর্ড অব অ্যাক্রেডিটেশনের মাধ্যমে কী করে কোর্সের স্বীকৃতি পাওয়া যাবে, তার জন্য আবেদনের কী পদ্ধতি ইত্যাদি বিষয়ে সাহায্য করবেন মেন্টররা।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিংয়ের শিক্ষক তরুণ নস্কর হিন্দুস্থান সমাচার'-কে বলেন, "ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে যে যে বিষয় পড়ানো হয় তার জন্য এআইসিটিই-র অ্যাক্রেডিটেশন লাগে। এআইসিটিই দেখে কোনও বিশেষ বিষয়ের পঠন-পাঠনের জন্য এআইসিটিই নির্ধারিত পরিকাঠামো ওই কলেজের আছে কিনা। এ ব্যবস্থা নতুন নয়। এআইসিটিই জন্মের পর থেকেই তা চালু আছে। তার জন্য এমন মেন্টরের দরকার এতদিন হয়নি। হঠাৎ এখন হল কেন তা পরিষ্কার নয়। একদিকে পাশ করা ইঞ্জিনিয়ারের চাকরির অভাবে ইঞ্জিনিয়ারিং কলেজগুলো বন্ধ হয়ে যাচ্ছে। অন্যদিকে নতুন কোর্স চালু করার জন্য মেন্টরের ব্যবস্থা করা। ইঞ্জিনিয়ারিং কলেজগুলো যাতে আর বন্ধ না হয় এটা তার জন্য ব্যবস্থা।"

উল্লেখ করা যেতে পারে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে এনবিএ-র তকমা রূপায়ণ নিয়েও সমস্যা চলছে। কয়েক মাস আগে এই প্রতিষ্ঠানে এনবিএ-র নামে বোর্ড অফ স্টাডিজের (বিওএস) সিলেবাস তৈরির বিধিবদ্ধ ক্ষমতা কেড়ে নেওয়া হয়। সেই সঙ্গে ফ্যাকাল্টি কাউন্সিলকে দিয়ে সিলেবাস বা পাঠ্যক্রম ও পাঠ্যসূচি তৈরি করা হয়। এতে বিওএস-র স্বাধিকারে হস্তক্ষেপ করা হচ্ছে বলে অভিযোগে ক্যাম্পাসে শিক্ষকদের একাংশ সরব হয়।এ বিষয়ে আলোচনা হয় ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টি কাউন্সিলের সভায়। শিক্ষক সংগঠন 'আবুটা'-র দীর্ঘ আন্দোলনের চাপে ফ্যাকাল্টি কাউন্সিলের সভায় উপাচার্য বিওএস-র সিলেবাস তৈরির স্বাধিকারের স্বীকৃতি দেন।

# রাজীব খেল রত্ন, অর্জুন ও দ্রোণাচার্য্য পুরস্কারের জন্য সুপারিশ ডব্লিউএফআই-এর

নয়াদিল্লি, ২৯ এপ্রিল (হি.স.) : কুস্তিতে "খেল রত্ন"-সহ একাধিক পুরস্কারের জন্য একগুচ্ছ ক্রীড়াবিদের নাম সুপারিশ করল "রেসলিং ফেডারেশন অফ ইন্ডিয়া" (ডব্লিউএফআই)। "রাজীব গান্ধী খেল রত্ন অ্যাওয়ার্ড"-এর জন্য মহিলা কুস্তিগীর ভিনেশ ফোগট ও ফ্রীস্টাইল কুস্তিগীর বজরং পুনিয়ার নাম সুপারিশ করল "রেসলিং ফেডারেশন অফ ইন্ডিয়া" (ডব্লিউএফআই)। একইসঙ্গে "অর্জুন অ্যাওয়ার্ড"-এর জন্য রাহুল আওয়ারে, হরপ্রীত সিং, দিব্যা করন এবং পূজা ধান্ডা, "দ্রোণাচার্য্য অ্যাওয়ার্ড"-এর জন্য বীরেন্দর কুমার, সুজিত মান, নরেন্দ্র কুমার এবং বিক্রম কুমার এবং "ধ্যানচাঁদ অ্যাওয়ার্ড"-এর জন্য ভীম সিং এবং জয় প্রকাশের নাম সুপারিশ করেছে ডব্লিউএফআই।

"রেসলিং ফেডারেশন অফ ইন্ডিয়া" (ডব্লিউএফআই) সম্মানীয় "রাজীব গান্ধী খেল রত্ন পুরস্কার", "অর্জুন পুরস্কার" এবং "দ্রোণাচার্য্য পুরস্কার"-এর জন্য মনোনয়ন দিয়েছে এদিন। বর্তমানে, ওয়ার্ল নং ১, ক্রীড়াবিদ বজরং পুনিয়া, চীনের জি"য়ানে এশিয়ান রেসলিং চ্যাম্পিয়নশিপে ভারতীয় প্রতিনিধি হিসেবে স্বর্ণপদক জয় করেছেন। গত বছর এশিয়ান গেমসেও তিনি স্বর্ণপদক জিতেছিলেন। ২০১৮ সালের বিশ্বকাপ চ্যাম্পিয়নশিপ এবং গত বছর কমনওয়েলথ গেমসে স্বর্ণপদক, ২০১৭ এশিয়ান চ্যাম্পিয়নশিপে স্বর্ণপদক, ২০১৮ এশিয়ান চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ এবং গত সপ্তাহে আরেকটি স্বর্ণপদক জয়লাভ করেছেন তিনি। আরেকজন পদকজয়ী মহিলা কুস্তিগীর হলেন ভিনেশ ফোগট, যিনি গত চার বছরে সমানভাবে সমাদৃত ছিলেন। ২০১৪, ২০১৮ সালে কমনওয়েলথ গেমসে তিনি স্বর্ণপদক জিতেছেন, ২০১৪ এশিয়ান গেমসে ব্রোঞ্জ এবং ২০১৮ সালের এশিয়ান গেমসে স্বর্ণপদক ছিল তাঁর দখলে। এশিয়ান চ্যাম্পিয়নশিপে এ বছর তিনটি রৌপ্যপদক এবং দুই ব্রোঞ্জ পদক জিতেছেন। প্রসঙ্গত, যুব ও ক্রীড়া মন্ত্রক কর্তৃক ভূষিত দেশের সর্বোচ্চ ক্রীড়া সম্মান হল এই "খেল রত্ন", যার জন্য সুপারিশ করা হয়েছে এই দুই ক্রীড়াবিদের নাম। একইসঙ্গে "অর্জুন পুরস্কার"-এর জন্য রাহুল আওয়ারে, হরপ্রীত সিং, দিব্যা করন এবং পূজা ধান্ডা, "দ্রোণাচার্য্য অ্যাওয়ার্ড"-এর জন্য বীরেন্দর কুমার, সুজিত মান, নরেন্দ্র কুমার এবং বিক্রম কুমার এবং "ধ্যানচাঁদ পুরস্কার"-এর জন্য ভীম সিং এবং জয় প্রকাশের নাম সুপারিশ করেছে ডব্লিউএফআই।

# নকুলদানা বিলি করে সকাল থেকে ভোট চলছে বীরভূমে

বোলপুর, ২৯ এপ্রিল (হি. স.) : মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বীরভূম জেলায় নির্বাচনী প্রচারে এসে প্রকাশ্য মঞ্চ থেকে অনুব্রতকে উদ্দেশ্য করে বলেন, ঙ্র' কেষ্ট ওরা একটু ধমকাবে চমকাবে। ওদের পার্টি অফিস থেকে সব কিছু নিয়ন্ত্রণ হয়। বাঘের বাচ্চার মতো লড়াই করো। মানুষকে সাথে নিয়ে লড়াই করবে। তোমাদের হিম্মতকে আমি সম্মান করি। হিম্মত কে স্যালুট করি। কেউ আসবে কেউ যাবে কারোর সাথে খারাপ ব্যবহার করবে না। তবে মনে রাখবেন বিজেপির দালালদের চিনে রাখবেন। পরে কাজে লাগবে।

ভোটের দিন সকাল থেকেই কেজি কেজি নকুলদানা বিলি হচ্ছে। ফলে একলাফে জেলা জুড়ে নকুলদানা বিলি অনেকগুন বেড়ে গেছে। যা নিয়ে দোকানদার দের উচ্ছাস ধরা পরেছে। একসময় অনুব্রত গুড় বাতাসা দিতে বলতো। এবার তার নয়া টোটকা নকুলদানা।এবিষয়ে অনুব্রতর যুক্তি প্রবল গরম পরেছে। কি আর দিতে পারব। গরীবের পার্টি আমরা। আগে বাতাসা দিতাম। এখন তার থেকে তুলনায় একটু কম দাম নকুলদানার। তাই কিছু তো দিতে পারছি না সামান্য নকুলদানা জল দিযে আতিথেয়তা করছি আমরা। এদিন অনুব্রত মন্ডল বলেন, আজ জেলা জুড়ে ব্যাপক হারে

ছয়ের পাতায়


# সমস্যায় বিচারপ্রার্থীরা : কর্মবিরতি প্রত্যাহার নিয়ে সোমবার আইনজীবীদের বৈঠক

কলকাতা, ২৯ এপ্রিল (হি.স.): কর্মবিরতি প্রত্যাহার নিয়ে সোমবার আলোচনায় বসবেন আইনজীবীদের বিভিন্ন সংগঠনের প্রতিনিধিরা। হাওড়া আদালত চত্বরে গত বুধবার আইনজীবীদের সঙ্গে পুরসভার নিরাপত্তারক্ষীদের গণ্ডগোলকে কেন্দ্র করে রাজ্যজুড়ে আইনজীবীদের লাগাতার কর্মবিরতি শুরু হয়েছে। এর জেরে সমস্যায় পড়ছেন বিচারপ্রার্থীরা। রাজ্য বার কাউন্সিল সদস্য তথা সরকারি আইনজীবী বৈশ্বানর চট্টোপাধ্যায় সোমবার 'হিন্দুস্থান সমাচার'-কে বলেন, "এদিন বেলা চারটায় কাউন্সিল অফিসে বিষয়টি নিয়ে জরুরি বৈঠকে বসার কথা। সেখানে আলাপ আলোচনার পর ঠিক করা হবে, এই কর্মবিরতি চলবে না প্রত্যাহার করা নেওয়া হবে।"''' উল্লেখ্য, বৈঠকে বৈশ্বানর চট্টোপাধ্যায় ছাড়াও তৃণমূল সাংসদ এবং দলের তরফে দক্ষিণ ২৪ পরগনার ভারপ্রাপ্ত নেতা শুভাশিস চক্রবর্তীর থাকার কথা। সূত্রের খবর, শহরে তিনটি আদালতে চলতি সপ্তাহে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ মামলার রায় ঘোষণার কথা ছিল। সেই রায়দান পিছিয়ে গিয়েছে। চলতি সপ্তাহে ওই সব মামলার রায়দানের দিন ধার্য হয়েছে। আইনজীবীরা আগেই জানিয়েছিলেন সোমবার পর্যন্ত বিভিন্ন আদালতে এই কর্মবিরতি চলবে। শহরের বিভিন্ন আদালতের আইনজীবী সংগঠনের কর্তারা পরবর্তী পরিস্থিতি নিয়ে সোমবার জরুরি আলোচনায় বসবেন। সপ্তাহের প্রথম দিন সোমবারও এই কর্মবিরতি চললে বিচার প্রার্থীদের ভোগান্তি বাড়বে বলে মনে করেন অনেকেই। বিচারপ্রার্থীদের অনেকেরই বক্তব্য, এমনিতেই বিভিন্ন মামলার নিষ্পত্তি হতে লেগে যায় দীর্ঘ সময়। সেখানে এইভাবে দিনের পর দিন আদালতে কর্মবিরতি চলতে থাকলে পরিস্থিতি যে কোন দিকে মোড় নেবে, তা সহজেই অনুমেয়। ব্যাঙ্কশাল ও নগর দায়রা কোর্টে জেল থেকে আসা আসামিদের গাড়ি কোর্ট চত্বরে ঢুকতে শুক্রবার বাধা দেওয়া হয়। তা নিয়ে পরিবেশ উত্তপ্ত হয়। তাই এদিন যাতে এই ধরনের অপ্রীতিকর ঘটনা না ঘটে, তার জন্য আদালত চত্বরে পুলিশ বাহিনী মোতায়েন রাখা হয়েছে। এই পরিস্থিতিতে অনেকে মনে করছেন আলাপ আলোচনার মাধ্যমে উচিত বিষয়টি দ্রুত মিটিয়ে নেওয়া। আগামীকাল বিকেলে এই বিষয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির কাছে যাচ্ছে রাজ্য বার কাউন্সিলের এক প্রতিনিধিদল। অন্যদিকে, আদালত বন্ধ থাকলেও ২৪ ঘণ্টার মধ্যে আসামিদের হাজির করার বিশেষ কোর্টগুলি ছিল খোলা থাকছে। কিন্তু আলিপুর, ব্যাঙ্কশাল, শিয়ালদহ-র এই বিশেষ আদালতে কোনও মামলার সওয়ালে অংশ নেননি আইনজীবীরা। কোথাও কোথাও আসামিরা নিজেরাই সওয়ালে অংশ নেয়। এদিকে, ব্যাঙ্কশাল কোর্টের ল ক্লার্ক অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক বাপন চক্রবর্তী বলেন, এই কর্মবিরতির কারণে কিছুটা হলেও ল ক্লার্করা সমস্যায় পড়ছেন। আমরা চাই, দ্রুত কর্মবিরতি প্রত্যাহার করা হোক। কারণ আমরা দিন আনি দিন খাই। এইভাবে লাগাতার কর্মবিরতি চললে আমরা মাঠে মারা যাব। দক্ষিণ ২৪ পরগনার সহকারী সরকারি আইনজীবী শিবনাথ অধিকারী জানান, এই কর্মবিরতির কারণে ক'দিন যাবৎ জেলা জজের এজলাসে জামিনের আবেদন সংক্রান্ত মামলাগুলির কোনও শুনানি হয়নি।

# জয়নগরে তৃণমূলের দলীয় কার্যালয়ে আগুন লাগানোর অভিযোগ বিজেপির বিরুদ্ধে

জয়নগর, ২৯ এপ্রিল (হি. স.) : তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয়ে আগুন লাগানোর অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে। রবিবার রাতে জয়নগর থানার অন্তর্গত বামনগাছি গ্রাম পঞ্চায়েতের বিশ্বাসের চক এলাকায় তৃণমূলের দলীয় কার্যালয়ে আগুন লেগে যায় আচমকা। এই আগুন লাগার পিছনে স্থানীয় বিজেপি নেতা কর্মীদের হাত রয়েছে বলে দাবি করেছেন জয়নগর এর তৃণমূল নেতৃত্ব।তাদের দাবী রবিবার সন্ধ্যায় এলাকায় যাদবপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দলীয় কর্মী সমর্থকদের নিয়ে এলাকায় রোডশো করেন। সেই রোডশো শেষ হয়ে যাওয়ার পর রাতেই বিজেপি আশ্রিত দুষ্কৃতীরা এই ঘটনা ঘটিয়েছে। যদিও এই অভিযোগ অস্বীকার করেছেন স্থানীয় বিজেপি নেতৃত্ব। তাদের দাবী তৃণমূলের গোষ্ঠী কোন্দলের ফলেই এই ঘটনা ঘটেছে। পুলিশ সঠিক ও নিরপেক্ষ তদন্ত করে দোষীদের গ্রেফতার করুক বলেই দাবী বিজেপির। রবিবার সন্ধ্যায় এই বিশ্বাসের চক এলাকায় যাদবপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অনুপম হাজরা ভোট প্রচারের জন্য রোডশো করেন বিজেপি কর্মী সমর্থকদের সাথে নিয়ে। সবকিছুই ঠিকঠাক ভাবে হয়। তৃণমূল কংগ্রেসের অভিযোগ বিজেপির সেই রোডশো শেষ হওয়ার পর রাতের অন্ধকারে তাদের দলীয় কার্যালয়ে আগুন লাগিয়ে দেওয়া হয়। কার্যালয়ে থাকা একটি টিভি ও চুরি করে নিয়ে যাওয়া হয় বলে অভিযোগ।

এই ঘটনায় বিজেপির হাত রয়েছে বলে সোমবার সকাল থেকে এলাকায় দোষীদের গ্রেফতারের দাবিতে বিক্ষোভ মিছিল করতে থাকে তৃণমূল কংগ্রেস কর্মীরা। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় যথেষ্ট উত্তেজনা ছড়ায়। ঘটনার খবর পেয়ে জয়নগর থানার পুলিশ এসে তদন্ত শুরু করে। যদিও এই ঘটনায় বিজেপির কোন হাত নেই বলেই স্থানীয় বিজেপি নেতৃত্ব দাবী করেছেন। এই ঘটনা তৃণমূলের গোষ্ঠী কোন্দলের ফলেই ঘটেছে এবং এ বিষয়ে পুলিশকে সঠিক ও নিরপেক্ষ তদন্তের দাবী জানিয়েছেন বিজেপি নেতৃত্ব।




বাজারে এসে গেলো রসালো তরমুজ।ছবি- নিজস্ব।


# হরেকরকম
হরেকরকম
হরেকরকম

## এবার মাথা প্রতিস্থাপন




**নিউইয়র্ক ঃ** নিজের মাথা ভিন্ন শরীরে প্রতিস্থাপনের প্রস্তুতি নিচ্ছেন ৩০ বছর বয়সি রাশিয়ান নাগরিক ভ্যালেরি স্পিরিদোনভ। পরিকল্পনামাফিক সব ঠিক থাকলে ২০১৭ সালের চিকিৎসা বিজ্ঞানের ইতিহাসে প্রথমবারের মতো কোনো মানুষের দ্বিতীয় কোনো ব্যক্তির শরীরে প্রতিস্থাপন করবেন চিকিৎসকরা। প্রাণঘাতী পেশী ক্ষয়রোগ স্পাইনাল মাসকিউলার অ্যাট্রফিতে (এসএমএ) ভুগছেন স্পিরিদোনভ। নিজের জীবন রক্ষার জন্যই নিজের মাথা প্রতিস্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন তিনি। নিউইয়র্ক পোস্টের প্রতিবেদন অনুযায়ী যুগান্তকারী এ্রি অপারেশনের মূল কাণ্ডারি হিসেবে থাকবেন ইতালিয়ান চিকিৎসক ড.সের্গেই ক্যানাভেরো। সব মিলিয়ে ৩৬ ঘণ্টার অপারেশনে অংশ নেবেন দেড়শ চিকিৎসক ও নার্স। অপারেশনে স্পিরিদোনভের মাথা কেটে বসানো হবে বেইন ডেড ডোনার বডি'তে। মস্তিষ্ক মৃত হলেও সম্পূর্ণ সুস্থ হতে হবে ওই দাতার শরীর। এখানেই শেষ নয়, দাতা শরীরের স্পাইনাল কর্ড ও জগুলার ভেইনের স্পিরিদোনভর স্পাইনাল কর্ড ও জাগুলার ভেইন সফলভাবে সংযুক্ত করতে না পারলে ব্যর্থ হবে অপারেশন। মাঝে বাধ সেধেছে রাশিয়ার অর্থোডক্স চার্চ। শরীর ও আত্মা অবিচ্ছেদ্য হওয়ায় এই অপারেশন ধর্মীয় বিশ্বাস বিরোধী বলে ঘোষণা করেছে চার্চ কর্তৃপক্ষ। এই অপারেশন নিয়ে সমালোচনা চলছে চিকিৎসাবিজ্ঞানের জগতেও। এ ব্যাপারে স্পিরিদোনভের বক্তব্য, আমি ভয় পাচ্ছি, কিন্তু যে ব্যাপারটা কেউ বুঝতে পারছে না, সেটা হল আমার হাতে অন্য কোনো উপায় নেই। প্রতি বছর আমার শারীরিক অবস্থা আরও খারাপ হচ্ছে। আমার মা তার আর্শীবাদ দিয়েছেন। আমার কাছে এটাই সবচেয়ে বড় ব্যাপার। চিকিৎসাবিজ্ঞানের জগতেও এই অপারেশন নিয়ে সমালোচনা চলছে বলে জানিয়েচে ব্রিটিশ সংবাদপত্র দ্য ইন্ডিপেন্ডন্ট এমনটা কারও সঙ্গে হোক তা আমি কখনও চাই না। আমি কাউকে এমনটা করতেও দিতাম না। কারণ, মৃত্যুর থেকেও খারাপ অনেক কিছুই আছে মন্তব্য করেছেন আমেরিকান অ্যাসোসিয়েশন ফর নিউরোজিক্যাল সার্জনসের প্রেসিডেন্ট নির্বাচিত ড. হান্ট ব্যাটজার। এক শরীর থেকে মাথা কেটে অন্য শরীরে বসালে ওই ব্যক্তি নানা শারীরিক ও মানসিক জটিলতার আশঙ্কা থাকে। ওই শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা ভেঙে পড়ে শেষ পর্যন্ত মৃত্যুর আশঙ্কাই বেশি। অন্যদিকে স্পিরিদোনভের অপারেশন মূল উদ্যোক্তা ড. কানাভোরোকে উন্মাদ বল আখ্যা দিয়েছেন নিউইয়র্ক ইউনিভার্সিটির ল্যাঙ্গন মেডিক্যাল সেন্টারের পরিচালক আর্থার কাপলান। মানুষের মাথা প্রতিস্থাপনের এটাই প্রথম ঘটনা হলেও ১৯৭০ সালে বানরের উপর পরীক্ষামূলকভাবে এই অপারেশন চালানো হয়েছিল। স্পাইনাল কর্ড সঠিকভাবে সংযুক্ত করতে না পারায় শ্বাসকষ্ট ও পঙ্গুত্বে ভুগে ৮ দিনের মাথায় মারা যায় ওই বানর। নিউইয়র্ক পোস্টের প্রতিবেদন অনুযায়ী ১৯৫৪ সালে সোভিয়েন সার্জন ভ্লাদিমির দেমিকভ অপারেশন করে ২০ টি কুকুরের শরীরে বাড়তি মাথা জুড়ে দিয়েছিলেন। এক মাসের বেশি সময় বাঁচেনি ওই কুকুরগুলো। মানবশরীরের ক্ষেত্রে সফলভাবে মাথা প্রতিস্থাপন করা সম্ভব হতে পারে বলে মন্তব্য করেছেন রাশিয়ান ন্যানো বায়ো রিসার্চার আলেক্সান্দার জাভোরোনভ। তবে পরবর্তীতে ওই ব্যক্তি বেশি সময় বাঁচবে না বলেই মন্তব্য করেছেন তিনি।

## বিষণ্ণতার চিকিৎসায় সহায়ক রিস্টব্যান্ড



**নিউইয়র্ক ঃ** বিষণ্ণতা রোগের চিকিৎসায় সহায়ক হতে পারে রিস্টব্যান্ড। কারণ, হাতে পরা এই ব্রেসলেটের সাহায্যে ব্যক্তির ২৪ ঘণ্টার গতিবিধি রেকর্ড করা সম্ভব। বিষণ্ণতার আরও বেশি কার্যকর চিকিৎসায় এ পদ্ধতি অনেকটাই কাজে আসতে পারে। যুক্তরাষ্ট্রের নতুন এক গবেষণায় একথা বলা হয়েছে। এ গ্যাজেটের সাহায্যে চিকিৎসকরা মারাত্মক বিষণ্ণতায় ভোগা রোগীদেরকে সনাক্ত করার পাশাপাশি প্রোজাকের মতো সবচেয়ে ভাল ওষুধে দিয়ে তাদেরকে সারিয়ে তোলার ব্যবস্থাও নিতে পারেন। জর্জিয়া মেডিকেল কলেজের ডব্লিউ. ভোগ ম্যাককল বলেন, সিলেক্টিভ সেরোটোনিন রিআপটেক ইনহিবিটরস বা এসএসআরআইএস এখন বিষণ্ণতা চিকিৎসার ভিত্তিমূল কিন্তু ফল পাওয়ার চেষ্টায় চিকিৎসকদের অনেক মাস ধরে, ওষুধের বিভিন্ন রকম ডোজ দিয়ে এবং ভিন্ন ভিন্ন এস এস আর আই এস পদ্ধতি ব্যবহার করতে হতে পারে। বিশেষ করে যারা নিশাচর তাদের ক্ষেত্রে এস এস আর আই এস ভাল সাড়া দেবে বলে মনে করেন তিনি। এই নিশাচর মানুষেরাই বিষণ্ণতায় ভোগার সম্ভাবনা বেশি উল্লেখ করে ম্যাককল বলেন, এদের মধ্যে রোগীকে সনাক্ত করা সম্ভব হতে পারে এবং তাদেরকে ওষুধ দিয়ে চিকিৎসা করার প্রয়োজনও পড়তে পারে।

## নক্ষত্রের সৃষ্টি দেখালেন জ্যোর্তিবিজ্ঞানীরা



**নিউইয়র্ক ঃ** এক প্রতিবেদনে সংবাদ মাধ্যম বিবিসি জানিয়েছে, ১৯৯৬ সালে নক্ষত্রটির সৃষ্টি প্রক্রিয়া শুর দ্রহনলে রেডিও টেলিস্কোপ তা ধরা পড়ে এবং ১৮ বছর পর পৃথক আরেক রেডিও টেলিস্কোপের সাহায্যে নতুন নক্ষত্রটির সৃষ্টি প্রক্রিয়া সম্পন্ন হতে দেখেন বিজ্ঞানীরা। নতুন এই নক্ষত্রটি পৃথিবী থেকে চার হাজার দুইশ আলোকবর্ষ দূরে অবস্থিত এবং এটির চারপাশ গোলাকৃতির ধুলোর মেঘের আস্তরে ঘেরা বলেই জানিয়েছে সংবাদ সংস্থা। সূর্যের চেয়েও প্রায় তিনশ গুণ বেশি উজ্জ্বল নতুন এ নক্ষত্রটির নাম দেয়া হয়েছে 'ডব্লিও ৭৫ এন (বি) ভি এল এ ২'। নক্ষত্রটির সৃষ্ট প্রক্রিয়া দেখার পর ধারণা করা হচ্ছে নক্ষত্র ওঠার সময় চৌম্বক ক্ষেত্র বড় ভূমিকা পালন করেছিল। ২০০৯ সালে ভিন্ন এক গবেষণা চলাকালীন জেআইভিই-এর (জয়েন্ট ইন্সটিটিউট ফর ভিএলবিআইএন ইন ইউরোপ) বিজ্ঞানীরা নক্ষত্রটির বর্তমান অবস্থানের নিকটবর্তী অঞ্চলে এক বৃহৎ চৌম্বকীয় ক্ষেত্রের খোঁজ পেয়েছিলেন যা নক্ষত্রটিকে ঘিরে রেখেছিল। জ্যোতির্বিজ্ঞানীরা ধারণঅ করছেন, ১৮ বছর আগে নক্ষত্রটির জন্মের সময় যে বিস্ফোরণ ঘটেছিল সেটির সঙ্গে এই বৃহৎ চোম্বকীয় ক্ষেত্রের সম্পর্ক রয়েছে। জ্যোর্তিবিজ্ঞানীরা আশা করছে, পর্যবেক্ষনের মাধ্যমে নতুন নক্ষত্রটির ক্রমাগত গড়ে ওঠা সম্পর্কে ভবিষ্যতে আরও অনেক তথ্য জানা যাবে। এ বিষয়ে প্রাপ্ত ফলফল সায়েন্স জার্নালে প্রকাশিত হয়েছে বলে জানায় সংবাদ সংস্থা।

## ভিনগ্রহে প্রাণের অস্তিত্ব মিলবে ১০ বছরেই ঃ নাসা

**নিউইয়র্ক ঃ** আগামী এক দশকের মধ্যেই পৃথিবীর বাইরে প্রাণের অস্তিত্বের লক্ষণ এবং দুই থেকে তিন দশকের মধ্যে এর সুনির্দিষ্ট প্রমাণ পাওয়ার আশা করছে। যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা নাসা। এ সপ্তাহের শুরুতে বাসযোগ্য নানা গ্রহ ও ভিনগ্রহের প্রাণের (এলিয়ন লাইফ) সন্ধান' বিষয়ক এক আলোচনায় আশা প্রকাশ করে নাসা'র প্রধান বিজ্ঞানী এলেন স্তফান বলেন, আমার মনে হয়, আগামী এক দশকের মধ্যেই আমরা পৃথিবীর বাইরে প্রাণের সুস্পষ্ট লক্ষণ দেখতে পাব এবং আগামী ২০ থেকে ৩০ বছরের মধ্যে এ ব্যাপারে সুনির্দিষ্ট প্রমাণও পেয়ে যাব। আমরা জানি কোথায় দেখতে হবে। আমরা জানি কিভাবে দেখতে হবে। বেশিরভাগ ক্ষেত্রেই এজন্য আমাদের হাতে উপযুক্ত প্রযুক্তিও রয়েছে এবং আমরা তা প্রয়োগের রাস্তাও বের করে ফেলেছি। তাই আমার মনে হয়, নিশ্চিতভাবে আমরা এ পথেই আছি। সাম্প্রতিক সময়ে বেশ কিছু আবিষ্কার বিজ্ঞানী স্তফানের দাবির পক্ষেই কথা বলছে। যেমন ঃ বৃহস্পতি গ্রহের দুইটি উপগ্রহ ইউরোপা ও গ্যানিমদে এবং শনির উপগ্রহ এনচেলাদাসের বরফ খোলসের তলদেশে বিপুল পরিমাণ জলের অস্তিত্ব থাকার ইঙ্গিত পাওয়া গেছে। স্তফান আরও বলেন, অতীতে মঙ্গলগ্রহের অধিকাংশ এলাকাজুড়ে সাগর ছিল। তাছাড়া, লাল এ গ্রহটির ভূপৃষ্ঠে এখন কালো যে রেখা দেখা যায়, তা খুব সম্ভবত লবরাক্ত জল প্রবাহের কারণেই হয়েছে। তাছাড়া, মঙ্গলের ভূপৃষ্ঠে এরই মধ্যে পৃথিবীর মতো প্রাণের অস্তিত্ব থাকার জন্য প্রয়োজনীয় নানা মৌলিক উপদানেরও সন্ধান পেয়েছে নাসার কিউরিওসিটি নভোযান। নাসার উৎক্ষেপন করা কেপলার স্পেস টেলিস্কোপ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী, আকাশের প্রায় প্রতিটি নক্ষত্রের গ্রহ আছে এবং সেগুলোর অধিকাংশই বসবাসযোগ্য হতে পারে। ২০২০ সালে নাসা মঙ্গলে তাদের পরবর্তী রোবযান পাঠাবে। ওই যান মঙ্গলের অতীত সময়ের ইঙ্গিত বহন করছে এমন কিছু খুঁজে বের করে সম্ভব হলে তার



নমুনা গবেষণার জন্য পৃথিবীতে নিয়ে আসার চেষ্টা করবে। এছাড়া ২০৩০ এর দশকে মঙ্গলগ্রহে নভোচারী পাঠানোর ইচ্ছার কথা জানিয়েছেন নাসা। ২০২২ সালের শুরুতে বৃহস্পতিবার উপগ্রহ ইউরোপায় অভিযান চালানোর পরিকল্পনাও রয়েছে তাদের।

## বুধের কাছে শেষ মুহূর্তে নভোযান ম্যাসেঞ্জার

মহাশূন্যে এক দশকের বেশি সময় বিচরণ এবং বুধ গ্রহকে চার বছর প্রদক্ষিণ করার পর মার্কিন মহাকাশ সংস্থার (নাসা) অনুসন্ধানী নভোযান ম্যাসেঞ্জারের যাত্রা শেষের পথে। বুধের পৃষ্ঠে সম্প্রতি বাংলাদেশ সময় গভীর রাতে নভেযানটির বিধবস্ত হওয়ার কথা। ম্যাসেঞ্জারের জ্বালানি গত ২৪ এপ্রিল ফুরিয়ে যায়। এটি ২০১১ সালে বুধ গ্রহের কাছাকাছি পৌঁছানোর পর সেটির কক্ষপথে এক বছর অবস্থান করার অভিযান সফলভাবেই সম্পন্ন করে। বিজ্ঞানীদের হিসাব অনুযায়ী, বুধ পৃষ্ঠের দিকে ধীরে ধীরে এগিয়ে গেলেও ৫১৩ কেজি ওজন ও তিন মিটার প্রস্থের নভোযানটি সেখানে ঘণ্টায় ১৪ হাজার কিলোমিটার বেগে আঘাত হানতে পারে। এতে গ্রহটির মেরুতে প্রায় ১৬ মিটার গভীর একটি গর্ত তৈরি হবে। আর এ সংঘর্ষের মধ্য দিয়ে ইতিহাস সৃষ্টিকারী নভোযানটির অভিযানের পরিসমাপ্তি ঘটতে যাচ্ছে। বুধ গ্রহে ঘন বায়ুমণ্ডলে নেই বলে বাইরে থেকে ছুটে আসা বস্তু কোনো বাধা পায় না। এ কারণেই গ্রহটিতে প্রতি দুই-এক মাস পর পর উল্কাপিণ্ড আঘাত হানে। আর সেগুলো প্রচণ্ড গতিতে বুধের দিকে ছুটে যায়। ম্যাসেঞ্জারের অভিযান নির্ধারিত সময়ের চেয়ে দ্বিগুণ দীর্ঘায়িত হয়েছে। এতে বুধ সম্পর্কে বিজ্ঞানীদের ধারণায় অনেক পরিবর্তন এসেছে। নভোযানটির ওই গ্রহের অন্তত ২ লক্ষ ৭০ হাজার ছবি এবং বিপুল পরিমাণ (১০ টেরাবাইট) বৈজ্ঞানিক তথ্য-উপাত্ত পৃথিবীতে পাঠিয়েছে। পাশাপাশি গ্রহটির মেরু অঞ্চলের একাধিক খাদে লুকানো বরফের চিহ্ন পেয়েছে। তা ছাড়া আবিষ্কার করেছে যে বুধ গ্রহের চৌম্বকক্ষেত্র অদ্ভুতভাবে কেন্দ্র থেকে দূরে অবস্থান করছে। ম্যসেঞ্জার বুধের চারপাশে উপবৃত্তাকার কক্ষপথে ঘুরে বেড়িয়েছে, যা গ্রহটির ব্যাসের প্রায় প্রায় দ্বিগুণ। নভোযানটির অভিযানে বুধের সবচেয়ে নিকটবর্তী দূরত্ব ছিল ৯৬ কিলোমিটার। গ্রহটিকে অন্তত তিন হাজার বার প্রদক্ষিণ করছে ম্যাসেঞ্জার। যুক্তরাষ্ট্রের মিশিগান বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ জিম রেইনস বলেন, ম্যাসেঞ্জারের অন্তিম মুহূর্তের দৃশ্যটি অত্যন্ত দর্শনীয় হওয়ার কথা। এটি মাত্র এক থেকে দুই সেকেন্ডে দিগন্ত পেরিয়ে যাবে এবং সুপারসনিক বিমানের চেয়ে ১০ গুণ বেশি গতিতে উড়ে গিয়ে বুধ পৃষ্ঠে বিস্ফোরিত হবে। ম্যাসেঞ্জারের ক্যামেরায় তোলা বুধ গ্রহের ছবি বিশ্লেষণকারী গবেষক ন্যান্সি চ্যাবট বলেন, বুধ পৃষ্ঠের যেখানে ম্যাসেঞ্জার আঘাত হানবে, সেটা সমতল এলাকা। আঘাতের ফলে একটি তেরছা মুখ ওয়ালা গর্ত তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। ওই আঘাতের প্রভাব পড়বে বুধ গ্রহের যে অংশে তা পৃথিবীর উল্টোদিক অবস্থান করছে। তবে সেখান থেকে ম্যাসেঞ্জার শেষ মুহূর্তে হাজার খানেক ছবি পাঠাতে পারবে বলে আশা করা হচ্ছে। নভোযানটির ক্যামেরায় প্রতিবছর শত শত ছবি তোলা হয়েছে। চলতি মাসের শুরুতেও নাসার বিজ্ঞানীরা ম্যাসেঞ্জারের তোলা বুধের নতুন কয়েকটি ছবি প্রকাশ করেন। বুধ সম্পর্কে অনুসন্ধানের যে লক্ষ্য নিয়ে ম্যাসেঞ্জার যাত্রা শুরু করেছিল, অভিযানে তার চেয়ে অনেক বেশ অর্জিত হয়েছে। আর নাসার এ অভিযাননির্ভর গবেষণার কয়েকটি ফলাফল রীতিমতো বিস্ময়কর। যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব কলোরাডো বোল্ডারের গবেষক উইলিয়াম ম্যাকক্লিনটক বলেন, বুধ গ্রহের কক্ষপথে গিয়ে এত দীর্ঘ সময় ধরে অবস্থান করা এবং অনুসন্ধান চালানো একটি নভোযানের পক্ষে অনেক বড় অর্জন। গ্রহটি সম্পর্কে মানুষের আগে যে রকম ধারণা ছিল, এই অভিযানের মাধ্যমে তা অনেকটাই পরিবর্তিত হয়েছে।

## ভাঁজ করে রাখা যাবে গাড়ি



সময়ের সঙ্গে তাল মিলিয়ে উন্নত জীবন যাপনের জন্য বেড়েই চলছে শহরের জনসংখ্যা। এরফলে দিন দিন বাড়ছে যানবাহনও। বাড়তি যানবাহন চলাচল ও পার্কিংয়ের জন্য দেখা দিচ্ছেন জায়গার অভাব। এ সংকট এড়াতে বিদ্যুৎ চালিত নমনীয় এক গাড়ি তৈরি করেছেন জার্মানির একদল প্রকৌশলী। হলিউড সিনেমায় দেখা ট্রান্সফরমার বা ডিলিয়ন টাইম মেশিন এর মতো যকন তখন ভাঁজ হয়ে বা কাত হয়ে চলতে পারবে এ গাড়ি। মার্কিন সংবাদ মাধ্যম জানিয়েছে, জার্মানির ডিএফকেআই রোবোটিকস ইনোভেশন সেন্টারের একদল বিজ্ঞানী ইও স্মার্ট কানেক্টিং কার ২ নামের এই ক্ষুদ্র গাড়ির নকশা উদ্ভাবন করেছেন। প্রায় তিন বছর গবেষণার পর এটি বানিয়েছেন তারা। ২০১২ সাল প্রথম এ গাড়ির বিষয়ে ঘোষণা করা হয়। প্রচলিত গাড়ির মতো চললেও, প্রতিটি চাকায় আলাদা মোটর থাকায় গাড়িটি কাত হয়ে চলতে পারে। সেই সঙ্গে আংশিকভাবে ভাঁজ করার সুবিধা থাকায় ছোট পার্কিংয়ের জায়গাও সহজেই পার্ক করা যাবে গাড়িটি--- এমনটাই জানিয়েছেন এই গাড়ির প্রকল্প ব্যবস্থাপক টিমো বার্নসেইন। তার মতে, প্রচলিত গাড়ির অবস্থা থেকে কাত হয়ে চলার অবস্থায় আসতে গাড়িটি চার সেকেন্ডের মতো সময় নেবে। গাড়ির প্রটোটাইপ মডেলটির সর্বোচ্চ গতি ঘণ্টায় ৬৫ কিলোমিটার। একটানা চার ঘণ্টায় পুরো চার্জ দিলে গাড়িটি ৫০ থেকে ৭০ কিলোমিটার চলতে পারে। দুই সিটের এই গাড়িটিকে প্রায় দেড় মিটার সংকুচিত করা যায় বলে জানিয়েছেন বার্নসেইন। তিনি বলেন, এটি নিজের দৈর্ঘ্য প্রায় ৮০ সেন্টিমিটার কমিয়ে ফেলতে পারে, এরফলে এটি একটি বাইকের মতোই ছোট হয়ে যায়। আর এ ধরণের ফিচার ব্যবহার করে আপনি অনেক ছোট জায়গাও এটি পার্ক করতে পারবেন। পরবর্তী সংস্করণটি আরও বেশি নির্ভরযোগ্য ও রাস্তায় চলাচলের জন্য উপযোগী হবে বলে আশা প্রকাশ করেছেন বার্নসেইন।

## ভূগর্ভ এত উত্তপ্ত হল কেন?

**নিউইয়র্ক ঃ** আমাদের এই পৃথিবীর অভ্যন্তরে এত উত্তপ্ত কেন এবং কেনইবা পৃথিবীতে চৌম্বকক্ষেত্র তৈরি হলো তার নতুন একটি ব্যাখ্যা খুঁজে পেয়েছেন গবেষকরা। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক তাদের সাম্প্রতিক গবেষণাপত্রে জানিয়েছেন, আমাদের নবীন পৃথিবী গঠনের সময় বুধগ্রহের সমান কোনো একটি গ্রহন্কে গ্রাস করেছিল বা এ রকম কোনো গ্রহের সঙ্গে সংঘর্ষে জড়িয়েছিল। একই কারণে পৃথিবীর উপগ্রহে উৎপত্তি হয়েছে। এছাড়াও পৃথিবীতে দুর্লভ কিছু উপাদানের উপস্থিতির ব্যাখ্যাও এ তত্ত্বের মাধ্যমে দেওয়া যায়। নেচার সাময়িকীতে প্রকাশিত হয়েছে গবেষণা সংক্রান্ত নিবন্ধ। বর্তমান পৃথিবীর গঠনের তত্ত্বগুলোয় গ্রহাণুর সঙ্গে সংঘর্ষের কথা বলা হয়। কিন্তু এতে পৃথিবীর অত্যন্ত গরম অভ্যন্তর ভাগ ও চৌম্বকক্ষেত্রের ব্যাখ্যাও দেওয়া সম্ভব হয়না। গবেষকদের দাবি, বুধ গ্রহের সমান কোনো গ্রহের সঙ্গে সংঘর্ষের ফলে পৃথিবীর সংঘর্ষের তত্বটিতে এর ব্যাখ্যা দেওয়া সম্ভব। পৃথিবীর সঙ্গে বুধগ্রহের সমান ওই গ্রহের সংঘর্ষে ঘটেছিল ৪৫০ কোটি বছর আগে। ওই গ্রহ সালফার সমৃদ্ধ ছিল কিন্তু তাতে অক্সিজেন ছিল কম। পৃথিবীর সঙ্গে সংঘর্ষে তেজস্ক্রিয় ইউরেনিয়াম ও থেরিয়ামের মতো উপদান সৃষ্টি হয়েছিল যা কেন্দ্রে তাপ সৃষ্টির জন্য দায়ী।

## জল থেকে ডিজেল

**নিউইয়র্ক ঃ** জার্মানির গাড়ি নির্মাতা অ ডি সম্প্রতি অ ডি ই-ডিজেল নামে পরিবেশবান্ধব ও কার্বন ডাই অক্সাইড মুক্ত করেছে। এই ডিজেলের কাঁচামাল হচ্ছে জল। অডি গাড়িতে ব্যবহারযোগ্য এই ই-ডিজেলের উৎপাদন পদ্ধতি হল যথাক্রমে। অডি গবেষকরা বলছেন, এই প্রকল্পের মাধ্যমে কার্বন ডাই অক্সাইড নিরপেক্ষ জ্বালানি পাওয়া যাবে। জার্মানির ড্রেসডেন প্ল্যান্টে জল থেকে ডিজেল তৈরির এই প্রকল্পের কাজ শুরু করেছে অডি। অডি গাড়িতে পরিবেশবান্ধব এই জ্বালানি ব্যবহার করা যাবে। ড্রেসডনের এই কারখানায় পাওয়ার টু লিকুইড পদ্ধতিতে জ্বালানি তৈরি করা হচ্ছে। এই তরল জ্বালানি তৈরির প্রক্রিয়ায় পরিবেশবান্ধব শক্তি ব্যবহার করছে অওডি। এই পদ্ধতিতে কাঁচামাল হিসেবে শুধ জল ও কার্বন ডাই অক্সাইড ব্যবহৃত হয়। একটি বায়োগ্যাস কারখানা থেকে অওডি এই কার্বনডাই অক্সাইড সংগ্রহ করছে।

১) প্রথমে জলকে তাপ দিয়ে বাষ্পীভূত করা হয় এবং উচ্চ তাপমাত্রায় জলকে ভেঙে এর হাইড্রোজেন ও অক্সিজেন আলাদা করা হয়।

২) এরপর আরও দুটি প্রক্রিয়া শেষে এই হাইড্রোজেনকে সিনথেসিস রিঅ্যাক্টরে উচ্চতাপ ও চাপে বিক্রিয়া ঘটানো হয়। এতে হাইড্রোকার্বন যৌগ তৈরি হয় যাকে বলা হয় ব্লু ক্রুড। এই ব্লু ক্রুডকে রিফাই করে ই- ডিজেল উৎপন্ন হয়। যা কৃত্রিম জ্বালানি হিসেবে ব্যবহার করা হয়। এই জ্বালানি সালফার ও অ্যারোমেটিক হাইড্রোকর্বন মুক্ত। ডিজেল ছাড়াও ই-গ্যাসোলিন নামে কৃত্রিম পেট্রোলও তৈরি করছে অওডি।

## ভাঙড়ে খুলল সিপিএমের বন্ধ হয়ে থাকা কার্যালয়

ভাঙড়, ২৯ এপ্রিল (হি. স.) : তৃণমূল সরকার রাজ্যে ক্ষমতায় আসার পর বিভিন্ন এলাকায় সিপিএমের বহু দলীয় কার্যালয় তৃণমূলরা দখল করে নিয়েছিল। দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়ের বিজয়গঞ্জ বাজারেও সিপিএমের একটি দলীয় কার্যালয় তৃণমূলরা দখল করে রেখেছিল। তবে সোমবার এলাকায় ভোট প্রচারে গিয়ে যাদবপুর লোকসভা কেন্দ্রের সিপিএম প্রার্থী বিকাশ রঞ্জন ভট্টাচার্য ও সিপিএম নেতা সুজন চক্রবর্তীর উপস্থিতিতে সেই দখল হয়ে যাওয়া সিপিএম কার্যালয় পুনরায় দখল করল সিপিএম কর্মীরা।লোকসভা ভোটের আগে নিজেদের দখল হয়ে যাওয়া কার্যালয় পুনরায় ফেরত পেয়ে খুশি এলাকার সিপিএম কর্মী সমর্থকরা। এই উদ্যোগ এই এলাকার সিপিএম কর্মীদের লোকসভা ভোটের আগে বাড়তি অক্সিজেন জোগাবে বলেই দাবী এলাকার সিপিএম কর্মীদের।সোমবার সকালে ভাঙড়ের বিজয়গঞ্জ বাজারে ভোটের প্রচারের কাজে আসেন যাদবপুর লোকসভা কেন্দ্রের সিপিএম প্রার্থী বিকাশ রঞ্জন ভট্টাচার্য। সেখানে প্রচারের কাছে এসে বিকাশ রঞ্জন ভট্টাচার্য, সুজন চক্রবর্তীরা জানতে পারেন এই এলাকায় তাদের দলীয় কার্যালয় ২০১১ সালে তৃণমূলরা দখল করে নিয়েছে। এরপরই কর্মী সমর্থকদের সাথে নিয়ে ওই কার্যালয়ের তালা ভেঙে পুনরায় তা সিপিএম কর্মীরা দখল করেন।এদিন দলীয় কার্যালয় পুনরুদ্ধার করে বিকাশ রঞ্জন ভট্টাচার্য বলেন, " তৃণমূল কিভাবে জুলুম করেছিল তা পরিষ্কার। আমাদের দলীয় কার্যালয় জোর করে দখল করে রেখেছিল তৃণমূল। আমরা আজ সেই পার্টি অফিস আবার পুনঃদখল করলাম। এখান থেকেই আমাদের কর্মীরা নির্বাচনের যাবতীয় কাজ ও দলীয় কাজ পরিচালনা করবে"।

## গ্রেফতার মহম্মদ শামির স্ত্রী হাসিন জাহান

লখনউ, ২৯ এপ্রিল (হি.স.) : গ্রেফতার ভারতীয় ক্রিকেটার মহম্মদ শামির স্ত্রী হাসিন জাহান। রবিবার রাতে ক্রিকেটার শামির উত্তরপ্রদেশের বাড়ি থেকে তাঁর স্ত্রী হাসিনকে গ্রেফতার করা হয়।রবিবার ক্রিকেটার শামির উত্তরপ্রদেশের আমরোহার পৈতিক বাড়িতে গিয়েছিলেন হাসিন। সেখানেই শামির পরিবারের সঙ্গে আগ্রাসী মেজাজে কথা কাটাকাটিতে জড়ান বলে অভিযোগ। শামির মায়ের সঙ্গে দীর্ঘক্ষণ বচসা হয় বলে অভিযোগ।এরপরই শামির পরিবার থেকে থানায় অভিযোগ জানানো হলে হাসিনকে গ্রেফতার করে আমরোহারের পুলিশ। জানা গিয়েছে, হাসিনের নামে শান্তিভঙ্গের অভিযোগ এনেছে পুলিশ। মেয়েকে নিয়ে শ্বশুরবাড়িতে গিয়ে জোর করে প্রবেশ, অশান্তি সৃষ্টি করা ও হুমকির অভিযোগে গ্রেফতার করা হয়েছে হাসিনকে। যদিও হাসিন জাহানের অভিযোগ, শামির "প্রভাবে"ই তাঁকে গ্রেফতার করেছে পুলিশ।স্বামী মহম্মদ শামির বিরুদ্ধে পরকীয়া সম্পর্ক ও যৌন হেনস্থার অভিযোগ এনেছিলেন হাসিন। এমনকী ফেসবুকে পোস্ট করা বিবিধ অভিযোগে স্বামীর বিরুদ্ধে গড়াপেটায় জড়িত থাকার অভিযোগও এনেছিলেন হাসিন জাহান। যদিও নিজস্ব তদন্তে মহম্মদ শামিকে ক্লিনচিট দিয়েছিল ভারতীয় ক্রিকেট বোর্ড বিসিসিআই। সম্প্রতি অর্জুন পুরস্কারের জন্যও মনোনীত করা হয়েছে।



গরমের পারদ উর্দ্ধমুখি। তাই কিছুটা স্বস্তি দিতে বাজারে এসে গেলো রসালো আনারস। ছবি- নিজস্ব।

# বঙ্গে চতুর্থ দফার ভোটগ্রহণ : আসানসোলে বাবুল সুপ্রিয়র গাড়ি ভাঙচুর, নির্বাচনের কমিশনের দ্বারস্থ হচ্ছে বিজেপি

আসানসোল, ২৯ এপ্রিল (হি.স.): লোকসভা নির্বাচনের চতুর্থ দফার ভোটগ্রহণকে ঘিরে তীব্র উত্তেজনা আসানসোল লোকসভা কেন্দ্রের অন্তর্গত বারাবনিতেউ বারাবনির ১৯৯ বুথে বিজেপির পোলিং এজেন্টকে বের করে দেওয়া হয় বলে অভিযোগ ওঠেউ খবর পাওয়ার কিছুক্ষণের মধ্যেই ঘটনাস্থলে যান আসানসোল সংসদীয় কেন্দ্রের বিজেপি প্রার্থী বাব্ুল সুপ্রিয়উ ওই বুথে যেতেই বাবুলের গাড়ি ঘিরে বিক্ষোভ দেখাতে শুরু করে তৃণমূল কর্মীরাউ কেন্দ্রীয় বাহিনীর জওয়ান ও পুলিশ কর্মীরা বাবুল সুপ্রিয়কে সরিয়ে নিয়ে যানউ বিক্ষোভকারীদের সরাতে গেলে নিরাপত্তা রক্ষীদের সঙ্গে তাঁদের ধস্তাধস্তি শুরু হয়ে যায়উ এরই মধ্যে পোলিং স্টেশনের বাইরে দাঁড়িয়ে থাকা অবস্থায় বিক্ষোভকারীরা বাবুলের গাড়ির কাচ ভেঙে দেনউ বাবুলের অভিযোগ, তৃণমূল আমাকে এক জায়গায় আটকে রাখার চেষ্টা করছেউ কিন্তু, আমাকে আটকাতে পারবে নাউ আসানসোল লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী বাবুল সুপ্রিয় আরও জানিয়েছেন, 'পশ্চিমবঙ্গের জনগণ খুবই সতর্ক এবং সুষ্ঠুভাবে ভোট দেওয়ার জন্য জনগণই কেন্দ্রীয় বাহিনী চাইছেনউ এই কারণেই মমতা বন্দ্যোপাধ্যায় ভয় পেয়ে গিয়েছেন।

যদিও, তৃণমূলের পাল্টা অভিযোগ, বাবুল-সুপ্রিয়র অনুগামীরাই উত্তেজনার সৃষ্টি করছেনউ বুথে ঢুকে তৃণমূলের এজেন্টকে ধমকানোরও অভিযোগ উঠেছে বাবুলের বিরুদ্ধেউ অন্যদিকে, বাব্ুল সুপ্রিয় গাড়ি ভাঙচুরের অভিযোগ উঠেছে তৃণমূলের বিরুদ্ধেউ বাবুলের গাড়ি ভাঙচুরের ঘটনায় রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশনউ ভোট শুরু হতেই আসানসোলের জেমুয়ার ভাদুবালা স্কুলের ২২২ এবং ২২৬ নম্বর বুথে তীব্র উত্তেজনা দেখা দেয়উ সকাল থেকে ভোটগ্রহণ শুরু হতেই ভোটারদের অভিযোগ, কেন্দ্রীয় বাহিনী ছাড়া তাঁরা ভোট দেবেন নাউ এই কারণে বেশ কিছুক্ষণ ভোটগ্রহণ প্রক্রিয়া বন্ধ থাকেউ দীর্ঘক্ষণ পর কমিশনের হস্তক্ষেপে ভোটগ্রহণ প্রক্রিয়া শুরু হয়উ পশ্চিমবঙ্গে ভোটগ্রহণকে ঘিরে হিংসার কারণে সোমবারই নির্বাচনের কমিশনের দ্বারস্থ হচ্ছে বিজেপির প্রতিনিধি দলউ প্রতিনিধি দলে থাকবেন মুক্তার আব্বাস নকভি, বিজয় গোয়েল এবং অনিল বালুনি।

নির্বাচন কমিশন সূত্রের খবর, সকাল ন'টা পর্যন্ত রাজ্যে আটটি কেন্দ্রে গড়ে ভোট পড়েছে ১৬.৯০ শতাংশউ এর মধ্যে বহরমপুর কেন্দ্রে ১৮.১ শতাংশ, কৃষ্ণনগরে ১৭.২৭ শতাংশ, রানাঘাটে ১৬.৯৪ শতাংশ, বর্ধমান পূর্বে ১৮.২৪ শতাংশ, বর্ধমান-দুর্গাপুরে ১৬.১২ শতাংশ, আসানসোলে ১৭.৫৩ শতাংশ, বোলপুরে ১৭.৩৯ শতাংশ এবং বীরভূমে কেন্দ্রে ভোট পড়েছে ১৩.৬১ শতাংশ।

## লোকসভা ভোটের মধ্যেই জয়নগরে তৃণমূলের দলীয় কার্যালয়ে আগুন, ব্যাপক উত্তেজনা

জয়নগর (দক্ষিণ ২৪ পরগনা), ২৯ এপ্রিল (হি.স.): সপ্তদশ লোকসভা নির্বাচনের মধ্যেই দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয়ে অগ্নিকাণ্ড।

রবিবার রাতে জয়নগর থানার অন্তর্গত বামনগাছি গ্রাম পঞ্চায়েতের বিশ্বাসের চক এলাকায় তৃণমূলের দলীয় কার্যালয়ে আচমকাই আগুন লেগে যায়। এই আগুন লাগার নেপথ্যে স্থানীয় বিজেপি নেতা-কর্মীদের হাত রয়েছে বলে দাবি করেছে জয়নগর-এর তৃণমূল নেতৃত্ব। তাদের দাবি, রবিবার সন্ধ্যায় যাদবপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অনুপম হাজরা দলীয় কর্মী-সমর্থকদের নিয়ে এলাকায় রোড শো করেন। জয়নগর থানার অন্তর্গত হলেও, এই এলাকাটি যাদবপুর লোকসভা কেন্দ্রের অন্তর্গত।

সেই রোড শো শেষ হয়ে যাওয়ার পর রাতেই অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটেছে।

যদিও নিজেদের বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করেছে স্থানীয় বিজেপি নেতৃত্ব। তাদের দাবি, তৃণমূলের গোষ্ঠী কোন্দলের ফলেই এই ঘটনা ঘটেছে।রবিবার সন্ধ্যায় এই বিশ্বাসের চক এলাকায় যাদবপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অনুপম হাজরা ভোট প্রচারের জন্য রোড শো করেন বিজেপি কর্মী-সমর্থকদের সঙ্গে নিয়ে।

সবকিছু ঠিকঠাকভাবেই সম্পন্ন হয়। তৃণমূল কংগ্রেসের অভিযোগ, বিজেপির সেই রোড শো শেষ হওয়ার পর রাতের অন্ধকারে তাদের দলীয় কার্যালয়ে আগুন লাগিয়ে দেওয়া হয়। কার্যালয়ে থাকা একটি টিভিও চুরি করে নিয়ে যাওয়া হয় বলে অভিযোগ। এই ঘটনায় বিজেপির হাত রয়েছে বলে সোমবার সকাল থেকে এলাকায় দোষীদের গ্রেফতারের দাবিতে বিক্ষোভ-মিছিল করতে থাকেন তৃণমূল কংগ্রেস কর্মীরা। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় যথেষ্ট উত্তেজনা ছড়ায়। ঘটনার খবর পেয়ে জয়নগর থানার পুলিশ এসে তদন্ত শুরু করে। যদিও, এই ঘটনায় বিজেপির কোনও হাত নেই বলেই স্থানীয় বিজেপি নেতৃত্বের।

## শিলঙের এফসিআই গুদাম সংলগ্ন তিনটি ট্রাকে অগ্নিসংযোগ

শিলং (মেঘালয়), ২৯ এপ্রিল (হি. স.) : মেঘালয়ের রাজধানী শিলঙের এফসিআই গুদাম সংলগ্ন এলাকায় তিনটি ট্রাকে অগ্নিসংযোগের ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। এই ঘটনায় একটি পণ্যবাহী ট্রাক সম্পূর্ণ ভস্মীভূত হয়ে গেছে। অন্য দুটির আংশিক ক্ষতি হয়েছে।

ঘটনা রবিবার মধ্যরাত প্রায় ১২টা নাগাদ সংঘটিত হয়েছে। পূর্ব খাসিপাহাড় জেলা পুলিশ সুপার ক্লোডিয়া লিংবার কাছে জানা গেছে, রাজধানী শিলঙের মাওরহ এলাকায় অবস্থিত এফসিআই গুদামের বাইরে সারিবদ্ধভাবে দাঁড়ানো ছিল তিনটি ট্রাক। কিন্তু রাত প্রায় বারোটা নাগাদ কোনও অজ্ঞাতপরিচয় দুর্বৃত্ত তিনটি ট্রাকে অগ্নিসংযোগ করে।

ঘটনা খবর পেয়ে তৎক্ষণাৎ পুলিশের দল ঘটনাস্থলে পৌঁছে। তিনটি ইঞ্জিন নিয়ে ছুটে যায় অগ্নিনির্বাপক বাহিনী। তাঁদের সম্মিলিত প্রচেষ্টায় দুটি ট্রাককে পুরোপুরি ক্ষতি থেকে রক্ষা করা গেছে। তবে একটি ট্রাক সম্পূর্ণ ভস্ম হয়ে গেছে।

হিন্দুস্থান সমাচার-কে এ তথ্য দিয়ে পুলিশ সুপার ক্লোডিয়া লিংবা জানান, অগ্নিসংযোগকারীদের খোঁজে অভিযান চালছে। ঘটনার সময় বিদ্যুৎ বিচ্ছিন্ন ছিল। তাই অন্ধকারের সুযোগ নিয়ে দুর্বৃত্তের দলটি এই কাণ্ড সংঘটিত করতে পারে বলে মনে করছে তাঁর পুলিশ প্রশাসন। পুলিশ সুপার জানান, যথাসময় পুলিশ এবং অগ্নিনির্বাপক বাহিনী ঘটনাস্থলে না গিয়ে পৌঁছলে মাওরহ এলাকার বিল্ডিংগুলোকে গ্রাস করত আগুন।খেদের সঙ্গে পুলিশ সুপার বলেন, পুলিশের পক্ষে থেকে ট্রাক চালকদের বলা হয়েছিল, পণ্যসামগ্রী আনলোড করার পর রাস্তার পাশ থেকে ট্রাকগুলিকে অন্য স্থানে নিয়ে রাখতে। কিন্তু কোনও নির্দেশ ট্রাক চালকরা কানে তোলার প্রয়োজন মনে করেননি।

## গুরুদাসপুর লোকসভা কেন্দ্র ববিকে সঙ্গে নিয়ে মনোনয়ন পত্র জমা দিলেন সানি দেওল

অমৃতসর, ২৯ এপ্রিল (হি.স.): চলতি মাসেই সক্রিয় রাজনীতিতে প্রবেশ করেছেন প্রখ্যাত বলিউড অভিনেতা সানি দেওল। "গদর" ছবির অভিনেতা বিজেপি-তে যোগদান করার পরই ভারতীয় জনতা পার্টি-র পক্ষ থেকে জানানো হয়, উনিশের লোকসভা নির্বাচনে পঞ্জাবের গুরুদাসপুর সংসদীয় কেন্দ্র থেকে ভোটে লড়বেন অভিনেতা সানি দেওল। অবশেষে সোমবার গুরুদাসপুর লোকসভা কেন্দ্র থেকে মনোয়ন পত্র জমা দিলেন সানি দেওল। মনোনয়ন পত্র জমা দেওয়ার প্রাক্কালে সোমবার ভোরেই অমৃতসরের স্বর্ণ মন্দিরে বিশেষ প্রার্থনা করেছেন সানি দেওল। স্বর্ণ মন্দিরে প্রার্থনা শেষে প্রায় ৭৫ কিলোমিটার দূরে গুরুদাসপুর গিয়ে মনোনয়ন পত্র জমা দিয়েছেন সানি দেওল।

সানি দেওল মনোনয়ন পত্র জমা দেওয়ার সময় তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন সানি-র ভাই অভিনেতা ববি দেওল, কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং প্রমুখ। গুরুদাসপুর লোকসভা কেন্দ্রে সানি-র প্রধান প্রতিদ্বন্দ্বী হলেন কংগ্রেস প্রার্থী সুনীল জাখার। প্রসঙ্গত, রবিবারই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করেছিলেন সানি দেওল।

## এই মুহূর্তে দেশের সর্বোচ্চ নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, মুম্বইয়ে ভোট দেওয়ার পর বার্তা পীযূষ গোয়েলের

মুম্বই, ২৯ এপ্রিল (হি.স.): এই মুহূর্তে দেশের সর্বোচ্চ নেতা হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীউ উত্তর, দক্ষিণ, পূর্ব এবং পশ্চিম দেশের সর্বত্রই এখন মোদী ঢেউউ সোমবার লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় মুম্বইয়ের মালাবার হিলস-এর ওয়ালসিঙ্ঘম স্কুলে ভোটাধিকারি প্রয়োগ করার পর এমনই মন্তব্য করলেন কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা পীযূষ গোয়েলউ এদিন ওয়ালসিঙ্ঘম স্কুলের পোলিং বুথে ভোট দেওয়ার পর কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন, 'এবারের নির্বাচন হল সুনামি নির্বাচনউ উত্তর, দক্ষিণ, পূর্ব এবং পশ্চিম দেশের সর্বত্রই এখন মোদী ঢেউউ এই মুহূর্তে দেশের সর্বোচ্চ নেতা হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

ইতিমধ্যেই শান্তিতেই মিটেছে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় দফার ভোটগ্রহণউ লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় সোমবার দেশের ন'টি রাজ্যের ৭২টি আসনে চলছে ভোটগ্রহণউ চতুর্থ দফায় মহারাষ্ট্রের নন্দুরবার, ধুলে, ডিন্ডোরি, নাসিক, পালঘর, ভিওয়াণ্ডি, কল্যাণ, থাণে, মুম্বই উত্তর, মুম্বই উত্তর-পশ্চিম, মুম্বই উত্তর-পূর্ব, মুম্বই উত্তর-সেন্ট্রাল, মুম্বই দক্ষিণ-সেন্ট্রাল, মুম্বই দক্ষিণ, মাভল, শিরুর এবং শিরডি লোকসভা আসনে ভোটগ্রহণ চলছে।

## অর্জুন ও রাজীব গান্ধী খেল রত্ন পুরস্কারের জন্য সুপারিশ এনআরএআই-এর

নয়াদিল্লি, ২৯ এপ্রিল (হি. স.) : সোমবার শ্যুটিংয়ে "খেল রত্ন" ও "অর্জুন" পুরস্কারের জন্য একগুচ্ছ ক্রীড়াবিদের নাম সুপারিশ করল "ন্যাশনাল রাইফেল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া" (এনআরএআই)। "রাজীব গান্ধী খেল রত্ন অ্যাওয়ার্ড"-এর জন্য শ্যুটার হিনা সিধু ও অঙ্কুর মিত্তলের নাম সুপারিশ করল "ন্যাশনাল রাইফেল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া" (এনআরএআই)। একইসঙ্গে "অর্জুন অ্যাওয়ার্ড"-এর জন্য আনজুম মৌদগিল, শাহজার রিজভী এবং ওমপ্রকাশ মিথারওয়ালের নাম সুপারিশ করেছে এনআরএআই।

"ন্যাশনাল রাইফেল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া" (এনআরএআই) সর্বোচ্চ সম্মানীয় "রাজীব গান্ধী খেল রত্ন পুরস্কার" এবং "অর্জুন পুরস্কার"-এর জন্য মনোনয়ন দিয়েছে এদিন। এশিয়ান গেমসের ব্রোঞ্জ পদকপ্রাপ্ত হিনা সিধু, ২০১৩ সালে তিনিই প্রথম ভারতীয় মহিলা পিস্তল শ্যুটার যিনি আইএসএসএফ ওয়ার্ল কাপ ফাইনালে ১০ মিটার এয়ার পিস্তল ইভেন্টে স্বর্ণপদক জেতেন। ২৯ বছর বয়সী এই মহিলা ১০ মিটার এয়ার পিস্তল ইভেন্টে রৌপ্যপদক এবং মহিলাদের ২৫ মিটার এয়ার পিস্তল ইভেন্টে

ছয়ের পাতায়

## ববিকে সঙ্গে নিয়ে মনোনয়ন পত্র জমা দিলেন সানি দেওল ছেলেকে ভোট দেওয়ার জন্য আর্জি ধর্মেন্দ্রর

অমৃতসর, ২৯ এপ্রিল (হি.স.): চলতি মাসেই সক্রিয় রাজনীতিতে প্রবেশ করেছিলেন প্রখ্যাত বলিউড অভিনেতা সানি দেওল। "গদর" ছবির অভিনেতা বিজেপি-তে যোগদান করার পরই ভারতীয় জনতা পার্টি-র পক্ষ থেকে জানানো হয়, উনিশের লোকসভা নির্বাচনে পঞ্জাবের গুরুদাসপুর সংসদীয় কেন্দ্র থেকে ভোটে লড়বেন অভিনেতা সানি দেওল। অবশেষে সোমবার গুরুদাসপুর লোকসভা কেন্দ্র থেকে মনোয়ন পত্র জমা দিলেন সানি দেওল। মনোনয়ন পত্র জমা দেওয়ার প্রাক্কালে সোমবার ভোরেই অমৃতসরের স্বর্ণ মন্দিরে এবং দুর্গাইনা মন্দিরে বিশেষ প্রার্থনা করেছেন সানি দেওল। এরপর অমৃতসর থেকে প্রায় ৭৫ কিলোমিটার দূরে গুরুদাসপুর গিয়ে মনোনয়ন পত্র জমা দিয়েছেন সানি দেওল।সানি দেওল মনোনয়ন পত্র জমা দেওয়ার সময় তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন সানি-র ভাই অভিনেতা ববি দেওল, কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং, পঞ্জাব বিজেপির সভাপতি তথা রাজ্যসভার সাংসদ এস মালিক, হরিয়ানার অর্থমন্ত্রী তথা পঞ্জাবে বিজেপির বিশেষ দায়িত্বপ্রাপ্ত ক্যাপ্টেন অভিমন্যু এবং অকালি দলের নেতা গুর্বাচন সিং ববেহালি প্রমুখ। গুরুদাসপুর লোকসভা কেন্দ্রে সানি-র প্রধান প্রতিদ্বন্দ্বী হলেন কংগ্রেস প্রার্থী সুনীল জাখার। গুরুদাসপুর আসনে ছেলে সানি দেওলকে ভোট দেওয়ার জন্য জনগণের কাছে আবেদন জানিয়েছেন সানির বাবা প্রবীণ অভিনেতা ধর্মেন্দ্র। মাইক্রোব্লগিং সাইট টুইটার মারফত ধর্মেন্দ্র-র আর্জি, জয়ের জন্য আপনাদের সমর্থন প্রার্থনা করছি। পঞ্জাবের ভাই-বোনেদেরই জয় হবে। ভারতের সুন্দর অংশ গুরুদাসপুরের জয়ে হবে। এদিনই গুরুদাসপুরে একটি জনসভায় যোগ দেন বিজেপি প্রার্থী সানি দেওল। সেখান থেকে ভোট দেওয়ার জন্য মুম্বই চলে যান তিনি। প্রসঙ্গত, রবিবারই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দেখা করেছিলেন সানি দেওল।

## ভারত সরকারের শিশু স্বাস্থ্য কার্যক্রমের বলে হৃদরোগ মুক্ত বাজারিছড়ার শিশুপুত্র

পাথারকান্দি (অসম), ২৯ এপ্রিল (হি.স.) : ভারত সরকারের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের অধীনে চিকিৎসা করিয়ে রোগমুক্ত হয়ে নবজীবন ফিরে পেয়েছে পাথারকান্দির ছয় বছরের এক শিশুপুত্র।জানা গেছে, মাস কয়েক আগে পাথারকান্দি বিধানসভা এলাকার বাজারিছড়া থানার অন্তর্গত মাগুরাপুঞ্জির গরিব খেটে খাওয়া জনৈক বিপুল দাসের ছয় বছরের ছেলে রূপম বুকের ব্যথায় আক্রান্ত হয়। যথারীতি অসুস্থ ছেলেকে নিয়ে ডাক্তারের কাছে যান বাবা। ডাক্তারি পরীক্ষার পর রূপম জটিল হৃদরোগ আক্রান্ত বলে ধরা পড়ে। এ খবর শুনে গরিব বাবার মাথায় আকাশ ভেঙে পড়ে। ডাক্তাররা পরামর্শ দেন, শিশুটিকে উন্নতমানের চিকিৎসা করানোর জন্য বহিঃরাজ্যে নিয়ে যেতে হবে। দুঃশ্চিন্তা আরও বেড়ে যায় বাবা বিপুল দাসের।নিরুপায় বিপুল শরণাপন্ন হন স্থানীয় বিধায়ক কৃষ্ণেন্দু পালের। সব শুনে বিধায়ক সঙ্গে সঙ্গে শিশুটির চিকিৎসার জন্য পদক্ষেপ নেন। তিনি ভারত সরকারের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের অধীনে চিকিৎসার জন্য নাম রেজিস্ট্রেশন করিয়ে হৃদরোগে আক্রান্ত রূপম দাসকে সরকারি ব্যয়ে উন্নতমানের চিকিৎসার জন্য ব্যাঙ্গালুরুতে নারায়ণা সুপার স্পেশালিটি হাসপাতালে পাঠান।নারায়ণা সুপার স্পেশালিটি হাসপাতালের বিশেষজ্ঞ চিকিসৎকদের তত্ত্বাবধানে সম্প্রতি শিশুটির সফল অস্ত্রপচার হয়েছে। বর্তমানে সে সংকটমুক্ত বলে জানা গেছে। এদিকে এক গরিব পরিবারের শিশুসন্তানকে সরকারি খরচে সুস্থ করায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং যাবতীয় ব্যবস্থা করে দেওয়ার জন্য বিধায়ক কৃষ্ণেন্দু পালের উচ্ছ্বসিত প্রশংসা করছেন এলাকার মানুষ।

## ভোটগ্রহণকে ঘিরে স্তব্ধ দক্ষিণ কাশ্মীরের কুলগাম, বেলা এগারোটা পর্যন্ত ভোট পড়েছে ৪ শতাংশ

শ্রীনগর, ২৯ এপ্রিল (হি.স.): লোকসভা নির্বাচনের চতুর্থ দফার ভোটগ্রহণকে ঘিরে কার্যত স্তব্ধ দক্ষিণ কাশ্মীরের কুলগাম জেলাউ বন্ধ রয়েছে মোবাইল ইন্টারনেট পরিষেবাউ এমনকি ট্রেন চলাচলও বন্ধউ সোমবার সকাল সাতটা থেকে জম্মু ও কাশ্মীরের অনন্তনাগ লোকসভা আসনের ভোটগ্রহণ শুরু হয়েছেউ ভোটগ্রহণ চলছে অনন্তনাগ সংসদীয় কেন্দ্রের অন্তর্গত কুলগাম চারটি বিধানসভা কেন্দ্র, যথাক্রমে নূরবাদ, দেবসার, কুলগাম এবং হোমশালিবাগ-এউ নির্বাচন কমিশন সূত্রের খবর, বেলা এগারোটা পর্যন্ত অনন্তনাগ লোকসভা আসনে ভোট পড়েছে মাত্র ৪ শতাংশউ তবে, এদিন সকাল থেকেই কুলগাম কাজিগুন্দ-সহ বিভিন্ন এলাকায় ভোটারদের লম্বা লাইন চোখে পড়েছে।

অনন্তনাগ লোকসভা আসনে ভাগ্য নির্ধারণ হবে পিপলস ডেমোক্রেটিক পার্টি (পিডিপি) প্রার্থী মেহবুবাব মুফতিরউ অনন্তনাগ লোকসভা কেন্দ্রের অন্তর্গত ২৪৪টি জায়গায় ৪৩৩টি পোলিং স্টেশন বসানো হয়েছেউ জেলায় মোট ভোটারের সংখ্যা হল-৩,৪৫,৪৮৬ জনউ ভোটগ্রহণকে ঘিরে এদিন সকাল থেকেই স্তব্ধ কুলগাম জেলাউ আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে মোবাইল ইন্টারনেট পরিষেবা বন্ধ রাখা হয়েছেউ এমনকি বারামুল্লা এবং বানিহালের মধ্যে রেল পরিষেবাও এদিনের জন্য বন্ধ রাখা হয়েছে।

## ক্যানিং স্টেশনে ট্রেন থেকে উদ্ধার রক্তাক্ত মৃতদেহ উদ্ধার, সাত সকালে চাঞ্চল্য

ক্যানিং (দক্ষিণ ২৪ পরগনা), ২৯ এপ্রিল (হি.স.): শিয়ালদহ দক্ষিণ শাখার ক্যানিং স্টেশনে ট্রেন থেকে উদ্ধার হল অজ্ঞাতপরিচয় এক ব্যক্তির রক্তাক্ত মৃতদেহ। সাত সকালে ক্যানিং স্টেশনে মৃতদেহ উদ্ধার হওয়ার ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে যাত্রীদের মধ্যে। সোমবার সকালে সোনারপুর-ক্যানিং লোকাল ক্যানিং স্টেশনে পৌঁছনোর পর অজ্ঞাতপরিচয় ওই ব্যক্তির রক্তাক্ত দেহ ট্রেনের কামরায় পড়ে থাকতে দেখেন যাত্রীরা। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় ক্যানিং জিআরপি-তে। মৃত ব্যক্তির বয়স আনুমানিক ৪০ বছর। ওই ব্যক্তির দেহে একাধিক আঘাতের চিহ্ন থাকায় পুলিশের অনুমান, সম্ভবত খুন করা হয়েছে ওই ব্যক্তিকে। দীর্ঘক্ষণ ক্যানিং স্টেশনে দেহ পড়ে থাকার পর রেল পুলিশের তৎপরতায় দেহটি উদ্ধার করে ক্যানিং মহকুমা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন।

রেলযাত্রীদের বক্তব্য অনুযায়ী, এদিন সকালে শিয়ালদহ দক্ষিণ শাখার সোনারপুর-ক্যানিং লোকালের কামরার মধ্যে রক্তাক্ত অবস্থায় ওই ব্যক্তির দেহ পড়ে থাকতে দেখা যায়। সঙ্গে সঙ্গে খবর দেওয়া রেল পুলিশে। রেল পুলিশ দেহটি উদ্ধার করে ক্যানিং মহকুমা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। রেল পুলিশ মৃতদেহটি ময়না তদন্তের জন্য পাঠিয়েছে। পাশাপাশি অজ্ঞাতপরিচয় ওই ব্যক্তির ঠিক কি কারণে মৃত্যু হয়েছে, তাও খতিয়ে দেখছে পুলিশ।

# বাংলাদেশে বিএনপি মহাসচিব ফখরুল ছাড়া নির্বাচিত সব এমপির শপথ গ্রহণ

নিজস্ব প্রতিনিধি,ঢাকা,এপ্রিল ২৯।। ঠাকুরগাঁও-৩ আসনের সংসদ সদস্য (এমপি) জাহিদুর রহমান জাহিদের দেখানো পথে হেঁটে সোমবার একাদশ জাতীয় সংসদের সদস্য হিসেবে বিএনপি থেকে নির্বাচিত আরও চারজন শপথ নিয়েছেন। এর মধ্য দিয়ে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ছাড়া দলটির নির্বাচিত বাকি পাঁচ সংসদ সদস্যই শপথ গ্রহণ করলেন। স্পিকার ড় শিরীন শারমিন চৌধুরী বিকাল ৫টা ৪০ মিনিটের দিকে জাতীয় সংসদ ভবনে চার সংসদ সদস্যকে শপথ বাক্য পাঠ করান। সংসদ সচিবালয়ের সিনিয়র সচিব ড় জাফর আহমেদ খান শপথ অনুষ্ঠান পরিচালনা করেন। শপথ নেয়া বিএনপির চার এমপি হলেন, ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের আবদুস সাত্তার ভুঁইয়া, চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনের হারুনুর রশীদ, চাঁপাইনবাবগঞ্জ-২ আসনের আমিনুল ইসলাম ও বগুড়া-৪ আসনের মোশাররফ হোসেন। এ নিয়ে একাদশ জাতীয় সংসদের ৩০০ এমপির মধ্যে ২৯৯ জন শপথ নিলেন। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এখনো শপথ গ্রহণ করেননি। শপথ গ্রহণের সময়সীমা আজই শেষ হবে।

এর আগে গত বৃহস্পতিবার জাহিদুর রহমান জাহিদ এমপি হিসেবে শপথ গ্রহণ করেন। পরে শনিবার দলীয় সিদ্ধান্ত অমান্য করায় তাকে দল থেকে বহিষ্করা করা হয়। বিএনপি ও গণফোরামসহ আরও কয়েকটি দল জাতীয় ঐক্যফ্রন্টের ব্যানারে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেয়। নির্বাচনে বিএনপি ছয়টি আসনে এবং গণফোরাম দুটি আসনে বিজয়ী হয়।

তবে তারা ব্যাপক ভোট ডাকাতির অভিযোগ এনে জোট নির্বাচনের ফলাফল বর্জন করে এবং সংসদের যোগ না দেয়ার সিদ্ধান্ত নেয়। কিন্তু গণফোরাম থেকে নির্বাচিত দুই এমপি সুলতান মোহাম্মাদ মনসুর (মৌলভীবাজার-২) ও মোকাব্বির খান (সিলেট-২) যথাক্রমে ৭ মার্চ ও ২ এপ্রিল শপথ নেন।

# ক্রেমশই ঊর্ধমুখী তাপমাত্রা গরমে ওষ্ঠাগত প্রাণ, লখনউ-তে স্কুলের সময়সূচি পরিবর্তন


লখনউ, ২৯ এপ্রিল (হি.স.): মাত্রাতিরিক্ত গরমের দাপটে গত কয়েকদিন ধরেই নাজেহাল উত্তর প্রদেশের বিভিন্ন প্রান্তের মানুষজন। প্রতিদিনই একটু একটু করে বাড়ছে তাপমাত্রার পারদ। গরমে কাহিল রাজধানী লখনউবাসী। এমতাবস্থায় পড়ুয়াদের স্বাস্থ্যের কথা চিন্তা করে বিশেষ ঘোষণা করলেন লখনউ-এর জেলা ম্যাজিস্ট্রেট। লখনউ-এর সমস্ত সরকারি এবং বেসরকারি স্কুল কর্তৃপক্ষকে সংশ্লিষ্ট স্কুলের সময়সূচি পরিবর্তনের নির্দেশ দিয়েছেন জেলা ম্যাজিস্ট্রেট।লখনউ-এর জেলা ম্যাজিস্ট্রেট-এর নির্দেশ অনুযায়ী-মাত্রাতিরিক্ত গরমের কারণে সমস্ত সরকারি এবং বেসরকারি স্কুল কর্তৃপক্ষকে সংশ্লিষ্ট স্কুলের সময়সূচি পরিবর্তনের নির্দেশ দেওয়া হয়েছে। ৩০ এপ্রিল থেকে সমস্ত সরকারি ও বেসরকারি স্কুলে দশম শ্রেণী পর্যন্ত পঠনপাঠন শুরু করতে হবে সকাল ৭.৩০ মিনিট থেকে, সকাল ৭.৩০ মিনিট থেকে শুরু হয়ে পঠনপাঠন চলবে দুপুর বারোটা পর্যন্ত। পাশাপাশি একাদশ এবং দ্বাদশ শ্রেণীর পঠনপাঠন চলবে দুপুর একটা পর্যন্ত।

## স্টেশনে চাঞ্চল্য

**আটের পাতার পর**

পাশে একটি পরিত্যক্ত ব্যাগ পরে থাকতে দেখে রেল যাত্রীদের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে পুলিশ। আসে বম স্কোয়াড ও ডগ স্কোয়াড। তল্লাশি চালিয়ে পুলিশ ব্যাগটির মধ্যে থেকে স্টিলের ডাস্টবিন ও ইলেকট্রনিক বোর্ড উদ্ধার করেছে। এই ঘটনায় দীর্ঘক্ষণ দাঁড়িয়ে ছিল দেওধর এক্সপ্রেস। পুলিশ জানিয়েছে পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে।

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# বেনাপোল সীমান্তে নারীসহ ৯ বাংলাদেশী অনুপ্রবেশকারী আটক

নিজস্ব প্রতিনিধি,,ঢাকা,এপ্রিল ২৯।। ভারত থেকে অবৈধভাবে দেশে ফেরার সময় সোমবার বেনাপোল সীমান্ত থেকে নারীসহ নয়জন বাংলাদেশিকে আটক করেছে ২১ বিজিবি সদস্যরা। বিকালে বেনাপোলের পুটখালি সীমান্ত থেকে তাদের আটক করা হয় ।আটককৃতরা হলো,যশোরের মনিরামপুর এলাকার সামিউলের দুই ছেলে আজিজুর (২৮) ও আজিম (৭) এবং মেয়ে অঞ্জলী (৮), আজিজুর রহমানের মেয়ে নিলা (১৯), সাহেব আলীর ছেলে মজিবর রহমান (৪০) ও মেয়ে মনিরা (১৬), মজিবরের ছেলে মুন্না (২০) ও রাজিব (১৮) এবং আ. রহিমের মেয়ে সালেহা খাতুন ।তবে এ ঘটনায় কোনো পাচারকারীকে আটক করতে পারেনি বিজিবি।

## জয়েন্টে

● **প্রথম পাতার পর**

এই এন্ট্রান্স পরীক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু, ভুলে ভরা মডেল উত্তরপত্র ছাত্র ছাত্রী ও অভিভাবকদের মনে এন্ট্রাল পরীক্ষার ফলাফল নিয়ে দুশ্চিন্তা ও উদ্বেগ তৈরি করেছে। এসএফআই এই ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছে। পাশাপাশি বোর্ড কর্তৃপক্ষকে ওয়েবসাইটে প্রকাশিত মডেল উত্তরপত্র সংশোধন করে পুনরায় প্রকাশ করার দাবি জানিয়েছে।

## কংগ্রেস

● **প্রথম পাতার পর**

হয়েছে, তার প্রমাণ মিলেছে। নির্বাচন কমিশনও স্বীকার করেছে ভোটে গরমিল হয়েছে। সেক্ষেত্রে পুনঃভোটের সিদ্ধান্ত নিয়ে নির্বাচন কমিশন ত্রিপুরায় গণতন্ত্র প্রতিষ্ঠার পদক্ষেপ গ্রহণ করুক, চাইছে কংগ্রেস।

## বামফ্রন্টের

● **প্রথম পাতার পর**

তবে, এই প্রক্রিয়া নতুন নয়, ২০১৪ সাল থেকেই বিভিন্ন গণতান্ত্রিক প্রতিষ্ঠান একের পর এক আক্রান্ত হচ্ছে। তাঁর মতে, নির্দিষ্ট একটি ধর্মীয় দেশ গঠনে স্বৈরতান্ত্রিক চিন্তাধারার প্রতিফলন এখন ত্রিপুরায়ও লক্ষ্য করা যাচ্ছে। ফলে, গণতন্ত্র রক্ষায় কমিশনকে দায়িত্ব নিতে হবে। তাঁর কথায়, নির্বাচন কমিশন গণতন্ত্রের রক্ষক। মানুষের ভোটাধিকার রক্ষার দায়িত্বও তাই কমিশনকে নিতে হবে। তাঁর বক্তব্য, পুনর্ভোটে না করা পর্যন্ত জনগণের লড়াই জারি থাকবে।

এদিকে, ত্রিপুরা বামফ্রন্টের আহ্বায়ক বিজন ধর আজ শাসকদল বিজেপি এবং নির্বাচন কমিশনকে ভোট প্রক্রিয়া নিয়ে একসাথে বিঁধেছেন। তিনি ত্রিপুরা পশ্চিম আসনে পুনর্ভোটের জন্য বিজেপিকে দায়ী করেছেন। তাঁর অভিযোগ, সারা দেশেই ভোট প্রক্রিয়াকে বাতিল করে ধর্মীয় রাষ্ট্রে পরিণত করার যে চেষ্টা শুরু হয়েছে তাতে অপশক্তি সাহস পেয়েছে। সাথে তারা সুযোগও পেয়েছেন। তাই, ভোট কারচুপির ঘটনা এ-রাজ্যে ঘটেছে। পাশাপাশি বলেন, নির্বাচন কমিশন প্রতিশ্রুতি খেলাপ করেছে। সুষ্ঠু ও অবাধ নির্বাচনের প্রতিশ্রুতি দিলেও, সেই দায়িত্ব পালনে এবং প্রতিশ্রুতি রক্ষায় কমিশন ব্যর্থতার নজির স্থাপন করেছে। তিনি উষ্মা প্রকাশ করে বলেন, ডিজিটাল যুগে ১৮ দিন অতিক্রান্ত হওয়ার পরও ত্রিপুরা পশ্চিম আসনে পুনর্ভোটে নিয়ে নির্বাচন কমিশন কোনও সিদ্ধান্তে পৌঁছতে পারেনি। এই ব্যর্থতার দায় কমিশনকেই নিতে হবে। সাথে যোগ করেন, রাজ্যে গণতন্ত্র প্রতিষ্ঠায় শীঘ্রই পুনর্ভোটের ঘোষণা দিক কমিশন। নইলে লড়াই এভাবেই জারি রাখবে বামফ্রন্ট। তাঁর কথায়, বামেরা এখন দুর্বল ঠিকই। কিন্তু শক্তি সঞ্চয়ের চেষ্টা চলছে। তাঁর বিশ্বাস, অগণতান্ত্রিক সমস্ত পদক্ষেপের বিরুদ্ধে লড়াই জারি রাখতে বামেদের শক্তি সঞ্চয় হবেই।

## যুবতীর

● **প্রথম পাতার পর**

বোনের বিয়ে হয়ে গেছে। মা ও এক মেয়েকে নিয়েই তাদের এই সংসার। আজ বিকেল চারটে নাগাদ মা স্নান থেকে এসে দেখতে পায় তার একমাত্র ছোট মেয়ে ঘরের ভিমে ফাঁসি লাগানো অবস্থায়। তখন চিৎকার চেচামেচি করলে আশপাশের লোকজন ছুটে আসেন। তারপর সবাই মিলে ঝুলন্ত দেহ টি তড়িঘড়ি ফাঁস লাগানো অবস্থা থেকে নামিয়ে নেন। তারা ভেবেছিলেন হয়তো লাভলীর প্রাণ রয়ে গেছে। কিন্তু লাভলীর ঝুলন্ত দেহটি নামানোর পর দেখতে পান লাভলি আর বেঁচে নেই। খবর দেওয়া হয় চুড়াইবাড়ি থানা কে। ঘটনাস্থলে ছুটে আসেন চুড়াইবাড়ি থানা এএসআই বিষ্ণুপদ ঘোষ ও বিশাল পুলিশ বাহিনী। উনারা ঘটনাস্থলে এসে মৃতদেহটি কদমতলা মর্গে নিয়ে যান ময়না তদন্তের জন্য। কুড়ি বছরের যুবতীর ফাঁস দিয়ে আত্মহত্যা গোটা বাগান এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। তবে পরিবারের লোকজন সহ আশপাশের মানুষ ফাঁসি দিয়ে আত্মহত্যার কারণ বলতে পারেননি।পুলিশ ঘটনাটি তদন্ত শুরু করে দিয়েছে।

## দেওয়ায় আত্মহত্যা

**আটের পাতার পর**

সেখানে অবস্থার অবনতি হলে একাকে এনায়েতপুর খাজা ইউনুস আলী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। উল্লাপাড়া থানার এ এস আই রায়হান জানান, এ ব্যাপারে উল্লাপাড়া থানায় একটি মামলা হয়েছে। পুলিশ একার মৃতদেহ উদ্ধার করে সিরাজগঞ্জ সদর হাসপাতাল ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।

## চলেছে নরেন্দ্র মোদী

**আটের পাতার পর**

দেওয়া থেকে বাধা দিচ্ছে। বিজেপিকর্মীদের উপর হামলাও চালানো হয়েছে। বিজেপিকে সঠিক ভাবে প্রচার করতে দেওয়া হয়নি। পুলিশকে ব্যক্তিগত নিরাপত্তা বাহিনীতে পরিণত করেছেন মুখ্যমন্ত্রী।

## সানি দেওল

**দুইয়ের পাতার পর**

থেকে মনোয়ন পত্র জমা দেবেন সানি দেওল। মনোনয়ন পত্র জমা দেওয়ার প্রাক্কালে সোমবার ভোরে অমৃতসরের স্বর্ণ মন্দিরে বিশেষ প্রার্থনা করেছেন সানি দেওল। পঞ্জাব বিজেপি সূত্রের, সানি দেওল মনোনয়ন পত্র জমা দেওয়ার সময় তাঁর সঙ্গে উপস্থিত থাকবেন গুরুদাসপুরের প্রাক্তন সাংসদ তথা প্রয়াত অভিনেতা বিনোদ খান্নার স্ত্রী কবিতা খান্না, কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং প্রমুখ।

## এনআরএআই-এর

**পাচের পাতার পর**

স্বর্ণপদক জিতেছেন। ২০১৪ সালে, তিনি ”অর্জুন অ্যাওয়ার্ড”-এ ভূষিত হন। অন্যদিকে, ২০১৮ সালের আইএসএসএফ বিশ্ব শ্যুটিং চ্যাম্পিয়নশিপে ডাবল ট্র্যাপ ইভেন্টে স্বর্ণপদক জিতেছিলেন অঙ্কুর মিত্তলের। ২০১৭ সালের বিশ্বকাপ চ্যাম্পিয়নশিপে তিনি রৌপ্যপদক জিতেছেন। ২০১৫ সালের গোল্ড কোস্টে অনুষ্ঠিত কমনওয়েলথ গেমসে, তিনি ডাবল ট্র্যাপ শুটিং (পুরুষদের) ইভেন্টে ব্রোঞ্জপদক জেতেন। গত বছর, তিনি ”অর্জুন পুরস্কার”-এ ভূষিত হন। প্রসঙ্গত, যুব ও ক্রীড়া মন্ত্রক কর্তৃক ভূষিত দেশের সর্বোচ্চ ক্রীড়া সম্মান হল এই ”খেল রত্ন”, যার জন্য সুপারিশ করা হয়েছে এই দুই ক্রীড়াবিদের নাম। একইসঙ্গে ”অর্জুন পুরস্কার”-এর জন্য আনজুম মৌদগিল, শাহজার রিজভী এবং ওমপ্রকাশ মিথারওয়ালের নাম সুপারিশ করেছে এনআরএআই।

## চলছে বীরভূমে

**তিনের পাতার পর**

নকুলদানা বিলি হচ্ছে। যেখানে যেখানে কর্মী রা গেছে সেখানে সেখানে চলছে নকুলদানা বিতরণ। তবে শুধু এলাকাবাসী নয়, কেন্দ্রীয় বাহিনী ও যাতে নকুলদানা পায় তার জন্য বলে এসেছি। এদিন রাতভোর দেওয়া হবে নকুলদানা। কারন গরমটা তো কমছে না কিছুতেই।

# মোদী-শাহের বিরুদ্ধে সর্বোচ্চ আদালতে আবেদন শিলচরের সাংসদ সুস্মিতার, মঙ্গলবার শুনানি

নয়াদিল্লি, ২৯ এপ্রিল (হি.স.) : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং বিজেপি-র জাতীয় সভাপতি অমিত শাহের বিরুদ্ধে শিলচরের সাংসদ তথা সর্বভারতীয় মহিলা কংগ্রেস সভানেত্রী সুস্মিতা দেবের আবেদনের ওপর আগামীকাল মঙ্গলবার (৩০ এপ্রিল) শুনানি গ্রহণ করবে সর্বোচ্চ আদালত। সুস্মিতার আবেদন গ্রহণ করে এর ওপর আগামীকাল খোদ প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের ডিভিশন বেঞ্চ শুনানি গ্রহণ করবে বলে জানানো হয়েছে।গত ২৩ এপ্রিল অনুষ্ঠিত সাধারণ নির্বাচনের তৃতীয় দফার ভোটগ্রহণের দিন গুজরাটে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং বিজেপি সভাপতি অমিত শাহ নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করেছেন বলে অভিযোগ তুলে সুপ্রিম কোর্টে আবেদন দাখিল করেছিলেন কংগ্রেস নেত্রী দেব। দাখিলকৃত আবেদনপত্রের ভিত্তিতে শীঘ্র ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়েছিলেন তিনি। এতে তিনি লিখেছেন, মোদী ও শাহ নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করেছেন বলে প্রামাণিক তথ্য সহকারে নির্বাচন কমিশনকে অভিযোগ জানিয়ে উভয়ের বিরুদ্ধে ব্যবস্থা নিতে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু রহস্যজনকভাবে কমিশন কোনও ব্যবস্থা নেয়নি। কেবল তাঁর আবেদনই নয়, অনুরূপ প্রায় ৪০টি অভিযোগনামা নির্বাচন কমিশনের হাতে দেওয়া হয়েছিল, অথচ কমিশন নীরবতা অবলম্বন করেছে। তাই তিনি বাধ্য হয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন।তাঁর আবেদন গ্রহণ করেছে সর্বোচ্চ আদালত। এর ওপর আগামীকাল খোদ প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের ডিভিশন বেঞ্চ শুনানি গ্রহণ করবে, জানিয়েছেন সাংসদ তথা শিলচরের কংগ্রেস প্রার্থী সুস্মিতা দেব।

# ফের শাস্তির কোপে পড়লেন মুম্বই অধিনায়ক রোহিত শর্মা

কলকাতা, ২৯ এপ্রিল (হি.স.) : ইডেনে কেকেআরের কাছে হেরে মেজাজ হারিয়ে শাস্তির কোপে পড়লেন মুম্বই অধিনায়ক রোহিত শর্মা। ইডেনে রোহিতের আচরণ খেলোয়াড় সুলভ ছিল না বলে অভিযোগ তোলেন ম্যাচ অফিসিয়ালরা। যার ফলে তাঁর বিরুদ্ধে আইপিএলের আচরণবিধি ভঙ্গের দায় চাপানো হয় ।অভিযোগ অস্বীকার করেননি মুম্বই অধিনায়ক। তিনি নিজের দোষ স্বীকার করে নেন। তবে তাই বলে শাস্তি এড়াতে পারেননি রোহিত। এ যাত্রায় তাঁকে জরিমানা করে ছেড়ে দেয় বোর্ড। কোড অফ কন্ডাক্ট ভাঙার জন্য রোহিতের ম্যাচ ফি’র ১৫ শতাংশ কেটে নেওয়া সিদ্ধান্ত নিয়েছে বিসিসিআই ।স্বাভাবিকভাবেই হতাশ দেখায় রোহিতকে। তিনি হতাশা লুকিয়ে রাখেননি। আম্পায়ারের সঙ্গে দু’চার কথা বলা ছাড়াও রোহিত ব্যাট দিয়ে নন-স্ট্রাইকার প্রান্তের স্ট্যাম্প ভেঙে দেন। বিষয়টা ম্যাচ রেফারির নজর এড়ায়নি। ফলে শাস্তির মুখে পড়তে হয় মুম্বই দলনায়ককে। এর আগে মোহালিতে কিংস ইলেভেন পঞ্জাবের বিরুদ্ধে নির্ধারিত সময়ে ওভারের কোটা পূর্ণ করতে না পারায় জরিমানা হয় রোহিতের ।চেন্নাই সুপার কিংস ও দিল্লি ক্যাপিটালসের পাশাপাশি তৃতীয় দল হিসাবে চলতি আইপিএলের প্লে-অফের টিকিট নিশ্চিত করতে পারত মুম্বই ইন্ডিয়ান্স। ইডেনে কেকেআরের কাছে হেরে বসায় মুম্বইয়ের সেই আশা আপাতত পূরণ হয়নি। প্লে-অফের টিকিটের জন্য তাদের অপেক্ষা করতে হবে আরও কয়েকটা দিন। হাতে মাত্র দু’টি ম্যাচ রয়েছে তাদের। দু’টি ম্যাচের অন্তত একটিতে জিতলে তবেই নিরাপদ জায়গায় নিজেদের নিয়ে যেতে পারবে তারা।

# কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগে কমিশনকে চিঠি তৃণমূলের

কলকাতা, ২৯ এপ্রিল (হি.স) : সোমবার কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ আনল তৃণমূল ঊ তৃণমূলের অভিযোগ কেন্দ্রীয় বাহিনী কাজ করছে বিজেপির হয়ে ঊ এদিন এই অভিযোগের ভিত্তিতে নির্বাচন কমিশনের কাছে চিঠি পাঠাল তৃণমূল ঊএদিন তৃণমূলের তরফ থেকে দেওয়া চিঠিতে লেখা হয়েছে, বিজেপি নেতাদের নির্দেশেই কাজ করছে কেন্দ্রীয় বাহিনী। এমনকি ভোটারদের বিজেপিকে ভোট দেওয়ার জন্য প্রভাবিত করছে কেন্দ্রীয় বাহিনী। এই বিষয়ে একাধিক অভিযোগ জানানো সত্ত্বেও কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। চতুর্থ দফাতেও কেন্দ্রীয় বাহিনী ভোটারদের ওপর একটা আতঙ্কের পরিবেশ তৈরির চেষ্টা করছে ।এছাড়াও এই চিঠিতে উল্লেখ করা হয়েছে যে, আসানসোল, বীরভূম, বহরমপুরের ভোট চলাকালীন একাধিক বার বুথের ভিতরে প্রবেশ করেছে কেন্দ্রীয় বাহিনী। তাদের সঙ্গেই ছিল বিজেপি প্রার্থী বাবুল সুপ্রিয় ঊ তারা বুথের মধ্যে প্রবেশ করে এদিন প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারকে হুমকি দেন। এদিন এই বুথ গুলির নম্বরও উল্লেখ করা হয় চিঠিতে ঊ সেগুলি হলো, শান্তিনিকেতনের ১৪১ নম্বর বুথ ও আসানসোলের কাশীডাঙার ১৯৯ নম্বর বুথ ঊ এদিন এই বুথ গুলোয় ব্যবস্থা নিয়ে, নির্বাচন কমিশনের কাছে সুষ্ঠু ও নিরপেক্ষ ভোট করার আর্জি জানানো হয় তৃণমূলের এই চিঠিতে ।

# কোচবিহার লোকসভা কেন্দ্র : কেন্দ্রীয় বাহিনীর নিরাপত্তায় ৫/১৮১ নং বুথে চলছে পুনর্নির্বাচন

কোচবিহার ২৯ এপ্রিল (হি.স.): প্রথম দফায় নির্বাচন শেষ হয়ে গেলেও, চতুর্থ দফার ভোটগ্রহণের দিন ফের ভোট হচ্ছে কোচবিহার লোকসভা নির্বাচন ক্ষেত্রের ৫/১৮১ নং বুথে। সোমবার সকাল থেকেই কেন্দ্রীয় বাহিনীর নিরাপত্তায় শুরু হয়েছে শীতলখুচি বিধান সভা কেন্দ্রের এই বুথে পুনর্নির্বাচন। এই বুথে মকপল না মুছে ভোটগ্রহণ করায় দেখা দেয় বিপত্তি। এরপর পুনর্নির্বাচনের সিদ্ধান্ত নেয় নির্বাচন কমিশন। পুনর্নির্বাচন ঘিরে বাড়তি উৎসাহ চোখে পড়েছে ভোটারদের মধ্যে। সকাল সকাল ভোটের লাইনে দাঁড়াতে দেখা যায় মানুষকে।এখানে মোট ভোটার ১৩৫২ জন। এদের মধ্যে পুরুষ ভোটার সংখ্যা ৭১৭ ও মহিলা ভোটারের সংখ্যা ৬৩৫ জন। শীতলখুচি এপি প্রাথমিক বিদ্যালয়ে এই ভোটগ্রহণ কেন্দ্র করা হয়েছে। উল্লেখ্য, লোকসভা নির্বাচনের প্রথম দফায় ভোটগ্রহণ হয়েছিল কোচবিহার লোকসভা কেন্দ্রে।

## কারাবাস

● **প্রথম পাতার পর**

তেলিয়ামুড়ার মহারণীতে বিয়ে করে। তাদের দুটি পুত্র সন্তান রয়েছে। মদ খাওয়ার জন্য টাকা চেয়েছিল স্ত্রীর কাছে। তাছাড়া রাখীকে প্রতিনিয়ত অত্যাচার করত বাপের বাড়ি থেকে টাকা এনে দিতে।

## রিমান্ডে

● **প্রথম পাতার পর**

বিশেষ সম্মানিত ব্যক্তি এবং তাঁদের পরিবারকে জড়িয়ে কুৎসা রটানো দণ্ডনীয় অপরাধ । তাই সৈকত তলাপাত্রের বিরুদ্ধে গণরোষের সৃষ্টি হয়েছে, দাবি করেন মহিলারা ।এদিকে, আজ মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেটের আদালতে সৈকত তলাপাত্রকে তুলে পুলিশ । পুলিশের পক্ষ থেকে আদালতে সৈকত তলাপাত্রকে পাঁচদিনের জন্য রিমান্ড চেয়েছিল । কিন্তু মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট তিন দিনের পুলিশ রিমান্ড মঞ্জুর করেছেন ।

# আনন্দপুর সাহিব সংসদীয় কেন্দ্র মনোনয়ন পত্র জমা দিলেন কংগ্রেস প্রার্থী মণীশ তিওয়ারি

চণ্ডীগড়, ২৯ এপ্রিল (হি.স.): পঞ্জাবের আনন্দপুর সাহিব সংসদীয় কেন্দ্র থেকে মনোনয়ন পত্র দিলেন এই কেন্দ্রের কংগ্রেস প্রার্থী তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী মণীশ তিওয়ারিঊ সোমবার আনন্দপুর সাহিব সংসদীয় কেন্দ্র থেকে মনোনয়ন পত্র জমা দেওয়ার সময় মণীশ তিওয়ারির সঙ্গে উপস্থিত ছিলেন পঞ্জাবের মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিং-সহ অন্যান্যরাঊ২০০৯-২০১৪ সাল পর্যন্ত লুধিয়ানা থেকে সাংসদ ছিলেন মণীশ তিওয়ারিঊ ততালীন উইপিএ সরকারের আমলে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের দায়িত্বে সামলেছিলেন মণীশ তিওয়ারিঊ উনিশের লোকসভা নির্বাচনে পঞ্জাবের আনন্দপুর সাহিব সংসদীয় কেন্দ্র থেকে মণীশ তিওয়ারিকে প্রার্থী করেছে কংগ্রেসঊ এই কেন্দ্রে মণীশের প্রতিদ্বন্দ্বী হলেন এনডিএ প্রার্থী শিরোমণি অকালি দল (এসএডি)-এর প্রেম সিং চান্দুমাজরা এবং আম আদমি পার্টির প্রার্থী নারিন্দর সিং শেরগিল।

# সপ্তদশ সাধারণ নির্বাচনের চতুর্থ দফা : চলছে বলিউডের ভোটপর্ব

মুম্বই, ২৯ এপ্রিল (হি.স.): দেশজুড়ে চলছে চতুর্থ দফার ভোটগ্রহণঊ সপ্তদশ সাধারণ নির্বাচনের চতুর্থ দফায় দেশের ন’টি রাজ্যের ৭২টি আসনে একাধিক হেভিওয়েট প্রার্থীর ভাগ্য নির্ধারণ করছেন হেভিওয়েট ভোটাররাঊ চতুর্থ দফার নির্বাচনের অন্যতম বড় আকর্ষণ মুম্বইয়ের বলিউড তারকাদের ভোটাধিকার প্রয়োগ। সকাল থেকেই মুম্বই, ভিলে পার্লে সহ একাধিক পোলিং বুথে ভিভিআইপিদের দেখা গেল দায়িত্বশীল নাগরিক হিসাবে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করতে। এদিন সকাল সকাল ভোট দিয়েছেন অনিল আম্বানি থেকে অভিনেতা পরেশ রাওয়াল, সলমন খান, শচিন তেন্ডুলকর সহ আরও অনেকে। মহারাষ্ট্রের নন্দুরবার, ধুলে, ডিন্ডোরি, নাসিক, পালঘর, ভিওয়ান্ডি, কল্যাণ, থাণে, মুম্বই উত্তর, মুম্বই উত্তর-পশ্চিম, মুম্বই উত্তর-পূর্ব, মুম্বই উত্তর-সেন্ট্রাল, মুম্বই দক্ষিণ-সেন্ট্রাল, মুম্বই দক্ষিণ, মাভল, শিরুর এবং শিরডি লোকসভা আসনে চলছে ভোটগ্রহণ প্রক্রিয়া। দুপুর ২টো পর্যন্ত দেশ জুড়ে ভোট পড়েছে ৩৮.৬৩ শতাংশ। ভোটের লাইনে বিগ-বি থেকে মাস্টার ব্লাস্টার। এদিন সকাল থেকেই দেখা গেল হেভিওয়েট ভোটারদের ভোট দিতে। মুম্বইয়ের একটি পোলিং বুথে ভোট দিয়েছেন শাবানা আজমি ও জাভেদ আখতার, ভোট দিয়েছেন করিনা কাপুর, রণবীর সিং, কঙ্কণা সেনশর্মাও, গান্ধী নগরের একটি ভোটকেন্দ্রে ভোট দিয়েছেন শিবসেনা প্রধান উদ্ধব ঠাকরে ও তাঁর স্ত্রী রশ্মি ঠাকরে, উত্তর প্রদেশের মথুরা লোকসভা আসনের বিজেপি প্রার্থী অভিনেত্রী হেমা মালিনী তাঁর দুই কন্যা ঈশা দেওল এবং অহনা দেওলকে সঙ্গে নিয়ে ভিলে পার্লেতে ভোটাধিকার প্রয়োগ করেছেন। উত্তর প্রদেশের আমেঠি লোকসভা আসনের বিজেপি প্রার্থী স্মৃতি ইরানি ও তাঁর স্বামী জুবিন ইরানি মুম্বইয়ের ভারসোভা থেকে ভোট দিয়েছেন এদিন। সপরিবার ভোট দিলেন বিগ-বি। জুহুর একটি পোলিং বুথে ভোট দিলেন অমিতাভ বচ্চন, জয়া বচ্চন, অভিষেক বচ্চন এবং ঐশ্বর্যা রাই বচ্চন। বান্দ্রার ২৮৩ পোলিং বুথে নিজের ভোটাধিকার প্রয়োগ করেছেন সলমন খান। বান্দ্রার ২০৩ নং পোলিং বুথ থেকে স্ত্রী অঞ্জলি, মেয়ে সারা ও ছেলে অর্জুনকে সঙ্গে নিয়ে ভোট দিলেন শচিন তেন্ডুলকর। এদের মধ্যে আবার সারা তেন্ডুলকর ও অর্জুন তেন্ডুলকর প্রথমবারের ভোটার।

# পশ্চিমবঙ্গে নির্বাচনী হিংসা এবং রাহুল গান্ধীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবিতে কমিশনে দ্বারস্থ বিজেপি

নয়াদিল্লি, ২৯ এপ্রিল (হি.স.) : নির্বাচনে পশ্চিমবঙ্গে রাজনৈতিক হিংসা রোখার দাবিতে জাতীয় নির্বাচন কমিশনে দ্বারস্থ হল বিজেপি। সোমবার কেন্দ্রীয় মন্ত্রী মুক্তার আব্বাস নাকভির নেতৃত্বে বিজেপির একটি প্রতিনিধি দল দিল্লিতে নির্বাচন কমিশনে যান। সেখানে গিয়ে বিজেপির তরফ থেকে একটি স্মারকলিপিও কমিশনের আধিকারিকদের হাতে তুলে দেওয়া হয়। পাশাপাশি কংগ্রেস সভাপতি রাহুল গান্ধীর কিছু আপত্তিজনক মন্তব্যের কমিশনের সামনে তুলে ধরা হয় ।নির্বাচন কমিশনের অফিস থেকে বেরিয়ে আসার পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুক্তার আব্বাস নাকভি বলেন, ভোটগ্রহণ অবাধ ও শান্তিপূর্ণ করার জন্য পশ্চিমবঙ্গের প্রতিটি বুথে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করার দাবি করা হয়েছে। পাশাপাশি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিরুদ্ধে ভিত্তিহীন অভিযোগ তোলার জন্য রাহুল গান্ধীর বিরুদ্ধে কমিশনের কাছে অভিযোগ জানায় বিজেপির প্রতিনিধি দল। এই প্রসঙ্গে মুক্তার আব্বাস নাকভি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরুদ্ধে ভিত্তিহীন অভিযোগ তুলছেন রাহুল গান্ধী। সুপ্রিম কোর্টের রায় অপব্যাখ্যা করে প্রধানমন্ত্রী চোর বলেছেন কংগ্রেস সভাপতি। এমনকি অমিত শাহকে খুনী বলে কটাক্ষ করেছন রাহুল গান্ধী।

## ডব্লিউএফআই’র

সাতের পাতার পর।। সম্মান হল এই ”খেল রত্ন”, যার জন্য সুপারিশ করা হয়েছে এই দুই ক্রীড়াবিদের নাম। একইসঙ্গে ”অর্জুন পুরস্কার”-এর জন্য রাহুল আওয়ারে, হরপ্রীত সিং, দিব্যা করন এবং পূজা ধান্ডা, ”দ্রোণাচার্য্য অ্যাওয়ার্ড”-এর জন্য বীরেন্দর কুমার, সুজিত মান, নরেন্দ্র কুমার এবং বিক্রম কুমার এবং ”ধ্যানচাঁদ পুরস্কার”-এর জন্য ভীম সিং এবং জয় প্রকাশের নাম সুপারিশ করেছে ডব্লিউএফআই।

## ইউনাইটেডের

সাতের পাতার পর।। ম্যাচ ড্র হওয়ায় সব রকমের টুর্নামেন্ট মিলিয়ে টানা চারটি ম্যাচে জয়হীন থাকল ইউনাইটেড। ৩৬ ম্যাচে রেড ডেভিলসদের সংগ্রহ ৬৫ পয়েন্ট। তারা রয়েছে লিগ টেবিলের ছ’নম্বরে। চেলসি সমসংখ্যক ম্যাচে ৬৮ পয়েন্ট নিয়ে চার নম্বরে রয়েছে।

## জিদান

সাতের পাতার পর।। শুরু থেকে শেষ পর্যন্ত কোনো বিভাগেই আমরা কিছু করতে পারলাম না।”

“কখনও কখনও গোল করাটা অসম্ভব হয়, কিন্তু তখনও আপনি সুযোগ সৃষ্টি করতে পারেন। আজ রাতে (রোববার) আমরা খেলতেই পারিনি।”

“আমি ক্ষুব্ধ। আমরা খুব খারাপ খেললাম এবং এর জন্য শুধু খেলোয়াড়রা নয় আমিও দায়ী। নিজেদের পারফরম্যান্সের জন্য আমাদের অনুতপ্ত হতে হবে।”

লিগে ৩৫ ম্যাচে ২০ জয় ও পাঁচ ড্রয়ে রিয়ালের সংগ্রহ ৬৫ পয়েন্ট।

## সিটি

সাতের পাতার পর।। নজির গড়লেন সার্জিও আগুয়েরো।

হাডার্সফিল্ডকে ৫ গোলে বিধ্বস্ত করে শুক্রবার লিগ শীর্ষে চলে গিয়েছিল লিভারপুল। ২ পয়েন্টে এগিয়ে থেকে রেডসদের সরিয়ে লিগ শীর্ষে যেতে জয় ছাড়া কোনও উপায় ছিল না স্কাই ব্লুজদের। যদিও এদিন প্রথমার্ধে ডেডলক খুলতে ব্যর্থ পেপ গুয়ার্দিওলার ছেলেরা। বার্নলির ঘরের মাঠে বিপক্ষের গোল লক্ষ্য করে শট নিতে ২৮ মিনিট পর্যন্ত অপেক্ষা করতে হয় সিটিকে।

বক্সের সামান্য বাইরে থেকে আগুয়েরোর একটি শট অল্পের জন্য লক্ষ্যভ্রষ্ট হওয়া ছাড়া প্রথমার্ধে সেই অর্থে সুযোগ তৈরি করতে ব্যর্থ সিটি। ফাইনাল থার্ডে দলের কুৎসিত ফুটবলে মাঠেই হতাশা প্রকাশ করেন লিরয় সেন।

খেলার ৬৩ মিনিটে বার্নার্দো সিলভার পাস ধরে এক ডিফেন্ডারকে কাঁধে নিয়েই গোল লক্ষ্য করে শট নেন আর্জেন্টিনার ফরোয়ার্ড। বিপক্ষ গোলরক্ষককে পরাস্ত করে আগুয়েরোর শট গোলে ঢোকার মুখে আটকানোর চেষ্টা করেন এক বার্নলি ডিফেন্ডার। কিন্তু বল ততক্ষণে গোললাইন অতিক্রম করে যায়। ১-০ গোলে এগিয়ে যায় সিটি। এবার শেষ দু’ম্যাচে জিতলেই টানা দ্বিতীয়বারের জন্য লিগ খেতাব উঠবে সিটির হাতে।

# াঙ্গন

## রাজীব খেল রত্ন, অর্জুন ও দ্রোণাচার্য্য পুরস্কারের জন্য সুপারিশ ডব্লিউএফআই'র

**নয়াদিল্লি, ২৯ এপ্রিল (হি.স.)।।** কুস্তিতে ''খেল রত্ন''-সহ একাধিক পুরস্কারের জন্য একগুচ্ছ ক্রীড়াবিদের নাম সুপারিশ করল ''রেসলিং ফেডারেশন অফ ইন্ডিয়া'' (ডব্লিউএফআই)। ''রাজীব গান্ধী খেল রত্ন অ্যাওয়ার্ড''-এর জন্য মহিলা কুস্তিগীর ভিনেশ ফোগট ও ফ্রীস্টাইল কুস্তিগীর বজরং পুনিয়ার নাম সুপারিশ করল ''রেসলিং ফেডারেশন অফ ইন্ডিয়া'' (ডব্লিউএফআই)। একইসঙ্গে ''অর্জুন অ্যাওয়ার্ড''-এর জন্য রাহুল আওয়ারে, হরপ্রীত সিং, দিব্যা করন এবং পূজা ধান্ডা, ''দ্রোণাচার্য্য অ্যাওয়ার্ড''-এর জন্য বীরেন্দর কুমার, সুজিত মান, নরেন্দ্র কুমার এবং বিক্রম কুমার এবং ''ধ্যানচাঁদ অ্যাওয়ার্ড''-এর জন্য ভীম সিং এবং জয় প্রকাশের নাম সুপারিশ করেছে ডব্লিউএফআই।

''রেসলিং ফেডারেশন অফ ইন্ডিয়া'' (ডব্লিউএফআই) সম্মানীয় ''রাজীব গান্ধী খেল রত্ন পুরস্কার'', ''অর্জুন পুরস্কার'' এবং ''দ্রোণাচার্য্য পুরস্কার''-এর জন্য মনোনয়ন দিয়েছে এদিন। বর্তমানে, ওয়ার্ল নং ১, ক্রীড়াবিদ বজরং পুনিয়া, চীনের জি''য়ানে এশিয়ান রেসলিং চ্যাম্পিয়নশিপে ভারতীয় প্রতিনিধি হিসেবে স্বর্ণপদক জয় করেছেন। গত বছর এশিয়ান গেমসেও তিনি স্বর্ণপদক জিতেছিলেন। ২০১৮ সালের বিশ্বকাপ চ্যাম্পিয়নশিপ এবং গত বছর কমনওয়েলথ গেমসে স্বর্ণপদক, ২০১৭ এশিয়ান চ্যাম্পিয়নশিপে স্বর্ণপদক, ২০১৮ এশিয়ান চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ এবং গত সপ্তাহে আরেকটি স্বর্ণপদক জয়লাভ করেছেন তিনি। আরেকজন পদকজয়ী মহিলা কুস্তিগীর হলেন ভিনেশ ফোগট, যিনি গত চার বছরে সমানভাবে সমাদৃত ছিলেন। ২০১৪, ২০১৮ সালে কমনওয়েলথ গেমসে তিনি স্বর্ণপদক জিতেছেন, ২০১৪ এশিয়ান গেমসে ব্রোঞ্জ এবং ২০১৮ সালের এশিয়ান গেমসে স্বর্ণপদক ছিল তাঁর দখলে। এশিয়ান চ্যাম্পিয়নশিপে এ বছর তিনটি রৌপ্যপদক এবং দুই ব্রোঞ্জ পদক জিতেছেন। প্রসঙ্গত, যুব ও ক্রীড়া মন্ত্রক কর্তৃক ভূষিত দেশের সর্বোচ্চ ক্রীড়া -**ছয়ের পাতায় দেখুন**

## অর্জুন ও রাজীব গান্ধী খেল রত্ন পুরস্কারের জন্য সুপারিশ এনআরএআই'র

**নয়াদিল্লি, ২৯ এপ্রিল (হি.স.)।।** সোমবার শ্যুটিংয়ে ''খেল রত্ন'' ও ''অর্জুন'' পুরস্কারের জন্য একগুচ্ছ ক্রীড়াবিদের নাম সুপারিশ করল ''ন্যাশনাল রাইফেল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া'' (এনআরএআই)। ''রাজীব গান্ধী খেল রত্ন অ্যাওয়ার্ড''-এর জন্য শ্যুটার হিনা সিধু ও অঙ্কুর মিত্তলের নাম সুপারিশ করল ''ন্যাশনাল রাইফেল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া'' (এনআরএআই)। একইসঙ্গে ''অর্জুন অ্যাওয়ার্ড''-এর জন্য আনজুম মৌদগিল, শাহজার রিজভী এবং ওমপ্রকাশ মিথারওয়ালের নাম সুপারিশ করেছে এনআরএআই।

''ন্যাশনাল রাইফেল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া'' (এনআরএআই) সর্বোচ্চ সম্মানীয় ''রাজীব গান্ধী খেল রত্ন পুরস্কার'' এবং ''অর্জুন পুরস্কার''-এর জন্য মনোনয়ন দিয়েছে এদিন। এশিয়ান গেমসের ব্রোঞ্জ পদকপ্রাপ্ত হিনা সিধু, ২০১৩ সালে তিনিই প্রথম ভারতীয় মহিলা পিস্তল শ্যুটার যিনি আইএসএসএফ ওয়ার্ল কাপ ফাইনালে ১০ মিটার এয়ার পিস্তল ইভেন্টে স্বর্ণপদক জেতেন। ২৯ বছর বয়সী এই মহিলা ১০ মিটার এয়ার পিস্তল ইভেন্টে রৌপ্যপদক এবং মহিলাদের ২৫ মিটার এয়ার পিস্তল ইভেন্টে স্বর্ণপদক জিতেছেন। ২০১৪ সালে, তিনি ''অর্জুন অ্যাওয়ার্ড''-এ ভূষিত হন। অন্যদিকে, ২০১৮ সালের আইএসএসএফ বিশ্ব শ্যুটিং চ্যাম্পিয়নশিপে ডাবল ট্র্যাপ ইভেন্টে স্বর্ণপদক জিতেছিলেন অঙ্কুর মিত্তলের। ২০১৭ সালের বিশ্বকাপ চ্যাম্পিয়নশিপে তিনি রৌপ্যপদক জিতেছেন। ২০১৫ সালের গোল্ড কোস্টে অনুষ্ঠিত কমনওয়েলথ গেমসে, তিনি ডাবল ট্র্যাপ শুটিং (পুরুষদের) ইভেন্টে ব্রোঞ্জপদক জেতেন। গত বছর, তিনি ''অর্জুন পুরস্কার''-এ ভূষিত হন। প্রসঙ্গত, যুব ও ক্রীড়া মন্ত্রক কর্তৃক ভূষিত দেশের সর্বোচ্চ ক্রীড়া সম্মান হল এই ''খেল রত্ন'', যার জন্য সুপারিশ করা হয়েছে এই দুই ক্রীড়াবিদের নাম। একইসঙ্গে ''অর্জুন পুরস্কার''-এর জন্য আনজুম মৌদগিল, শাহজার রিজভী এবং ওমপ্রকাশ মিথারওয়ালের নাম সুপারিশ করেছে এনআরএআই।

## লা-লিগায় দুর্বল প্রতিপক্ষ ভায়েকানোর কাছে হার রিয়াল মাদ্রিদের

**মাদ্রিদ, ২৯ এপ্রিল (হি.স.)।।** লা-লিগায় পয়েন্ট টেবিলে পিছিয়ে থাকা দুর্বল প্রতিপক্ষ ভায়েকানোর কাছে এবার হেরে গেল রিয়াল মাদ্রিদ। কুড়ি বছরেরও বেশি সময়ে এই প্রথম রিয়াল মাদ্রিদকে হারানোর স্বাদ পেল ভায়েকানো।

এই নিয়ে স্প্যানিশ লিগে এটি রিয়াল মাদ্রিদের দশম হার। ৩৫ ম্যাচে ৬৫ পয়েন্ট নিয়ে লিগের তিন নম্বরে রয়েছে বেল-বেঞ্জেমারা।

প্রথমার্ধে ২৩ মিনিটে রিয়াল ফুটবলারের ভুলে পেনাল্টি পায় ভায়েকানো। সেখান থেকে এমবারবা'র গোলে ১-০ এগিয়ে যায় তারা। এরপর দুই অর্ধ মিলিয়ে একাধিকবার রিয়াল ম্যাচে ফেরার জোর চেষ্টা করলেও গোলমুখ খুলতে পারেননি।

রবিবার ম্যাচ হারে হতাশ রিয়াল কোচ জিদান। লজ্জার হারের পর ক্লাবের ফরাসি কোচ জিদান বলেন, 'ম্যাচের প্রথম থেকে শেষ মিনিট পর্যন্ত আমরা খারাপ খেলেছি। গোল করতে না পারলে অন্তত গোলের সুযোগ তৈরির চেষ্টা করা উচিত ছিল আমাদের। তবে এই খারাপ পারফর্ম্যান্সের জন্য দলকে দোষ দিয়ে লাভ নেই, আমিই হারের দায় নিচ্ছি।'

চ্যাম্পিয়ন্স লিগে আয়াক্সের কাছে দুই লেগ মিলিয়ে ৩-৫ হারে রিয়াল মাদ্রিদ। চ্যাম্পিয়ন্স লিগের স্বপ্নভঙ্গের পাশাপাশি স্প্যানিশ লিগ লা-লিগাতেও একাধিকবার ম্যাচ হেরে পয়েন্টে পিছিয়ে বেঞ্জেমা। মাদ্রিদের চেয়ে ১৮ পয়েন্টে এগিয়ে থেকে লিগ চ্যাম্পিয়ন হয়েছে বার্সেলোনা।

## ফের শাস্তির কোপে পড়লেন মুম্বই অধিনায়ক রোহিত শর্মা

**কলকাতা, ২৯ এপ্রিল (হি.স.)।।** ইডেনে কেকেআরের কাছে হেরে মেজাজ হারিয়ে শাস্তির কোপে পড়লেন মুম্বই অধিনায়ক রোহিত শর্মা। ইডেনে রোহিতের আচরণ খেলোয়াড় সুলভ ছিল না বলে অভিযোগ তোলেন ম্যাচ অফিসিয়ালরা। যার ফলে তাঁর বিরুদ্ধে আইপিএলের আচরণবিধি ভঙ্গের দায় চাপানো হয়।

অভিযোগ অস্বীকার করেননি মুম্বই অধিনায়ক। তিনি নিজের দোষ স্বীকার করে নেন। তবে তাই বলে শাস্তি এড়াতে পারেননি রোহিত। এ যাত্রায় তাঁকে জরিমানা করে ছেড়ে দেয় বোর্ড। কোড অফ কন্ডাক্ট ভাঙার জন্য রোহিতের ম্যাচ ফি'র ১৫ শতাংশ কেটে নেওয়া সিদ্ধান্ত নিয়েছে বিসিসিআই।

স্বাভাবিকভাবেই হতাশ দেখায় রোহিতকে। তিনি হতাশা লুকিয়ে রাখেননি। আম্পায়ারের সঙ্গে দু'চার কথা বলা ছাড়াও রোহিত ব্যাট দিয়ে নন-স্ট্রাইকার প্রান্তের স্ট্যাম্প ভেঙে দেন। বিষয়টা ম্যাচ রেফারির নজর এড়ায়নি। ফলে শাস্তির মুখে পড়তে হয় মুম্বই দলনায়ককে। এর আগে মোহালিতে কিংস ইলেভেন পঞ্জাবের বিরুদ্ধে নির্ধারিত সময়ে ওভারের কোটা পূর্ণ করতে না পারায় জরিমানা হয় রোহিতের।

চেন্নাই সুপার কিংস ও দিল্লি ক্যাপিটালসের পাশাপাশি তৃতীয় দল হিসাবে চলতি আইপিএলের প্লে-অফের টিকিট নিশ্চিত করতে পারত মুম্বই ইন্ডিয়ান্স। ইডেনে কেকেআরের কাছে হেরে বসায় মুম্বইয়ের সেই আশা আপাতত পূরণ হয়নি। প্লে-অফের টিকিটের জন্য তাদের অপেক্ষা করতে হবে আরও কয়েকটা দিন। হাতে মাত্র দু'টি ম্যাচ রয়েছে তাদের। দু'টি ম্যাচের অন্তত একটিতে জিতলে তবেই নিরাপদ জায়গায় নিজেদের নিয়ে যেতে পারবে তারা।

## মুম্বইকে হারিয়ে প্লে-অফের হিসেব জমিয়ে দিল কলকাতা

**কলকাতা, ২৯ এপ্রিল (হি.স.)।।** মারকাটারি মেজাজে খেলে রোহিত শর্মাদের মুম্বইকে হেলায় হারালেন আইপিএলে এই মরশুমে দেওয়ালে পিঠ ঠেকে যাওয়া নাইটরা। আত্মবিশ্বাস ফিরে পাওয়ার পাশাপাশি ইডেনে মুম্বই ম্যাচ জিতে কেকেআর জমিয়ে দিল প্লে-অফের হিসেব।

ইডেনের পিচ কিউরেটর সুজন মুখোপাধ্যায়কে অনেক অনুরোধ করে উইকেটে ঘাস কাটিয়ে রেখেছিলেন কার্তিক। ফলে বিপক্ষের পেসারদের সমস্যায় ফেলে ভেলকি দেখালেন ব্যাটসম্যানরাই। ৪০ বলে ৮০ রানে অপরাজিত রইলেন রাসেল। স্কোরবোর্ডে তখন ২৩২ রান। তাও আবার মাত্র দুই উইকেট খুইয়ে।

রবিবার রাতে আবারও প্রথম এগারোয় ফিরলেন উথাপ্পা। তবে শুভমান, লিন, রাসেলদের দাপটের কারণে কোনও পরীক্ষার সম্মুখীন হতে হয়নি তাঁকে। ভরসা করে দলে দুই পেসার গার্নি ও ওয়ারিয়েরকে রেখেছিলেন দীনেশ কার্তিক। দ্বিতীয়জনকে অবশ্য ছাপিয়ে গেলেন নারিন ও রাসেল। দুটি করে উইকেট পেলেন তাঁরা। গার্নিও পান দুটি উইকেট।

লিনের সঙ্গে ওপেন করতে নামায় নিজেকে প্রমাণ করার অনেকটা জায়গা পেলেন তরুণ ব্যাটসম্যান শুভমান। সুযোগের সদ্ব্যবহারও করলেন। ৪৫ বলে অনবদ্য ৭৬ রান করে মালিঙ্গা-বুমরাদের রীতিমতো ধন্দে ফেলে দিলেন তিনি। অর্ধ শতরান করে লিন আউট হতেই তিন নম্বরে নেমে পড়লেন রাসেল। তবে এদিনের ম্যাচে সবচেয়ে বেশি মন খারাপ নিঃসন্দেহে রোহিত শর্মার। ইডেন তাঁকে কখনও খালি না ফেরালেও এদিন ব্যতিক্রম ঘটল।

## ফুটবলারদের ভোটে ভন ডাইক ইংল্যান্ডের বর্ষসেরা

**লন্ডন, ২৯ এপ্রিল।।** ইংল্যান্ডে খেলা ফুটবলারদের ভোটে বর্ষসেরা নির্বাচিত হয়েছেন লিভারপুলের ডিফেন্ডার ভার্জিল ভন ডাইক।

২০১৮-১৯ মৌসুমের প্রফেশনাল ফুটবলার্স অ্যাসোসিয়েশনের (পিএফএ) বর্ষসেরা ফুটবলারের পুরস্কার জিততে নেদারল্যান্ডসের ২৭ বছর বয়সী এই খেলোয়াড় পেছনে ফেলেছেন সংক্ষিপ্ত তালিকায় থাকা ম্যানচেস্টার সিটির তিন ফুটবলার রাহিম স্টার্লিং, সের্হিও আগুয়েরো, বের্নোর্দো সিলভা, ক্লাব সতীর্থ সাদিও মানে ও চেলসির এদেন আজারকে। স্টার্লিং জিতেছেন সেরা তরুণ খেলোয়াড়ের পুরস্কার।

গত বছরের জানুয়ারিতে প্রায় সাড়ে আট কোটি ইউরো ট্রান্সফার ফিতে সাউথ্যাম্পটন থেকে লিভারপুলে যোগ দেওয়ার পর থেকেই রক্ষণে ইয়ুর্গেন ক্লপের সবচেয়ে বড় ভরসা ভন ডাইক। চলতি মৌসুমে লিগে নিজেদের ৩৬ ম্যাচের ১৯টিতেই কোনো গোল হজম করেনি লিভারপুল। রক্ষণ সামলানোর পাশাপাশি তিনটি গোল করেছেন এবং সতীর্থদের দুটি গোলে অবদান রেখেছেন ভন ডাইক।

এর আগে মাত্র দুইজন ডিফেন্ডার সতীর্থদের ভোটে বর্ষসেরা ফুটবলারের এই পুরস্কার পেয়েছেন। ২০০৪-০৫ মৌসুমে শেষবার জিতেছিলেন চেলসির সেন্টার-ব্যাক জন টেরি।

দারুণ এই কীর্তি গড়ায় গর্বিত ভন ডাইক।

"এই অনুভূতি ভাষায় প্রকাশ করা সত্যি কঠিন। আমি মনে করি, যাদের বিপক্ষে আপনি প্রতি সপ্তাহে খেলেন সেসব খেলোয়াড়দের ভোটেই বর্ষসেরা খেলোয়াড় নির্বাচিত হওয়াটা একজন খেলোয়াড় হিসেবে আপনার জন্য সর্বোচ্চ সম্মানের। এটা বিশেষ কিছু। এই পুরস্কার গ্রহণ করতে পেরে আমি খুব গর্বিত ও সম্মানিত।"

## ডোপিংয়ের দায়ে বিশ্বকাপের চূড়ান্ত দল থেকে বাদ অ্যালেক্স হেলস

**লন্ডন, ২৯ এপ্রিল (হি.স.)।।** ডোপিংয়ের দায়ে বিশ্বকাপের চূড়ান্ত দল থেকে বাদ পড়লেন ইংল্যান্ড উইকেটকিপার ব্যাটসম্যান অ্যালেক্স হেলস। সোমবার ইসিবি-র তরফে এ খবর জানানো হয়। আগামী ৩০ মে থেকে ইংল্যান্ড ও ওয়েলসের মাটিতে শুরু হচ্ছে দ্বাদশ একদিনের ফর্ম্যাটে বিশ্বকাপ।

পার্টিতে গিয়ে নিষিদ্ধ ওষুধ সেবনের দায়ে আগেই নির্বাসিত হয়েছিলেন ইংল্যান্ডের এই তারকা ব্যাটসম্যান। ডোপ টেস্টে ব্যর্থ হওয়ায় ২১ দিনের জন্য এই হেলসকে নির্বাসিত করেছিল ইংল্যান্ড ও ওয়েলস ক্রিকেট বোর্ড(ইসিবি)। কিন্তু সোমবার তাঁকে বিশ্বকাপের দল থেকে ছেঁটে ফেলার সিদ্ধান্ত নেয় ইসিবি। এক বিবৃতিতে ইসিবি-র তরফে জানানো হয়, 'টিম ও ড্রেসিরুমের পরিবেশ ভালো রাখতে এবং কোনও অবাঞ্ছিত কারণে ক্রিকেটারদের যাতে কোনও মনোসংযোগে ব্যঘাত না-ঘটে সেই কারণে এই সিদ্ধান্ত।'

বছর তিরিশের উইকেটকিপার ব্যাটসম্যানকে বিশ্বকাপের চূড়ান্ত ১৫ জনের দল থেকে ছেঁটে ফেলার সিদ্ধান্ত নেন ইসিবি-র ম্যানেজিং ডিরেক্টর এবং জাতীয় নির্বাচকরা। নিষিদ্ধ ওষুধ সেবনের দায়ে এই নিয়ে দ্বিতীয়বারের জন্য শাস্তির কোপে পড়লেন হেলস। ব্যক্তিগত কারণে এই মুহূর্তে ক্রিকেট থেকে কিছুটা দূরে রয়েছেন তিনি। গত সপ্তাহে ল্যাঙ্কাশায়ারের বিপক্ষে ৫০ ওভারের ম্যাচে তাঁর ক্লাব নটিংহ্যামশায়ারের হয়ে মাঠের বাইরে ছিলেন ইংরেড ব্যাটসম্যান।

## প্রিমিয়র লিগের শীর্ষে ফের উঠল ম্যাঞ্চেস্টার সিটি

**লন্ডন, ২৯ এপ্রিল (হি.স.)।।** প্রিমিয়র লিগের শীর্ষে ফের উঠে এল ম্যাঞ্চেস্টার সিটি। আর্জেন্টিনার স্ট্রাইকারের আগুয়েরোর করা একমাত্র গোলেই বার্নলিকে হারিয়ে এই জয় আসে। আর দ্বিতীয় ফুটবলার হিসেবে ইংলিশ প্রিমিয়র লিগে টানা পঞ্চম মরশুমে ২০টি বা তার বেশি গোল করে -**ছয়ের পাতায় দেখুন**

## রিয়ালের পারফরম্যান্সে ক্ষুব্ধ জিদান

**লন্ডন, ২৯ এপ্রিল।।** লা লিগায় অবনমন অঞ্চলে থাকা রায়ো ভাইয়েকানোর কাছে হারের দায় নিজের কাঁধে নিলেও দলের পারফরম্যান্সে ক্ষুব্ধ থাকার কথা জানিয়েছেন রিয়াল মাদ্রিদের কোচ জিনেদিন জিদান।

প্রতিপক্ষের মাঠে রোববার ১-০ গোলে হারে রিয়াল। চলতি লিগে এটি তাদের দশম হার।

এই হারের পর লিগে পয়েন্ট তালিকার দুইয়ে থাকা আতলেতিকো মাদ্রিদের চেয়ে নয় পয়েন্ট পিছিয়ে আছে তিনে থাকা রিয়াল। এরই মধ্যে শিরোপা নিশ্চিত করেছে শীর্ষে থাকা বার্সেলোনা।

ভাইয়েকানোর বিপক্ষে কোনো কিছুই ঠিকমতো হয়নি বলে মনে করেন জিদান। ম্যাচের পর সংবাদ সম্মেলনে দলের সামগ্রিক ব্যর্থতা নিয়ে কথা বলেন তিনি।

"আমরা গোল করতে ব্যর্থ হলাম, কিন্তু এটাই একমাত্র বিষয় ছিল না। -**ছয়ের পাতায় দেখুন**

**3rd CLAIMANT NOTICE**

Following articles (vehicle) were seized by the Forest Departmant, Sadar Forest Sub Division Under sec -2 under section 52 (A) Indian Forest Act 1927 and rules made there under.

| SL. No | Name of Article | Registration No. | Engine No. & Chassis No. | Date & Time of seizure | By Whom |
|---|---|---|---|---|---|
| 01 | TATA ACE | TR01-P-0540 | Egnine No: - 2751D105MTZ565083 Chassis No: - 445051MTZR64106 | 28.08.2018 at 08:50 AM | Sri. Abhijit Acharjee, Fr, A/o FPU Sadar |

Therefore, in exercise of power under Indian Forest Act it is contemplated to confiscate the said vehicle for its use in commission of forest office. Therefore it is once again brought to the notice of legal owner of above mentioned seized articles to prefer his/her/there claim to the Athorized Oficer (Sub Divisional Forest Officer Sadar Sub Division, Agartala.) within 25 (twenty five) days from the date of issue of the notice alongwith legal relevant documents supporting ownership, failing which the decision regarding the confiscation of all the article seized shall be taken ex-parte.

Issued under my seal and signature of this day on 11/3/2019.

(C.K. Bardhan)
Sub Divisional Forest Officer Sadar
Sub Division, Agartala

ICA/D-108/2019-20

## ওল্ড ট্র্যাফোর্ডে চেলসির বিরুদ্ধে ম্যাচ ড্র ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের

**ম্যাঞ্চেস্টার, ২৯ এপ্রিল (হি.স.)।।** প্রিমিয়র লিগের গুরুত্বপূর্ণ ম্যাচে চেলসির বিরুদ্ধে ম্যাচ ড্র করল ম্যাঞ্চেস্টার ইউনাইটেড। খেলার শুরুতেই গোল পেয়ে ম্যাচের রাশ নিজেদের হাতেই রেখেছিল রেড ডেভিলসরা। কিন্তু হাফ টাইমের ঠিক আগে গোলকিপার ডেভিড ডি'গেয়ার ভুলে গোল হজম করতে হয় ম্যান ইউকে।

চেলসি একবার ম্যাচে সমতা ফেরানোর পর ম্যাঞ্চেস্টারকে আর সুযোগ দেয়নি। ফলে ঘরের মাঠে চেলসির সঙ্গে ১-১ গোলে ড্র করেই সন্তুষ্ট থাকতে হয় ম্যান ইউকো। পয়েন্ট ভাগ করে নিতে হওয়ায় লিগ টেবিলের প্রথম চারে থেকে চ্যাম্পিয়ন্স লিগের টিকিট আদায় করা কার্যত অসম্ভব হয়ে দাঁড়াল ইউনাইটেডের কাছে।

অন্যদিকে ইউনাইডেটের কাছ থেকে পড়ে পাওয়া এক পয়েন্টে চেলসি চ্যাম্পিয়ন্স লিগের দিকে আরও এক পা বাড়িয়ে রাখল। লিগে আর্সেনাল টানা তিন ম্যাচ হেরে বসায় তাদের টেক্কা দিয়ে প্রথম চারে নিজেদের জায়গা আপাতত ধরে রাখল দ্য ব্লুজরা।

চেলসি -**ছয়ের পাতায় দেখুন**



■ Phone : 0381- 2384984, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2018- 2019


# উদয়পুরের জামতলাতে বামফ্রন্টের উদ্যোগে ৩ ঘণ্টার গণ-অবস্থান

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ২৯ এপ্রিল ।।** পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে প্রহসনাত্মক নির্বাচন বাতিল করে পুনরায় নির্বাচনের দাবিতে সোমবার গোমতী জেলার উদয়পুরের জামতলাতে বামফ্রন্টের উদ্যোগে ৩ ঘণ্টার গণ-অবস্থান পালন করা হয়। অবিলম্বে পশ্চিম আসনে পুনর্নির্বাচন ঘোষণা করা না হলে বামফ্রন্ট আরও বৃহত্তর আন্দোলনে শামিল হবে বলে হুঁশিয়ারি দেওয়া হয়েছে।

গত ১১ এপ্রিল পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে ভোট গ্রহণ করা হয়। প্রথম দফার এই ভোটে ব্যাপক কারচুরি, রিগিং ও ছাপ্পা ভোটের অভিযোগ উঠেছে। সিপিআইএম কংগ্রেস সহ অন্যান্য দলের পক্ষ থেকে ১১ এপ্রিলের নির্বাচনকে প্রহসন বলে আখ্যায়িত করে পুনরায় ওই কেন্দ্রে ভোট গ্রহণের দাবি জানিয়েছে। নির্বাচন কমিশন বিষয়টি পরীক্ষা নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে বলে রাজনৈতিক দলগুলিকে আশ্বস্ত করেছিল। কিন্তু এখনও পর্যন্ত নির্বাচন কমিশন পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে পুনরায় ভোট গ্রহণের বিষয়ে চূড়ান্ত কোনও সিদ্ধান্ত ঘোষণা করেননি। এর ফলে বিরোধী দলগুলি নির্বাচন কমিশনের ভূমিকায় ক্ষোভে ফুঁসছে। এরই প্রতিবাদে সোমবার উদয়পুরের জামতলায় বামফ্রন্টের উদ্যোগে বিকেল ৩টা থেকে ৫টা পর্যন্ত ৩ ঘণ্টার গণ-অবস্থান পালন করা হয়। গণ-অবস্থানে বক্তব্য রাখতে গিয়ে প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক বলেন, গত ১১ই এপ্রিল পশ্চিম ত্রিপুরা আসনে মানুষ ভোটাধিকার প্রয়োগ করতে পারেননি। ভয়ভীতি প্রদর্শন করে ভোটারদের ভোট কেন্দ্রে যেতে দেওয়া হয়নি। ভয়ভীতি উপেক্ষা করে যারা ভোট কেন্দ্রে গিয়েছিলেন তাদেরকে ভোটের লাইন থেকে বের করে দেওয়া হয়েছে। এক আতঙ্কের পরিবেশ তৈরি করে নির্বাচনকে প্রহসনে পরিণত করা হয়েছে। এ রাজ্যে ভোট প্রদানের ক্ষেত্রে একটা ঐতিহ্য রয়েছে। ভোটাররা দীর্ঘ লাইনে দাঁড়িয়ে উৎসবের মেজাজে ভোট দিতেন। কিন্তু এবারের নির্বাচনে সেই দৃশ্য নজরে আসেনি। শাসক দল বিজেপি বিরোধীদের ভোট দিতে না গিয়ে ছাপ্পা ভোট ও বুথ দখল করেছে। এ ধরনের ভোট ডাকাতির ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়েছে সিপিআইএম সহ অন্যান্য রাজনৈতিক দলগুলি। এরই প্রতিবাদে এবং পুনরায় পশ্চিম আসনে ভোট গ্রহণের দাবিতে বামফ্রন্ট গণ-অবস্থানের ডাক দিয়েছে।

সিপিআইএম গোমতী জেলা সম্পাদক মাধব সাহা গণ-অবস্থানে বক্তব্য রাখতে গিয়ে বলেন, গত ১১ এপ্রিল পশ্চিম আসনে ভোটের দিন একাংশ লোকজন বুকে পদ্মচিহ্ন লাগিয়ে ভোট সন্ত্রাস চালিয়েছে। বিরোধীদের ভোট দিতে দেয়নি। তাদেরকে রাজনৈতিক অনভিজ্ঞ বলেও আখ্যায়িত করেছেন মাধববাবু। অতীতের প্রেক্ষাপট টেনে মাধব সাহা বলেন, কংগ্রেস এবং টিইউজেএস জোট সরকারের আমলে তৎকালীন কংগ্রেস নেতা সন্তোষ মোহন দেবের নেতৃত্বে রাজ্যে এ ধরনের অরাজকতার পরিস্থিতি সৃষ্টি করেছিল। কিন্তু তাদের সেই অরাজকতা বেশি দিন টিকে থাকেনি। রাজ্যের মানুষ তাদেরকে যোগ্য জবাব দিয়েছেন। কংগ্রেস টিইউজেএস জোট সরকারকে ক্ষমতাচ্যুত করে পুনরায় বামফ্রন্টকে রাজ্যের শাসন ক্ষমতায় অধিষ্ঠিত করেছেন। সেই ইতিহাস থেকে বিজেপি নেতাদের শিক্ষা নিতে পরামর্শ দিয়েছেন মাধববাবু।

অবিলম্বে পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে পুনরায় ভোট গ্রহণের সিদ্ধান্ত ঘোষণা না করলে বামফ্রন্ট রাজ্য জুড়ে আরও বৃহত্তর আন্দোলনে শামিল হবে নেতৃবৃন্দ হুঁশিয়ারি দিয়েছেন।

# মহারাজগঞ্জ বাজারটি নরক গুজরালে পরিণত, হেলদোল নেই কর্তৃপক্ষের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ এপ্রিল ঃ** রাজধানী আগরতলা শহরকে তিলোত্তমা নগরীতে পরিণত করার প্রতিশ্রুতি ও বাস্তবে আকাশ পাতাল ফারাক পরিলক্ষিত হচ্ছে। রাজধানীর অন্যতম প্রধান বাজার মহারাজগঞ্জ বাজারটি নরক গুজরালে পরিণত হয়েছে। যেখানে সেখানে আবর্জনার স্তুপ জমে রয়েছে। দিনের পর দিন জমে থাকা আবর্জনার স্তুপ থেকে পঁচা পুতিগন্ধময় দুর্গন্ধ রের হচ্ছে। নাকে রুমাল চাপা দিয়ে ক্রেতা বিক্রেতাদের যাতায়াত করতে হচ্ছে।

রাজধানী আগরতলা শহরের মহারাজগঞ্জ বাজার সহ অন্যান্য বাজারগুলির পরিষ্কার পরিচ্ছন্নতা নিয়ে জনমনে ক্ষোভ ক্রমশ বাড়ছে। এইসব বাজারের পরিচ্ছন্নতার দায়িত্বে রয়েছে আগরতলা পুর-নিগম। বাজারগুলি নিগমের অন্তর্ভুক্ত। প্রতিটি বাজার থেকেই কর আদায় করছে আগরতলা পুর নিগম। বিনিময়ে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব তাদের উপরই অর্পিত। বাজার হাট, রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্ন করার জন্য পুরনিগমের অধিনে বেশ কিছু সংখ্যক সাফাই কর্মী নিযুক্ত রয়েছে। এই সংখ্যা পর্যাপ্ত নয়। যারা নিযুক্ত রয়েছে তাদের একটি অংশ দায়িত্ব পালনে অনেক ক্ষেত্রেই অনিহা প্রকাশ করে চলেছে। স্বাভাবিক কারণেই পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়টি প্রশ্নচিহ্নে এসে দাঁড়িয়েছেন। রাজধানী আগরতলা মহারাজগঞ্জ বাজারটিও দীর্ঘদিন ধরে সমস্যায় ভুগছে। বাজার পরিষ্কার পরিচ্ছন্নতার তেমন কোন উদ্যোগ নিচ্ছে না নিগম কর্তৃপক্ষ। এর ফলে মহারাজগঞ্জ বাজারে ব্যাস্ততম এলাকায় আবর্জনার স্তুপ জমে রয়েছে। এগুলো পরিষ্কার করার জন্য ব্যবসায়ীদের পক্ষ থেকে বারবার দাবি জানানোর সত্ত্বেও প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হচ্ছেনা বলে অভিযোগ। বাজারের ব্যাবসায়ীরা জানান, এবিষয়ে এলাকার কাউন্সিলার রত্না দত্ত এবং পুর কতৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের অনুরোধ জানিয়েছেন।

মহারাজগঞ্জ বাজারটি অসামাজিক কার্যকলাপের অন্যতম স্থানে পরিণত হয়েছে। তীর-জোয়া ও রমরমা মদের আসর বসছে প্রতিনিয়ত। বাজারে একটি পুলিশ ফাড়ি থাকলেও তারা নীরব দর্শকের ভূমিকা পালন করে চলেছে।

অবিলম্বে মহারাজগঞ্জ বাজারের নরক জঞ্জাল পরিষ্কার করা না হলে সেখানে ব্যাবসা করা রীতিমতো কষ্টকর হয়ে উঠবে বলে অভিমত ব্যাক্ত করেছেন বাজারের ব্যাবসায়ীরা।



মঙ্গলবার অভিনেতা আমির খান ও স্ত্রী কিরণ রাও ভোটদান করে তাদের মতাধীকার প্রয়োগ করেন। ছবি- পিআইবি।

# ফের শাস্তির কোপে পড়লেন মুম্বই অধিনায়ক রোহিত শর্মা

কলকাতা, ২৯ এপ্রিল (হি.স.) : ইডেনে কেকেআরের কাছে হেরে মেজাজ হারিয়ে শাস্তির কোপে পড়লেন মুম্বই অধিনায়ক রোহিত শর্মা। ইডেনে রোহিতের আচরণ খেলোয়াড় সুলভ ছিল না বলে অভিযোগ তোলেন ম্যাচ অফিসিয়ালরা। যার ফলে তাঁর বিরুদ্ধে আইপিএলের আচরণবিধি ভঙ্গের দায় চাপানো হয়।অভিযোগ অস্বীকার করেননি মুম্বই অধিনায়ক। তিনি নিজের দোষ স্বীকার করে নেন। তবে তাই বলে শাস্তি এড়াতে পারেননি রোহিত। এ যাত্রায় তাঁকে জরিমানা করে ছেড়ে দেয় বোর্ড। কোড অফ কন্ডাক্ট ভাঙার জন্য রোহিতের ম্যাচ ফি'র ১৫ শতাংশ কেটে নেওয়া সিদ্ধান্ত নিয়েছে বিসিসিআই।

স্বাভাবিকভাবেই হতাশ দেখায় রোহিতকে। তিনি হতাশা লুকিয়ে রাখেননি।

আম্পায়ারের সঙ্গে দু'চার কথা বলা ছাড়াও রোহিত ব্যাট দিয়ে নন-স্ট্রাইকার প্রান্তের স্ট্যাম্প ভেঙে দেন। বিষয়টা ম্যাচ রেফারির নজর এড়ায়নি। ফলে শাস্তির মুখে পড়তে হয় মুম্বই দলনায়ককে। এর আগে মোহালিতে কিংস ইলেভেন পঞ্জাবের বিরুদ্ধে নির্ধারিত সময়ে ওভারের কোটা পূর্ণ করতে না পারায় জরিমানা হয় রোহিতের।চেন্নাই সুপার কিংস ও দিল্লি ক্যাপিটালসের পাশাপাশি তৃতীয় দল হিসাবে চলতি আইপিএলের প্লে-অফের টিকিট নিশ্চিত করতে পারত মুম্বই ইন্ডিয়ান্স।

ইডেনে কেকেআরের কাছে হেরে বসায় মুম্বইয়ের সেই আশা আপাতত পূরণ হয়নি।

প্লে-অফের টিকিটের জন্য তাদের অপেক্ষা করতে হবে আরও কয়েকটা দিন। হাতে মাত্র দু'টি ম্যাচ রয়েছে তাদের। দু'টি ম্যাচের অন্তত একটিতে জিতলে তবেই নিরাপদ জায়গায় নিজেদের নিয়ে যেতে পারবে তারা।

# মোদী-শাহের বিরুদ্ধে সর্বোচ্চ আদালতে আবেদন শিলচরের সাংসদ সুস্মিতার, মঙ্গলবার শুনানি

নয়াদিল্লি, ২৯ এপ্রিল (হি.স.) : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং বিজেপি-র জাতীয় সভাপতি অমিত শাহের বিরুদ্ধে শিলচরের সাংসদ তথা সর্বভারতীয় মহিলা কংগ্রেস সভানেত্রী সুস্মিতা দেবের আবেদনের ওপর আগামীকাল মঙ্গলবার (৩০ এপ্রিল) শুনানি গ্রহণ করবে সর্বোচ্চ আদালত। সুস্মিতার আবেদন গ্রহণ করে এর ওপর আগামীকাল খোদ প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের ডিভিশন বেঞ্চ শুনানি গ্রহণ করবে বলে জানানো হয়েছে।গত ২৩ এপ্রিল অনুষ্ঠিত সাধারণ নির্বাচনের তৃতীয় দফার ভোটগ্রহণের দিন গুজরাটে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং বিজেপি সভাপতি অমিত শাহ নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করেছেন বলে অভিযোগ তুলে সুপ্রিম কোর্টে আবেদন দাখিল করেছিলেন কংগ্রেস নেত্রী দেব। দাখিলকৃত আবেদনপত্রের ভিত্তিতে শীঘ্র ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়েছিলেন তিনি। এতে তিনি লিখেছেন, মোদী ও শাহ নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করেছেন বলে প্রামাণিক তথ্য সহকারে নির্বাচন কমিশনকে অভিযোগ জানিয়ে উভয়ের বিরুদ্ধে ব্যবস্থা নিতে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু রহস্যজনকভাবে কমিশন কোনও ব্যবস্থা নেয়নি। কেবল তাঁর আবেদনই নয়, অনুরূপ প্রায় ৪০টি অভিযোগনামা নির্বাচন কমিশনের হাতে দেওয়া হয়েছিল, অথচ কমিশন নীরবতা অবলম্বন করেছে। তাই তিনি বাধ্য হয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন।তাঁর আবেদন গ্রহণ করেছে সর্বোচ্চ আদালত। এর ওপর আগামীকাল খোদ প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের ডিভিশন বেঞ্চ শুনানি গ্রহণ করবে, জানিয়েছেন সাংসদ তথা শিলচরের কংগ্রেস প্রার্থী সুস্মিতা দেব।

# পরিত্যাক্ত ব্যাগ ঘিরে ধর্মনগর রেল স্টেশনে চাঞ্চল্য

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৯ এপ্রিল ।।** ধর্মনগর রেলস্টেশনের পাশে একটি পরিত্যক্ত ব্যাগ পরে থাকার ঘটনাকে কেন্দ্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। ঘটনাটি ঘটে ধর্মনগরের রেলস্টেশনের সামনে। ঘটনার বিবরণে জানা গেছে, ধর্মনগর রেলস্টেশনের

ছয়ের পাতায় দেখুন

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

# রোগীরা যাতে প্রয়োজনীয় সেবা থেকে বঞ্চিত না হয় চিকিৎসকদের প্রতি বাংলাদেশের রাষ্ট্রপতির আহ্বান

মনির হোসেন,ঢাকা,এপ্রিল ২৯।। অহেতুক পরীক্ষা-নিরীক্ষার নামে রোগীরা যাতে প্রয়োজনীয় সেবা থেকে বঞ্চিত না হয় সেদিকে খেয়াল রাখতে সোমবার চিকিৎসকদের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি আবদুল হামিদ। চিকিৎসকদের উদ্দেশে তিনি বলেন, মনে রাখবেন মানুষ বিভিন্ন রোগ থেকে আরোগ্য লাভের জন্য সৃষ্টিকর্তার পরই ডাক্তারদের ওপর ভরসা করে থাকেন। তাই তাদের আস্থার জায়গাটি অক্ষুন্ন রাখা আপনাদের পবিত্র দায়িত্ব। অহেতুক পরীক্ষা-নিরীক্ষার নামে রোগীরা যাতে প্রয়োজনীয় সেবা থেকে বঞ্চিত না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। রাজধানীর র্যা ডিসন ব্লু হোটেলে বাংলাদেশ কমিউনিটি অফ থ্যালমোলজিক্যাল সোসাইটির সপ্তম দ্বি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। আবদুল হামিদ বলেন,আপনারা (চিকিৎসকরা) সমাজের এমন এক পেশায় নিয়োজিত যা অত্যন্ত সম্মানিত এবং একইসাথে গুরুত্বপূর্ণ। আমি আপনাদের কাছে অনুরোধ রাখব রোগীদের প্রতি আরও বেশি আন্তরিক ও ব্রতী হোন। অনেক বিশেষজ্ঞ চিকিৎসক যে পরিমাণ চার্জ আদায় করেন তা সাধারণ মানুষের ক্ষমতার বাইরে। তাই আপনাদের চিকিৎসা ব্যয় কমানোর উদ্যোগ নিতে হবে। তিনি বলেন, আপনারা আজকে যে অবস্থানে আছেন, সেখানে পৌঁছাতে সাধারণ মানুষের অবদানও কিন্তু কম নয়। কারণ তাদের ট্যাক্সের টাকাতেই মেডিকেল কলেজের খরচ জোগানো হয়। তাই তাদের চিকিৎসা সেবা দেয়া আপনাদের নৈতিক দায়িত্ব ও কর্তব্য বলে আমি মনে করি। মেডিকেল সেক্টরের উন্নয়নের সাথে থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন,আধুনিক চিকিৎসা বিজ্ঞান চক্ষু রোগ নির্ণয় ও চিকিৎসা উভয় ক্ষেত্রে নতুন নতুন পদ্ধতি আবিষ্কার করতে সক্ষম হয়েছে। এছাড়া প্রতিনিয়ত চিকিৎসা ক্ষেত্রে নতুন নতুন প্রযুক্তি আসছে। তাই আপনাদের সব সময় সর্বশেষ প্রযুক্তি ও চিকিৎসা পদ্ধতির সাথে পরিচিত থাকতে হবে। গ্রামীণ জনগোষ্ঠীর চক্ষু চিকিৎসা প্রদানের জন্য চক্ষু ক্যাম্প পরিচালনা একটি উল্লেখযোগ্য ও জনপ্রিয় মাধ্যম উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন,কিন্তু এ ধরনের ক্যাম্পে চোখ অপারেশনের পর বেশ কিছু রোগী অন্ধত্বের শিকার হয়েছেন, যা অত্যন্ত দুঃখজনক এবং অপ্রত্যাশিত। এ ধরনের ক্যাম্প পরিচালনায় আরও সচেতন হওয়া প্রয়োজন বলে আমি মনে করি। স্বাস্থ্য অধিদপ্তরকে এ বিষয়টি গুরুত্বের সাথে মনিটর করার আহ্বান জানাচ্ছি। তিনি বলেন,চিকিৎসা মানুষের মৌলিক চাহিদার অন্যতম প্রধান একটি চাহিদা। জনগণের এ চাহিদা পূরণে সরকার সর্বাত্মক প্রয়াস চালাচ্ছে। ভৌত অবকাঠামো নির্মাণ, ডাক্তার-নার্স নিয়োগ, উন্নত যন্ত্রপাতি সংগ্রহসহ তৃণমূল পর্যায়ে থেকে শুরু করে প্রতিটি পর্যায়ে স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে সার্বিক পদক্ষেপ নেয়া হয়েছে। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে জেলা সদরের বাইরে, এমন কি ঢাকা বা বিভাগীয় শহরের বাইরে পদায়ন হলেই ডাক্তার-নার্সরা বদলির তদবির শুরু করেন। আর বদলি হতে না পারলে কোনো রকমে সময় পার করার চেষ্টা করেন।

এতে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জনগণ কাঙ্ক্ষিত চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হন। গ্রাম, ইউনিয়ন, উপজেলা নিয়েই আমাদের দেশ। আপনাদের অনেকেই গ্রাম থেকে এসেছেন। তাই গ্রামের সাধারণ মানুষের কথা ভুলে গেলে চলবে না। এ ব্যাপারে স্বাস্থ্য প্রশাসনকে কঠোর নজরদারি রাখতে হবে, যোগ করেন তিনি। চিকিৎসকদের বিভিন্ন সংগঠনের কাছ থেকে সহযোগীতা চেয়ে রাষ্ট্রপতি বলেন,যাকে যে জায়গায় পদায়ন করা হবে সে জায়গায় দায়িত্ব পালন করতে হবে এবং তা আন্তরিকতার সাথে করতে হবে। হাসপাতাল ও চিকিৎসা কেন্দ্র থেকে যতটুকু সেবা দেয়া সম্ভব তা সবটুকু দিতে হবে। চিকিৎসা নিতে আশা জনগণ যাতে অহেতুক কোনো হয়রানির শিকার না হয় তাও নিশ্চিত করতে হবে। চিকিৎসকদের বিভিন্ন সংগঠন এ লক্ষ্যে কার্যকর অবদান রাখতে পারে বলে আমি মনে করি। সচেতনতার ওপর জোর দিয়ে তিনি বলেন,বাংলাদেশের অনেক মানুষ বিশেষ করে শিশু ও বয়স্ক লোক চোখের নানাবিধ সমস্যায় জর্জরিত। জনগণের মধ্যে চোখের প্রাথমিক পরিচর্যা ও রোগ প্রতিরোধ সম্পর্কে সচেতনতা সৃষ্টি করতে পারলে নিরাময়যোগ্য চক্ষু রোগের প্রাদুর্ভাব বহুলাংশে হ্রাস করা সম্ভব।

# ঢাকায় জঙ্গি আস্তানায় র‍্যাবের অভিযানে দুজন নিহত

ঢাকা, ২৯ এপ্রিল (হি. স.) : রাজধানীর মোহাম্মদপুরের কাছে বসিলার মেট্রো হাউজিং এলাকায় এক জঙ্গি আস্তানায় র‍্যাপিড এ্যাকশন ব্যাটেলিয়নের (র‍্যাব) অভিযানে প্রাথমিকভাবে অন্তত ২ জন নিহত হয়েছে বলে ধারণা করা হচ্ছে। র‍্যাবের মহাপরিচালক বেনজীর আহমেদ এ তথ্য জানিয়ে বলেছেন, এরা নিঃসন্দেহে জঙ্গি ছিল এবং তাদের কব্জা করতে কমপক্ষে দেড়শ' রাউন্ড গুলি চালাতে হয়েছে। প্রায় পাঁচ ঘণ্টার অভিযান শেষে সোমবার সাংবাদিকদের এসব তথ্য জানান র‍্যাব মহাপরিচালক। গোপন সূত্রে খবর পেয়ে রবিবার রাত সাড়ে ৩টে থেকে জঙ্গি সন্দেহে একটি বাড়িটি ঘিরে রাখে র‍্যাব।

অভিযানকালে টিনশেড বাড়িটির ভিতরে একটি বড় ধরনের বিস্ফোরণ ঘটে।

ধারণা করা হয়েছে, সেটি আত্মঘাতী বিস্ফোরণ ছিল। র‍্যাব-এর মহাপরিচালক বলেন, অভিযানের পর বোম ডিসপোজাল ইউনিট ভেতরে ঢুকে ছিন্নভিন্ন দেহ দেখতে পান। বেনজীর আহমেদ সাংবাদিকদের বলেন, জঙ্গি আস্তানায় ক'জন নিহত হয়েছে এই মুহূর্তে তা বলা যাচ্ছে না। বাড়িটি লন্ডভন্ড অবস্থায় আছে। এখনও পুরো বাড়ি পরিষ্কার করা হয়নি। বাড়িটি পরিষ্কার করতে সময় লাগবে। এরপর নির্দিষ্ট করে নিহতের সংখ্যা বলা যাবে। তবে ঘরের মধ্যে বিচ্ছিন্ন অবস্থায় তিনটি পা দেখা গেছে। ধারণা করা হচ্ছে, সেখানে অন্তত দু'জন নিহত হয়েছে।

ফরেনসিক পরীক্ষায় বোঝা যাবে কয়জন মারা গেছেন। অভিযানের আগে বাড়ির আশেপাশের এলাকা থেকে লোকজনকে সরিয়ে নেওয়া হয়েছে। বেনজীর বলেন, 'আমাদের সদস্যরা কেয়ারটেকারকে বাড়ি থেকে বের করে এনে কথা বলেন। তখন আমাদের সদস্যদের লক্ষ্য করে গুলি করা হয়। আমরাও পাল্টা গুলি চালাই। তারা কিছু ইমপ্রোভাইসড এক্সপ্লোসিভ ডিভাইস (আইইডি) নিক্ষেপ করেছে আমাদের দিকে। শেষের দিকে তারা বাড়িটি উড়িয়ে দিয়েছে।

এদিন র্যাব মহাপরিচালক বলেন, ভ্র'রাতে আমরা গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়েছি। হলি আর্টিজানের পর থেকেই আমরা নিয়মিত অভিযান চালিয়ে আসছি। প্রতি সপ্তাহেই আমরা জঙ্গি গ্রেফতার করছি।

আমরা যত কাজই করি না কেন জঙ্গিদের থেকে দৃষ্টি ফেরাইনি। একদিন আগেও বরিশাল থেকে জঙ্গি গ্রেফতার করেছি।ভ্র' বাড়িতে অবস্থান নেওয়া জঙ্গিরা কোন সংগঠনের ছিল, এমন প্রশ্নের জবাবে বেনজীর আহমেদ বলেন, পরে বিস্তারিত জানানো হবে। এ ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য বাড়ির মালিক ও তত্ত্বাবধানকারী, কাছের একটি মসজিদের ইমাম সহ কয়েকজনকে আটক করেছে র‍্যাব।

# কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগে কমিশনকে চিঠি তৃণমূলের

কলকাতা, ২৯ এপ্রিল (হি.স) : সোমবার কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ আনল তৃণমূল। তৃণমূলের অভিযোগ কেন্দ্রীয় বাহিনী কাজ করছে বিজেপির হয়ে ঊ এদিন এই অভিযোগের ভিত্তিতে নির্বাচন কমিশনের কাছে চিঠি পাঠাল তৃণমূল ঊএদিন তৃণমূলের তরফ থেকে দেওয়া চিঠিতে লেখা হয়েছে, বিজেপি নেতাদের নির্দেশেই কাজ করছে কেন্দ্রীয় বাহিনী। এমনকি ভোটারদের বিজেপিকে ভোট দেওয়ার জন্য প্রভাবিত করছে কেন্দ্রীয় বাহিনী। এই বিষয়ে একাধিক অভিযোগ জানানো সত্ত্বেও কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। চতুর্থ দফাতেও কেন্দ্রীয় বাহিনী ভোটারদের ওপর একটা আতঙ্কের পরিবেশ তৈরির চেষ্টা করছে।এছাড়াও এই চিঠিতে উল্লেখ করা হয়েছে যে, আসানসোল, বীরভূম, বহরমপুরের ভোট চলাকালীন একাধিক বার বুথের ভিতরে প্রবেশ করেছে কেন্দ্রীয় বাহিনী। তাদের সঙ্গেই ছিল বিজেপি প্রার্থী বাবুল সুপ্রিয় ঊ তারা বুথের মধ্যে প্রবেশ করে এদিন প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারকে হুমকি দেন। এদিন এই বুথ গুলির নম্বরও উল্লেখ করা হয় চিঠিতে ঊ সেগুলি হলো, শান্তিনিকেতনের ১৪১ নম্বর বুথ ও আসানসোলের কাশীডাঙার ১৯৯ নম্বর বুথ ঊ এদিন এই বুথ গুলোয় ব্যবস্থা নিয়ে, নির্বাচন কমিশনের কাছে সুষ্ঠু ও নিরপেক্ষ ভোট করার আর্জি জানানো হয় তৃণমূলের এই চিঠিতে ।

# স্টার জলসা দেখতে না দেওয়ায় আত্মহত্যা

ঢাকা, ২৯ এপ্রিল (হি. স.) : সিরাজগঞ্জের উল্লাপাড়ায় ভারতীয় টিভি চ্যানেল স্টার জলসায় সিরিয়াল নাটক দেখতে না দেওয়ায় অভিমান করে আত্মহত্যা করেছে এক কিশোরী। রবিবার রাতে উল্লাপাড়া উপজেলার পঞ্চক্রোশী ইউনিয়নের ভদ্রকোল গ্রামে এই ঘটনা ঘটে। নিহত কিশোরীর নাম একা, বয়স ১৪ বছর। সে ভদ্রকোল গ্রামের এশরাফুল সরকারের মেয়ে। পঞ্চক্রোশী ইউনিয়ন আলী আহমেদ উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণিতে পড়ত একা।

নিহতের পরিবার সূত্রে জানা গেছে, রাতে লেখাপড়া বাদ দিয়ে স্টার জলসায় সিরিয়াল দেখছিল একা। এ সময় বাবা তাকে বকাঝকা করেন। এতে অভিমান করে ঘরে রাখা রঙ মেশানো রাসায়নিক দ্রব্য খেয়ে গুরুতর অসুস্থ হয়ে পড়ে একা। পরে তাকে উদ্ধার করে উল্লাপাড়া হাসপাতালে ভর্তি করা হয়।

ছয়ের পাতায় দেখুন

# তৃণমূলের ৪০ বিধায়ক বিজেপির সঙ্গে সম্পর্ক রেখে চলেছে নরেন্দ্র মোদী

শ্রীরামপুর, ২৯ এপ্রিল (হি.স.) : তৃণমূল কংগ্রেসের ৪০ জন বিধায়ক বিজেপির সঙ্গে সম্পর্ক রেখে চলেছে। সোমবার হুগলী জেলার শ্রীরামপুরের নির্বাচনী জনসভায় এমনই দাবি করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে কটাক্ষ করে প্রধানমন্ত্রী বলেন, ৪০ জন তৃণমূল কংগ্রেসের বিজেপির সঙ্গে সম্পর্ক রেখে চলেছে। সাধারণ নির্বাচন বিজেপি জিতলে এই সকল বিধায়ক বিজেপিতে যোগ দেবে। মমতা বন্দ্যোপাধ্যায় নিজের রাজনৈতিক জমি হারিয়েছেন। পরাজয় যে নিশ্চিত তা বুঝতে পেরেছেন মুখ্যমন্ত্রী। হাতে গোণা কয়েক জন সাংসদ নিয়ে দিদি দিল্লিতে পৌঁছতে পারবে না। দিল্লি অনেক দূরে। দিল্লি শুধুমাত্র উপলক্ষ্য। নিজের ভাইপোকে রাজনৈতিক ভাবে প্রতিষ্ঠিত করার জন্যই উঠেপড়ে লেগেছেন দিদি। পাশাপাশি পশ্চিমবঙ্গের তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে রিগিং ও নির্বাচনের সময়ে সন্ত্রাস চালানোরও অভিযোগ তুলেছেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, তৃণমূলের গুণ্ডারা জনগণকে ভোট

ছয়ের পাতায় দেখুন

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।